আজকাল

রেজিনগরে ভোট-প্রচারে আজ শুভেন্দু

শুভমানের দ্বিশত, রোহিতের শতরানে সিরিজ জয় ভারতের

www.aajkaal.in কলকাতা ১৩ আশ্বিন ১৪৩৩ বৃহস্পতিবার ১ অক্টোবর ২০২৬ শহর সংস্করণ* ৫.০০ টাকা ১২ পাতা পশ্চিমবঙ্গের বাইরে অতিরিক্ত বিমান মাশুল ১ টাকা



বিদ্যাসাগরের পিতা ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় এবং মাতা ভগবতীদেবীর মূর্তিতে শ্রদ্ধা জানাচ্ছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বীরসিংহ গ্রামে, বুধবার। ছবি: আজকাল

ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ শুরু পুজোর পরই: মুখ্যমন্ত্রী

বুদ্ধদেব দাস

ঘাটাল, ৩০ সেপ্টেম্বর

ঘাটাল মাস্টারপ্ল্যানের জন্য খরচ হবে ১২০০ কোটি টাকা। জমি অধিগ্রহণ–সহ অন্যান্য কাজ পুজোর পর জোরকদমে শুরু হবে। আগামী জুন মাসের মধ্যে মূল কাজ অনেকটাই এগিয়ে যাবে। বুধবার ঘাটালে এসে একথা ঘোষণা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিন বীরসিংহ গ্রামে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মভিটায় এক সরকারি অনুষ্ঠানে যোগ দিতে আসেন তিনি। হেলিকপ্টারে ঘাটালের বন্যা পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। পরে অনুষ্ঠানে বক্তব্য পেশ করতে গিয়ে আগের সরকারকে কটাক্ষ করে মুখ্যমন্ত্রী বলেন, 'ঘাটাল মাস্টার প্ল্যান ভাষণে ছিল। বন্যাপ্রবণ মানুষের জন্য ছিল না।' এর পর তিনি বলেন, 'ফি বছর হওয়া বন্যার প্রকোপ থেকে মানুষকে মুক্তি দিতে বদ্ধপরিকর এই সরকার। ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য কেন্দ্র ও রাজ্য সরকার ৫০ শতাংশ করে অর্থ বরাদ্দ করেছে। আগের সরকার ৫০০ কোটি টাকা বরাদ্দ করেছিল। কোনও কাজ শুরু হয়নি। বিজেপি সরকার আরও ৭০০ কোটি টাকা বরাদ্দ করল। এ নিয়ে মোট বরাদ্দের পরিমাণ দাঁড়াল ১২০০ কোটি টাকা। বিপর্যয় মোকাবিলা, দপ্তর আরও কিছু বরাদ্দ করবে।'

খরচ ১,২০০ কোটি

মুখ্যমন্ত্রী বলেন, 'হেলিকপ্টারে আসার সময় আকাশপথে ঘাটালের জলমগ্ন অজবনগর, সুলতানগঞ্জ–সহ কয়েকটি বন্যাপ্রবণ এলাকা দেখেছি। ঘাটালের বিধায়ক শীতল কপাট, দাসপুরের বিধায়ক তপন ভুঁইয়ার সঙ্গে কথা বলেছি। তাঁদের বিশেষ ভাবে দায়িত্ব দেওয়া হয়েছে।'

● এরপর ৩ পাতায়

যুবভারতীতে বেলজিয়ামের ফ্লাডলাইট

আজকালের প্রতিবেদন

তখন সবে সন্ধ্যা নেমেছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে পা রাখতেই চোখ ধাঁধিয়ে যাওয়ার উপক্রম। মূল মাঠের ফ্লাডলাইটের আলোর জোর এতটাই যে, স্টেডিয়ামের বাইরেও দৃশ্যমানতায় কোনও সমস্যা হচ্ছে না। সাতটা নাগাদ জ্বলে উঠল যুবভারতীর ট্রেনিং গ্রাউন্ড ২–র ফ্লাডলাইট। জানা গেল, কিছুক্ষণের মধ্যেই অনুশীলনে আসছেন উরুগুয়ের কয়েকজন ফুটবলার এবং সাপোর্ট স্টাফ। অতীতে এই মাঠে মোহনবাগান, ইস্টবেঙ্গল সন্ধ্যায় আলো–আঁধারি পরিবেশে অনুশীলন করতে বাধ্য হয়েছে। নিয়মিতভাবে দৃশ্যমানতা নিয়ে সমস্যার অভিযোগ উঠত। যুবভারতীর সেই ট্রেনিং গ্রাউন্ডও এখন আলোক উদ্ভাসিত।

এবার আসা যাক ভিআইপি গেটের দিকে। স্বামী বিবেকানন্দের স্ট্যাচুর সামনে তৈরি হয়েছে দুটি পেল্লাই অস্থায়ী টাওয়ার। সেখানে ম্যাচের দিন বন্দুক কাঁধে নিরাপত্তারক্ষীরা থাকবেন। তার সামনে গোটা রাস্তা আলোয় যেন চকচক করছে। আগে রাস্তার ধারের ল্যাম্পপোস্টে একটিই আলো থাকত। এখন প্রতিটি পোস্টে আরও দুটি আলো লাগিয়ে ত্রিফলা তৈরি হয়েছে।

শুধু মাঠ বা গ্যালারি নয়, আসন্ন দুটি আন্তর্জাতিক প্রীতি ম্যাচের আগে যেসব পরিকাঠামোর উন্নতিতে বিশেষ জোর দেওয়া হয়েছে, তার মধ্যে অন্যতম আলো। যুবভারতীতে কর্মরত একজন জানান, রক্ষণাবেক্ষণের অভাবে স্টেডিয়ামে পর্যাপ্ত আলোর অভাব দেখা দিয়েছিল। যে আলোর প্রয়োজন ছিল, তা ভারতে তো বটেই, আশেপাশের কোনও দেশেও পাওয়া যাচ্ছিল না। তাই, বেলজিয়াম থেকে ফ্লাডলাইটের আলোর আমদানি হয়েছে। ট্রেনিং গ্রাউন্ডের সব আলো পাল্টে ফেলা হলেও সময়ের অভাবে স্টেডিয়ামের ৪০ শতাংশের বেশি পাল্টানো যায়নি।

ব্রাজিলের বিরুদ্ধে ভয়ডরহীন খেলুক

সুনীল ছেত্রি

দিনকয়েক আগে কান্তিরাভা স্টেডিয়ামে ভারত–পানামা ম্যাচ দেখার সময় একটা অদ্ভুত অনুভূতি হচ্ছিল। এই মাঠে বেঙ্গালুরু এফসি এবং ভারতের জার্সিতে খেলার অনেক স্মৃতি রয়েছে আমার। তাই সেখানকার গ্যালারিতে প্রথমবার দর্শক হয়ে বসে জাতীয় দলের ম্যাচ দেখাটা একটা অন্যরকম আবেগ আর অভিজ্ঞতা ছিল আমার কাছে।

শনিবার যুবভারতীতে বসেও ব্রাজিল–ভারত ম্যাচ দেখার ইচ্ছে আছে। তার আগে শুক্রবার কলকাতায় ব্রাজিল, উরুগুয়ে আর ভারতীয় দলের সম্মানে স্টেট ডিনারের যে অনুষ্ঠান আছে, এআইএফএফের আমন্ত্রণে তাতেও খুব সম্ভবত উপস্থিত থাকব। যদিও পরদিন ম্যাচে থাকব কি না, তার চান্স এখনও ৫০–৫০। বেঙ্গালুরুতে গুরুত্বপূর্ণ পারিবারিক কাজ আছে।

তবে একজন ভারতীয় ফুটবলার হিসাবে এখনকার জাতীয় দলের ছেলেদের জন্য আমার গর্ব হচ্ছে। একইসঙ্গে সত্যি বলতে কী, গুরপ্রীত, আনোয়ার, মনবীর, এডমান্ডদের ওপর ঈর্ষাও হচ্ছে। আমার ২৫ বছরের পেশাদার ফুটবল জীবনে ব্রাজিলের বিরুদ্ধে খেলার এমন সুযোগ পাইনি। তবে আনোয়ারদের বলব, ভুল বুঝিস না ভাই। আসলে তোদের জন্য অনেক বেশি আনন্দ আর গর্ববোধ করছি আমি। এজন্যই যে, ওরা ব্রাজিল–উরুগুয়ের মতো ঐতিহ্যশালী বিশ্বসেরা দলগুলোর মুখোমুখি হতে পারছে।

ব্রাজিল ফিফা র‍্যাঙ্কিংয়ে ৬–এ। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে এত উঁচুতে থাকা দেশের বিরুদ্ধে আমরা এর আগে কখনও খেলিনি। উরুগুয়েও র‍্যাঙ্কিংয়ে প্রথম ২০ দেশের মধ্যে। একটা দেশ পাঁচবার বিশ্বকাপ জিতেছে। অন্য দেশটা দু'বার। এমন দুই প্রতিপক্ষ, যাদের ঝুলিতে সাতটা বিশ্বকাপ, তাদের সঙ্গে ভারতীয় ফুটবলাররা দু'দিনের ব্যবধানে পরপর খেলতে চলেছে, ভাবলেই শিহরণ লাগছে।

তার আগে আমাদের চেয়ে প্রায় একশো ধাপ ওপরে থাকা পানামার বিরুদ্ধে ভারতীয় দলের পারফরমেন্সে আমি অভিভূত। এরকমই ভয়ডরহীন ভাবে ব্রাজিলের বিরুদ্ধেও আপুইয়া, জয়দের খেলা দরকার। টেনশন না করে এত বড় ম্যাচ খেলাটা উপভোগ করুক আমাদের ছেলেরা। এরকম ম্যাচ খেলার সুযোগ আমাদের মতো ফিফা র‍্যাঙ্কিংয়ে নীচের দিকের দেশের কাছে খুব কমই আসে। তাই ভয় না পেয়ে ম্যাচটা উপভোগ করলে ভাল খেলতে পারবে ভারত। বিশ্বের সর্বোচ্চ স্তরে খেলতে গেলে ঠিক কতটা দক্ষতার প্রয়োজন, এই ব্রাজিল, উরুগুয়ের সঙ্গে খেলেই ভারতীয় দল বুঝতে পারবে।

কোচ স্যারের (সুব্রত ভট্টাচার্য) কাছে অনেকবার শুনেছি, সাতাত্তরে কলকাতায় খেলতে আসা পেলের কসমসকে ২–২ গোলে আটকে দিয়েছিলেন ইডেনে, মোহনবাগানের হয়ে খেলে। শুনেছি সেই ম্যাচকে ঘিরে কলকাতা কীভাবে উত্তাল হয়ে উঠেছিল। আশা করব, পেলের দেশের বিরুদ্ধেও আমাদের জাতীয় দল সেরকমই অসাধ্যসাধন কিছু করে দেখাবে। চাইব শুধু কলকাতা নয়, গোটা ভারতই আরও একবার গর্ব করবে আমাদের জাতীয় ফুটবল দলকে নিয়ে।

কলকাতায় আসছেন না রাফিনহা

আজকালের প্রতিবেদন

বড় কোনও আঘাত নেই। ডাক্তারি পরীক্ষাতেও গুরুতর চোট ধরা পড়েনি। তবু কলকাতাগামী ব্রাজিল দল থেকে বাদ পড়লেন রাফিনহা। অস্ট্রেলিয়া থেকে তাঁকে চিকিৎসার জন্য বার্সিলোনায় ফিরে যাওয়ার অনুমতি দিয়েছে কনফেডারেশন অফ ব্রাজিল ফুটবল। ফলে রাফিনহা–দর্শন থেকে বঞ্চিত থাকল যুবভারতী।

ঘটনার সূত্রপাত ব্রাজিল বনাম অস্ট্রেলিয়ার দ্বিতীয় প্রীতি ম্যাচে। খেলার দ্বিতীয়ার্ধের শুরুতেই ডান পায়ে চোট পেয়ে মাঠ ছাড়েন রাফিনহা। তখনই রাফিনহার কলকাতা আগমন নিয়ে আশঙ্কা তৈরি হয়। অবশেষে বুধবার সকালে খারাপ খবর চলে আসে কলকাতা ফুটবল মহলে। জানা যায়, ব্রাজিলের কোচ কার্লো আনসেলোত্তি তাঁকে জাতীয় শিবির থেকে ছুটি দিয়ে দিয়েছেন। ব্রাজিল দল সূত্রে খবর, চোটের পরীক্ষায় বড় আঘাত ধরা না পড়লেও রাফিনহার পায়ে চোটের জায়গায় ফোলা রয়েছে। তাই কোনওরকম ঝুঁকি না নিয়ে তাঁকে ফিরে যেতে বলা হয়েছে। যদিও রাফিনহার বদলি হিসেবে কাউকে ডাকা হবে না বলেই খবর।

সংখ্যালঘুদের পিছিয়ে পড়ার জন্য দায়ী তৃণমূলই: শমীক

প্রদীপ দে
বহরমপুর, ৩০ সেপ্টেম্বর

সংখ্যালঘুরা আর্থিক ও সামাজিক ভাবে যে পিছিয়ে, তার জন্য দায়ী আগের তৃণমূল সরকার। বুধবার রেজিনগরে প্রচারে এসে এমন অভিযোগ করলেন বিজেপির রাজ্য সভাপতি, সাংসদ শমীক ভট্টাচার্য। একই সঙ্গে শমীক এও বলেছেন, ‘মুসলিমরা বিজেপিকে ভোট দেবেন না, আমি মানি না। রেজিনগরে আমরা ওদের ভোট পাব।’ বুধবার বিকেলে বিজেপি প্রার্থী শাখারভ সরকারকে সঙ্গে নিয়ে বেগুনবাড়ি এলাকায় প্রথমে হুডখোলা গাড়িতে রোড শো করেন শমীক। তারপরে করেন নির্বাচনী সভা। সভায় ছিলেন দুই মন্ত্রী গৌরীশঙ্কর ঘোষ ও গার্গী দাস।

শমীক সভায় বলেন, ‘রাজ্যের মুসলিমরা কেমন আছেন? মুর্শিদাবাদের মুসলিমরা কেমন আছেন? ১৭ শতাংশ মুসলিম শহরে বাস করেন। বাকিরা গ্রামের বাসিন্দা। ৮০ শতাংশ মুসলিমদের আয় মাসে ৫ হাজার টাকা। এই অবস্থার জন্য দায়ী কারা? এর আগে মুসলিমদের জন্য যারা চোখের জলে ভাসিয়ে দিত, তাদের প্রশ্ন করুন, কেন এমন অবস্থা করেছেন? রাম মন্দির, বাবরি মসজিদ নিয়ে জলঘোলা হচ্ছে। আমাদের কিছু মানুষজনও জয় শ্রীরাম বলে স্লোগান দিচ্ছে। শুধু স্লোগান দিলে হবে না। ওদের চোখের জলও মোছাতে হবে। এই রেজিনগরে ৩০ হাজার ভোটার গায়েব। ভিন্‌রাজ্যে কাজ করছেন। নিজদেশে পরবাসী। কেন রেজিনগরের মানুষ পরিযায়ী শ্রমিক হচ্ছেন। কেন তারা ঘরছাড়া। বিজেপিকে বলা হচ্ছে মুসলিম বিরোধী। বলুন তো, বিজেপির সরকার হওয়ার পর রাজ্যে কোন দাঙ্গা হয়েছে? কোন মসজিদ ভাঙা হয়েছে? কোন মুসলমানের বাড়িঘর ভাঙা হয়েছে? কোথাও কিচ্ছু হয়নি। আগামী ২০ বছর রাজ্যের সরকার বদল হবে না। আমাদের সঙ্গেই ঘর করতে হবে। তাহলে ঝগড়া করে কী লাভ।’

সরকারের প্রকল্প মুসলিমরা পাচ্ছেন বলে শমীক বলেন, ‘অন্নপূর্ণা যোজনায় মুসলিম ঘরের মা-বোনেরা টাকা পাচ্ছেন। বিধবা ভাতাও পাচ্ছেন। মোদিজি তাঁর প্রকল্পে কাউকে বাদ দেন না। রেজিনগরে কেউ (হুমায়ুন) বাঁশি বাজিয়ে চলে যাচ্ছেন। মুসলিমদের নিয়ে নানা কথা বললেও দেখে না।’

রেজিনগরের বিজেপি প্রার্থী শাখারভ সরকারকে সঙ্গে নিয়ে রোড শো রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের। রেজিনগরের বেগুনবাড়িতে, বুধবার। ছবি: চয়ন মজুমদার

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে দেখা করলেন অম্বুজা–নেওটিয়া গ্রুপের চেয়ারম্যান হর্ষবর্ধন নেওটিয়া। নবান্নে, বুধবার।

গবাদি পশু, পাখি পাচার বরদাস্ত করব না: মুখ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

নতুন সরকারের আমলে পশ্চিমবঙ্গে গবাদি পশু–সহ কোনও পশুপাখির পাচার বরদাস্ত করা হবে না। রাজ্য জুড়ে গরু এবং গবাদি পশু পাচারের বিরুদ্ধে সম্পূর্ণ ‘জিরো টলারেন্স’ নীতি নেওয়া হয়েছে। সমাজমাধ্যমে স্পষ্ট বার্তা দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম থানার অন্তর্গত বারোবিশা পুলিশ ফাঁড়ি মোষ পাচার রুখেছে। তাদের এই সাফল্যের কথা বুধবার মুখ্যমন্ত্রী এক্স হ্যান্ডলে জানান। রাইডাক সেতু নাকার কাছে একটি কন্টেনার ট্রাক আটক করে পুলিশ। ধৃত চালক সগির আহমেদ (৩২) ও সহকারী আব্দুল কাদির (১৯)। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ৫০টি মোষ উদ্ধার করা হয়েছে। ট্রাক চালক পশু পরিবহণের জন্য কোনও বৈধ অনুমতিপত্র বা কাগজপত্র দেখাতে পারেনি। তাই অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। উপযুক্ত আইনি ধারায় মামলা দায়ের হয়েছে। পাশাপাশি আলিপুরদুয়ার পুলিশ জেলাকে সতর্ক থাকার জন্য, দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য সাধুবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

অনুব্রতকে হেনস্থা, কার্যালয় ভাঙচুর

অনুপম বন্দ্যোপাধ্যায়
সিউড়ি, ৩০ সেপ্টেম্বর

সিউড়ির তৃণমূল কংগ্রেস ভবনে হেনস্থার মুখে পড়লেন প্রাক্তন জেলা তৃণমূল সভাপতি অনুব্রত মণ্ডল। বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের প্রায় পাঁচ মাস পর প্রথমবার মঙ্গলবার সন্ধ্যায় অনুব্রত সিউড়ির তৃণমূল কার্যালয়ে আসেন। দলীয় কার্যালয়ের দোতলায় তাঁর নির্দিষ্ট রুমে চেয়ারে বসতেই একদল যুবক হাতে কাঠ নিয়ে রীতিমতো মারমুখী অবস্থায় অনুব্রতর সামনে ক্ষোভ জানাতে শুরু করে। কাঠ দিয়ে অনুব্রতর সামনের টেবিলের কাচ ভেঙে দেয়। এ ব্যাপারে বিরোধী দলনেতা ঋতব্রত ব্যানার্জি বলেন, ‘বিজেপি–আশ্রিত দুষ্কৃতীরা যে ভাবে পার্টি অফিসে ঢুকে হামলা করেছে, অনুব্রত মণ্ডলকে হেনস্থা করেছে তার জন্য কোনও নিন্দার ভাষাই যথেষ্ট নয়।’ তৃণমূল বিধায়ক কুণাল ঘোষ বলেন, ‘যা ঘটেছে উদ্বেগের। জঙ্গলরাজ চলছে। কিন্তু এটা কী হচ্ছে।’ বিজেপির প্রধান মুখপাত্র দেবজিৎ সরকার বলেন, ‘অনুব্রতবাবু বীরভূমের বেতাজ বাদশা ছিলেন। তাঁর ঘরে, তিনি বসে আছেন চেয়ারে। আর তাঁর সামনে চারটে বাচ্চা ছেলে গিয়ে শুধু চেয়ার ভাঙছে। তাঁকে কিছু করছে না। এই সব বাজে নাটক বাচ্চারাও বোঝে।’ বীরভূম জেলা পুলিশ সুপার বিদিত রাজ বুন্দেশ জানিয়েছেন, তিন জনকে আটক করা হয়েছে।

রাজ্যে সিএসআর–এ হতে পারে প্রায় ৩০০ কোটি বিনিয়োগ

রাজ্যের উন্নয়নে রাষ্ট্রায়ত্ত সংস্থা এবং কর্পোরেট সংস্থাগুলির আরও বেশি সহযোগিতা চেয়ে বৈঠক করলেন অর্থমন্ত্রী ড. স্বপন দাশগুপ্ত। ওই বৈঠকে সিএসআর–এ প্রায় ৩০০ কোটি বিনিয়োগে আশ্বাস পাওয়া গেছে বলে প্রশাসন সূত্রে খবর। বুধবার কলকাতায় একটি পাঁচ তারা হোটেলে এই বৈঠক হয়। রাজ্যের শিল্প সংস্থা ও রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে নিয়ে ‘ওয়েস্ট বেঙ্গল সিএসআর রাউন্ড টেবিল ২০২৬’–এর আয়োজন করেছিল অর্থদপ্তর। এদিনের বৈঠকে টিসিএস, মার্লিন, লারসেন অ্যান্ড টুব্রো, জেনপ্যাক, জিও–সহ রাজ্যের প্রথম সারির শিল্পসংস্থার প্রতিনিধি এবং কোলইন্ডিয়া, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, এইচডিএফসি– সহ সব সরকারি–বেসরকারি ব্যাঙ্ক কর্তৃপক্ষ ছিলেন। রাজ্যের বক্তব্য, সিএসআর–এ বিনিয়োগের ক্ষেত্রে যেন ভারসাম্য বজায় থাকে। কোনও ক্ষেত্রে বেশি বিনিয়োগ, কোনও ক্ষেত্রে কম, এমন যেন না হয়। উন্নয়নের সুফল যেন প্রত্যন্ত অঞ্চলেও পৌঁছোয়। প্রশাসনের দেওয়া তথ্য অনুযায়ী ২০২৪–’২৫ অর্থবছরে এ রাজ্যে সিএসআর খাতে ১ হাজার ৭৫ কোটি ৩৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। মুখ্যসচিবের নেতৃত্বে ‘সিএসআর কাউন্সিল’ও রয়েছে। এই কাউন্সিলকে আরও সক্রিয় করতে চায় সরকার। তাই এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে খবর।

প্রচারে নামলেন নন্দীগ্রামের কং প্রার্থী

ভোট প্রচারে নামলেন নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের কংগ্রেস প্রার্থী মিলন প্রধান। মঙ্গলবার তাঁর অন্তর্বর্তী জামিন মঞ্জুর করেছিল কলকাতা হাইকোর্ট। বুধবার হলদিয়া উপ সংশোধনাগার থেকে বেরিয়ে হুড খোলা গাড়িতে চেপে চণ্ডীপুর হয়ে সোনাচূড়া পৌঁছোন কংগ্রেস প্রার্থী। যাত্রাপথের দু’ধারে দলের কর্মী–সমর্থকরা ফুল ও মালা দিয়ে মিলন প্রধানকে সংবর্ধনা জানান। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার–সহ অন্যান্য নেতৃত্ব উপস্থিত ছিলেন। জেল থেকে বেরিয়ে কংগ্রেস প্রার্থী বলেন, ‘আমায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ভাবে গ্রেপ্তার করা হয়েছিল।’ এদিকে, নন্দীগ্রাম বিধানসভা উপনির্বাচনের আগে কংগ্রেস প্রার্থী মিলন প্রধানের অন্তর্বর্তী জামিনের নির্দেশকে চ্যালেঞ্জ করল রাজ্য। বুধবার প্রধান বিচারপতি সূর্য কান্তের বেঞ্চে জরুরি ভিত্তিতে শুনানির আর্জি জানান সলিসিটর জেনারেল তুষার মেহতা। যদিও আদালত জানিয়েছে, মামলাটি ৫ অক্টোবর, সোমবার শোনা হবে।

ইডি দপ্তরে ইন্দ্রনীল

প্রাক্তন মন্ত্রী ইন্দ্রনীল সেন বুধবার সল্টলেকে ইডি দপ্তরে হাজিরা দিলেন। সকাল ১১টা নাগাদ তিনি যান। ইডি আধিকারিকরা তাঁর সঙ্গে দীর্ঘক্ষণ কথা বলেন। অভিযোগ, বাংলার দুর্গাপুজো ইউনেস্কোর ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ তকমা পাওয়ার পর ইন্দ্রনীল ও তাঁর স্ত্রী মধুছন্দা মাস আর্ট নামে একটি সংস্থা তৈরি করেন। এবং দুর্গাপুজোর নির্বাচিত মণ্ডপগুলির প্রিভিউ দেখার জন্য টাকার বিনিময়ে পাস দেন। অভিযোগ, প্রায় কয়েক কোটি টাকা তোলা হয়েছিল। বিষয়টি নিয়ে থানায় অভিযোগ হয়। মঙ্গলবারই ইন্দ্রনীলের বাড়ি, অফিস ও আত্মীয়দের বাড়ি–সহ ১৫টি ঠিকানায় ইডি তল্লাশি চালায় এবং তাঁকে ডেকে পাঠানো হয়। যদিও ইন্দ্রনীল গোটা বিষয়টি ভিত্তিহীন বলে দাবি করেছেন। এদিন ইডি জেরার পর তিনি বাড়ি ফিরে যান।

কুণালের ওপর হামলা, নিন্দা নয়নার

তৃণমূল বিধায়ক কুণাল ঘোষের ওপর হামলার তীব্র নিন্দা করলেন নয়না ব্যানার্জি। বুধবার কুণাল ঘোষকে পাশে নিয়ে সাংবাদিক বৈঠক করেন বিধায়ক নয়না। তিনি বলেন, বিজেপির তরফে কুণালের ওপর হামলায় সুদীপ ব্যানার্জির হাত আছে বলে যে অভিযোগ তোলা হচ্ছে তা মিথ্যা। সফ্‌ট টার্গেট হচ্ছে সুদীপ। তার নামে ঠেলে দাও। যা হচ্ছে, তার নামে ঠেলে দাও। আমার নামও এসেছে। দু’জন বলেছেন। কারা জানি না। একজনকে আমি চিনি না। তিনি বেলেঘাটার নেতাগোছের কেউ হবেন। কুণালদা আমাকে কী বললেন, না বললেন, সেটা আমাদের ব্যাপার। নিজেদের মধ্যে বুঝে নেব। আমাদের ভয় দেখাচ্ছে যে, বাড়ি থেকে বেরোলে হাতুড়ি দিয়ে মারব? মার হাতুড়ি দিয়ে। আমরা বেরোব। যারা মদত দিচ্ছে, তারাই বাঁচার জন্য তৃণমূল–তৃণমূলের লড়াই বলছে।’ কুণাল ঘোষ বলেন, ‘বেলেঘাটা থানা এখনও পর্যন্ত আমার বয়ান রেকর্ড করেনি। এত বড় হামলা হয়েছে কলকাতা শহরে। দোষীদের ধরছে না। কে করিয়েছে, কেন করিয়েছে, তার মধ্যে ঢুকছিই না। পুলিশের নিষ্ক্রিয়তা, ক্ষমতাসীন দলের মদত না থাকলে এই ধরনের ঘটনা ঘটানো যায় না।’

স্কুলের বইয়ে প্রথমে থাকবেন শ্যামাপ্রসাদ

দশম শ্রেণি পর্যন্ত পাঠ্য বইয়ের শুরুতে থাকবেন শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের কথা। বুধবার সাংবাদিকদের একথা জানালেন সিলেবাস কমিটির চেয়ারম্যান দেবাশিস চট্টোপাধ্যায়। তিনি বলেন, ‘প্রতিটি ক্লাসের বইয়ের শুরুতেই শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় সম্পর্কে লেখা থাকবে। ছাত্রছাত্রীদের যেন ওঁর সম্পর্কে পরিষ্কার ধারণা থাকে।’ তিনি আরও জানান, সিলেবাস বদল নয় সংশোধন করা হবে। জানুয়ারি মাসের ২ তারিখে দশম শ্রেণি পর্যন্ত সংশোধিত পাঠ্যবই সমস্ত স্কুলে পৌঁছে যাবে। অষ্টম শ্রেণির বইতে এতদিন সিঙ্গুর আন্দোলনের কথা থাকলেও এখন আর রাখা হবে না। এছাড়া আগের সরকারের কন্যাশ্রী প্রকল্পের কথাও বই থেকে বাদ দেওয়া হবে। রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা ‘আফ্রিকা’ কবিতা সরিয়ে দিয়ে তাঁরই লেখা ‘শিবাজী উৎসব’ কবিতাটি রাখা হবে। সিরাজদ্দৌলা নাটক রাখা হবে না বইতে। তার পরিবর্তে অন্য নাটক থাকবে। এছাড়া মুঘল সাম্রাজ্যের ইতিহাস ছাত্রছাত্রীদের যতটুকু জানা দরকার ততটুকুই থাকবে বলেও জানান দেবাশিস চট্টোপাধ্যায়। আম্মা, পানি–র মতো বেশ কিছু শব্দ আর স্কুলের পাঠ্যবইতে থাকবে না। তার পরিবর্তে মা, জল এমন শব্দ থাকবে। উল্লেখ্য, নতুন সিলেবাস কমিটি তৈরি হওয়ার পরে প্রথম বৈঠক হয় সল্টলেকের বিদ্যাসাগর ভবনে। বৈঠক শেষে স্কুলশিক্ষা মন্ত্রী দীপক বর্মন জানিয়েছিলেন, এখন যে পাঠ্যবইগুলি আছে সেগুলি পরিবর্তন না করে ২০২৭ সালের নতুন শিক্ষাবর্ষেও বহাল থাকবে। তবে পাঠ্যবই সংশোধন করা হবে।

স্কুল থেকে সরানো হল হো চি মিন, চে গুয়েভারা, কার্ল মার্কসের ছবি

স্কুলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, বিজ্ঞানী এপিজে আবদুল কালাম ও দেশবরেণ্য মানুষের ছবি কেন যথাযথ ভাবে রাখা হয়নি, তা নিয়ে প্রতিবাদ জানাল অখিল ভারতীয় রাষ্ট্রীয় শিক্ষক মহাসঙ্ঘ (এবিআরএসএম)। বুধবার, লেক ভিউ স্কুলের কিছু অভিভাবক বিষয়টি নিয়ে সংগঠনের নেতৃত্বকে জানান। এরপর তাঁরা স্কুলে এসে দেখেন, নেতাজির ছবি রাখা হয়েছে ভারপ্রাপ্ত প্রধানশিক্ষক সুদীপ্ত দে–র টেবিলে আর স্কুলের দেওয়ালে টাঙিয়ে রাখা হয়েছে কার্ল মার্কস, হো চি মিন, চে গুয়েভারা, উগো শাভেজ–সহ বিদেশের নেতাদের ছবি। এরপর সংগঠনের কলকাতা জেলা সভাপতি প্রদীপ পাল প্রধানশিক্ষকের সঙ্গে কথা বলেন। প্রধান শিক্ষক তাঁদের জানান, তিনি সম্প্রতি দায়িত্ব গ্রহণ করেছেন। ২০ বছর ধরে এভাবেই সমস্ত ছবি রাখা আছে। এরপর স্কুল কর্তৃপক্ষ বিদেশি নেতাদের ছবি সরিয়ে নেন।

শতরূপের গাড়িতে ধাক্কা

বাঁকুড়ার সোনামুখী যাওয়ার পথে আচমকাই দুর্ঘটনার কবলে সিপিএম নেতা শতরূপ ঘোষের গাড়ি। বুধবার দুপুরে ডানকুনি টোল প্লাজা পার করার পর একটি ১৪ চাকার লরি সিপিএম নেতার গাড়ির বাঁদিকে ধাক্কা মারে।

বিহার থেকে বায়ুসেনার বিমানে চেপে বক্সায় এল বাঘিনি

অম্লানজ্যোতি ঘোষ
আলিপুরদুয়ার, ৩০ সেপ্টেম্বর

প্রতীক্ষার প্রহর শেষ। বাল্মীকি থেকে বাঘিনি এল বক্সায়। দীর্ঘ প্রস্তুতি, একাধিক দফার পরিকল্পনা এবং প্রায় দু’সপ্তাহের টানটান অপেক্ষার পর অবশেষে বক্সার জঙ্গলে বাঘ ফেরানোর প্রক্রিয়া কার্যত শেষ ধাপে পৌঁছে গেল। বুধবার ভোর সাড়ে ৬টা নাগাদ বিহারের বাল্মীকি টাইগার রিজার্ভের তিন বছরের বাঘিনি এসে পৌঁছোল বক্সা ব্যাঘ্র প্রকল্পের ২৫ মাইল এলাকার নির্দিষ্ট এনক্লোজারে। এখন নতুন পরিবেশে তার মানিয়ে নেওয়ার পালা। সব কিছু পরিকল্পনামাফিক এগোলে ২ অক্টোবর সকালে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং কেন্দ্রীয় বন ও পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদবের উপস্থিতিতে সফ্‌ট রিলিজের মাধ্যমে বাঘিনিকে বক্সার খোলা অরণ্যে ছেড়ে দেওয়ার কথা। হাতে সময় কম থাকায় বাঘিনিকে সড়কপথে দীর্ঘ যাত্রায় না নিয়ে এসে এদিন ভোরেই বায়ুসেনার বিমানে বিহার থেকে হাসিমারা বায়ুসেনা ছাউনিতে নিয়ে আসা হয়। সেখান থেকে কড়া নিরাপত্তার মধ্যে নির্দিষ্ট কনভয়ে করে সড়কপথে রাজাভাতখাওয়া হয়ে ২৫ মাইলের এনক্লোজারে পৌঁছে দেওয়া হয় তাকে। বাঘিনি সুস্থ ও স্বাভাবিক রয়েছে। দীর্ঘ যাত্রা এবং ঘুমপাড়ানি ওষুধের প্রভাব থাকায় আপাতত তাকে সম্পূর্ণ বিশ্রামে রাখা হয়েছে। নতুন পরিবেশের সঙ্গে ধীরে ধীরে মানিয়ে নেওয়ার জন্য এনক্লোজারে হরিণ ও বুনো শুয়োর রাখা হয়েছে। রয়েছে পর্যাপ্ত জলের ব্যবস্থাও। ২ অক্টোবর সকাল পর্যন্ত সেখানেই থাকবে বাঘিনি। এই সময় বাঘিনির শারীরিক অবস্থা, আচরণ এবং নতুন পরিবেশের সঙ্গে মানিয়ে নেওয়ার বিষয়টি ২৪ ঘণ্টা নজরদারিতে রাখবেন বনকর্মী ও আধিকারিকরা।

এদিকে, ২ অক্টোবর বাঘিনিকে জঙ্গলে ছাড়ার দিনটিকে ঘিরে আলিপুরদুয়ারে প্রশাসনিক তৎপরতাও তুঙ্গে। ওই দিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর আলিপুরদুয়ার সফরের কথা রয়েছে। পাশাপাশি, প্যারেড গ্রাউন্ড ময়দানে একটি সরকারি অনুষ্ঠানে তাঁর উপস্থিত থাকার কথা। বাঘিনিকে জঙ্গলে ছাড়ার অনুষ্ঠান এবং মুখ্যমন্ত্রীর সরকারি কর্মসূচি— এই দুইয়ের সমন্বয় নিয়েই বুধবার আলিপুরদুয়ার সার্কিট হাউসে উচ্চ পর্যায়ের বৈঠক করেন বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। বৈঠকে বন দপ্তরের শীর্ষ আধিকারিকদের পাশাপাশি জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের আধিকারিকরাও উপস্থিত ছিলেন।

বাঘিনিকে ঘিরে নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে রাজাভাতখাওয়া ও সংলগ্ন এলাকা। ইতিমধ্যেই ৩ অক্টোবর পর্যন্ত বক্সায় পর্যটকদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। রাজাভাতখাওয়া থেকে জয়ন্তী পর্যন্ত মূল সড়কেও বনকর্মী ও পুলিশের নির্দিষ্ট দল মোতায়েন করা হয়েছে। ২৫ মাইল এলাকার আশপাশে বাড়ানো হয়েছে নজরদারি।

বনমন্ত্রী জানিয়েছেন, এই একটি বাঘিনিকে দিয়েই বক্সায় বাঘ ফেরানোর পরিকল্পনা শেষ হচ্ছে না। তিন মাসের মধ্যে নির্দিষ্ট নিয়ম ও প্রক্রিয়া মেনে আরও কয়েকটি বাঘ বক্সায় আনার পরিকল্পনা রয়েছে। স্থানীয়দের অযথা আতঙ্কিত না হওয়ার আবেদনও জানিয়েছেন তিনি। বাঘিনিটির শরীরে রেডিও কলার থাকবে। ফলে জঙ্গলে ছেড়ে দেওয়ার পরও তার গতিবিধির ওপর নিয়মিত নজর রাখা সম্ভব হবে।’

বক্সার এনক্লোজারে বিশ্রাম নিচ্ছে বাঘিনি। বুধবার রাতে। ছবি: বন দপ্তরের সৌজন্যে

অশোক সিঙ্ঘলের জন্মশতবার্ষিকী

অশোক সিঙ্ঘলের জন্মশতবর্ষ এক বছর ধরে পালন করবে বিশ্ব হিন্দু পরিষদ (ভিএইচপি)। মঙ্গলবার সাংবাদিক সম্মেলনে এ কথা জানিয়েছেন সংগঠনের পূর্ব ক্ষেত্র সম্পাদক অমিয় সরকার। তিনি বলেন, ‘৪ অক্টোবর উত্তীর্ণ–এ প্রারম্ভিক সভা হবে। থাকার কথা মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী প্রহ্লাদ যোশির। এই এক বছরে পশ্চিমবঙ্গে ভিএইচপির সদস্যসংখ্যা ১০ লক্ষ বাড়ানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।’ এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, ‘কলকাতায় ২১২৩টি দুর্গাপুজো হয়। এর মধ্যে ৮০ শতাংশ সাত্ত্বিক। এ ধরনের পুজোগুলোকে সম্মানিত করা হবে।’

সহপাঠীকে হঠাৎই আঘাত

সাউথ পয়েন্ট স্কুলে ক্লাস চলাকালীন হঠাৎই নবম শ্রেণির এক ছাত্র অন্য ছাত্রকে পেনসিল কাটার দিয়ে আঘাত করে বসে। এরপরই স্কুল কর্তৃপক্ষ আহত পড়ুয়াকে স্থানীয় হাসপাতালে নিয়ে যান। সেখানে তার চিকিৎসা চলছে। গড়িয়াহাট থানায় একটি অভিযোগ দায়ের করা হয়। জানা গেছে, যে ছেলেটি আঘাত করেছে, সে বিশেষ ভাবে সক্ষম। এদিন ক্লাস চলাকালীন সে হঠাৎই সহপাঠীর খাতার পাতা ছিঁড়ে দেয়। এরপর ওই সহপাঠী তাকে চড় মারে। এরপরই সে পাল্টা আঘাত করে। পুলিশ জানিয়েছে, আহত ছাত্রর শারীরিক অবস্থা স্থিতিশীল। যে ছাত্রটি আঘাত করেছে, তার পরিবারের সঙ্গেও কথা বলেছে স্কুল কর্তৃপক্ষ। অভিযুক্ত ছাত্রের কাউন্সেলিং শুরু হয়েছে। তার বাবা তাকে বাড়িতে নিয়ে যান।

প্রতীক মামলা খারিজ

উপনির্বাচনের প্রতীক বণ্টন নিয়ে আইএসএফ–এর দায়ের করা মামলা বুধবার খারিজ করে দিল কলকাতা হাইকোর্ট। নির্বাচন কমিশনের দাবি, এটা সাধারণ নির্বাচন নয়। উপনির্বাচনে কোন দল কী প্রতীক পাবে, সেই সিদ্ধান্ত নেওয়ার অধিকার কমিশনের। এই যুক্তিকে মান্যতা দিয়েই এদিন বিচারপতি কৃষ্ণা রাও মামলাটি খারিজ করেছেন।

শব্দরঙ্গ–৪১৯



পাশাপাশি

২. বেকারদের সংখ্যা বৃদ্ধি এবং তাদের দুরবস্থা সংক্রান্ত সমস্যা ৫. অনিষ্টজনক ৭. রূপকথার এক পাখি ৯. বেড়া, ঝাঁপ ১০. শেষ অবস্থা ১২. বিনয়।

উপর–নীচ

১. উদ্যোগ, চেষ্টা
৩. সুন্দরবন
৪. পরমসত্য জানার জন্য বুদ্ধদেবের সংসার ছেড়ে যাওয়া
৬. নরকবাস
৮. নদীর অববাহিকা
১১. সৌহার্দ্যহীনতা।

সমাধান–৪১৮

পূ	র্ণ	বি	কা	শ		ক	
র্বি				তে	ড়ি	বে	ড়ি
তা		চা	র	ক		কা	
ক্র		র			আ	র	বি
ম	সৃ	ণ			ড়া		চা
	ষ্টি		ঢা	লা	ই		র
অ	ধ	রি	ক				শী
	র		নি	দা	ন	কা	ল

শুভজ্যোতি রায়

আজ টিভিতে কী দেখবেন

সিনেমা

● জি বাংলা সোনার



সকাল ৬-০০ **হাসিখুশি ক্লাব**, সকাল ৯-০০ **সীতা**, সকাল ১১-৩০ **একাই একশো**, দুপুর ২-০০ **সত্যম শিবম সুন্দরম**, বিকেল ৫-০০ **মানুষ কেন বেইমান**, সন্ধে ৭-৩০ **সুখ দুঃখের সংসার**, রাত ১১-০০ **মায়ের আশীর্বাদ**

● কালার্স বাংলা সিনেমা
সকাল ১০-০০ **সংসার সংগ্রাম**, দুপুর ১-৩০ **প্রতিবাদ**, বিকেল ৫-০০ **নাগপঞ্চমী**, রাত ৯-৩০ **নবাব**

● ডিডি বাংলা
দুপুর ২-৩০ **ঠিকানা**

● জলসা মুভিজ
সকাল ৭-৩০ **বিবেক**, সকাল ১০-৩০ **জোর**, দুপুর ১-৩০ **শাপমোচন**, বিকেল ৪-৩০ **পাগলু**, রাত ৯-৩০ **রাবণ**

● কালার্স সিনেপ্লেক্স
সকাল ৮-১০ **লখনউ সেন্ট্রাল**, সকাল ১১-০৫ **ইউ মি অউর হাম**, দুপুর ২-২০ **গোলমাল ৩**, বিকেল ৫-০০ **কুইন**, রাত ৮-০০ **খাকি**, রাত ১১-৪০ **কসম**

আকাশ আট
ভালবাসার ছোঁয়া
দুপুর ৩-০৫

সোনি ম্যাক্স ২
আনাড়ি
সকাল ৭-৩৫

বিশেষ অনুষ্ঠান

● আজকের রান্না

চিকেন চুকৌনি। পদটি স্বাদে–গন্ধে অতুলনীয়। ভোজনরসিকদের অত্যন্ত প্রিয়। জিভে জল আনা চিকেন চুকৌনি পদটি বানানো হয় কীভাবে, শেখা যাবে আজকের রান্না অনুষ্ঠানে।
ডিডি বাংলা: দুপুর ১-৩৫

● সোনি ম্যাক্স ২
সকাল ১০-৫৪ **ভাই হো তো অ্যায়সা**, দুপুর ১-২১ **আপনে পরায়ে**, বিকেল ৩-৫৯ **কটী পতঙ্গ**, সন্ধে ৭-০৯ **নমস্তে লন্ডন**, রাত ১০-০৩ **সচ্ কী তাকত**

● জি সিনেমা

সকাল ৬-০০ **বরেলি কি বরফি**, সকাল ৮-৩০ **কিশন কানহাইয়া**, সকাল ১১-৩৫ **আকেলে হাম আকেলে তুম**, দুপুর ২-৫৫ **ডন– দ্য চেস বিগিন্‌স এগেন**, সন্ধে ৬-০০ **দে দে প্যায়ার দে ২**, রাত ৯-০৫ **মডগাঁও এক্সপ্রেস**, রাত ১১-৫৫ **মার্ডার ২**

ধারাবাহিক

● লাখ টাকার লক্ষ্মীলাভ

সান বাংলা: সন্ধে ৭-০০

দিনপঞ্জি

বিশুদ্ধ সিদ্ধান্ত: বৃহস্পতিবার, ১৪ আশ্বিন ১৪৩৩, ইং ১ অক্টোবর ২০২৬, মুং ১৯ রবিয়স সানি ১৪৪৮
সূর্যোদয় ঘ ৫।৩১।৩৪
সূর্যাস্ত ঘ ৫।২১।৩০
তিথি: (ভাদ্র কৃষ্ণপক্ষ) পঞ্চমী দং ১৭।৪০ দিবা ঘ ১২।৩৬
নক্ষত্র: কৃত্তিকা দং ১।১৮ প্রাতঃ ঘ ৬।৩ পরে রোহিণী দং ৫৭।১৮ রাত্রি ঘ ৪।২৭

অন্য পঞ্জিকা: বৃহস্পতিবার, ১৩ আশ্বিন ১৪৩৩, ইং ১ অক্টোবর ২০২৬, হিজরি ১৯ রবিয়স সানি ১৪৪৮
আন্তর্জাতিক রক্তদান দিবস

প্রয়োজন

লালবাজার কন্ট্রোল: 100, ট্রাফিক: 1073
পশ্চিমবঙ্গ পুলিস : 2214-5411-16
সিআইডি কন্ট্রোল : 2450-6100
ডিজি কন্ট্রোল : 2214-5087
বিধাননগর কন্ট্রোল : 4063-1111
হাওড়া কন্ট্রোল : 2641-5614
আসানসোল কন্ট্রোল : 0341-2250347
ব্যারাকপুর কন্ট্রোল :2593-2647
হাওড়া জিআরপি : 2641-3256
শিয়ালদা জিআরপি : 2350-3940
নিখোঁজ সংক্রান্ত : 2450-6100
প্রবীণ সুরক্ষা : 98300-88884
নারী সহায়তা: 1091

অ্যাম্বুল্যান্স 102
লাইফকেয়ার: 2475-4628
ইন্ডিয়ান রেডক্রস: 2248-3636
মেডিক্যাল ব্যাঙ্ক: 2554-0084
রাসমণি মিশন: 2867-6031
মীরা সেবাকেন্দ্র: 2411-8316
সেন্ট জনস্‌ অ্যাম্বুল্যান্স: 98300-23653
বেল ভিউ ক্লিনিক: 99037-59103/ 82406-09986

দমকল 101
কন্ট্রোল: 2241-4545
হাওড়া: 2666-8111
শিলিগুড়ি: 0353-2502222

রাতের ওষুধ / অক্সিজেন
ধন্বন্তরী: 2454-7941
নন্দন মেডিক্যাল: 2358-1723
জীবনদীপ: 2455-0926
সাউথ ব্যুরো: 2484-4322
বেল ভিউ ক্লিনিক ফার্মেসি: 6688-8888

ব্লাড ব্যাঙ্ক
সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক: 2351-0619
লাইফকেয়ার: 2284-6940/2298
অশোক ব্যাঙ্ক : 2472-0333
বেলভিউ ক্লিনিক: 6688-8888 / 99031-03088
সেবা প্রতিষ্ঠান: 2475-3639/3636

চক্ষুদান
গণদর্পণ: 94330-31504
বন্ধু কর্নিয়া কেন্দ্র: 2663-4178

শববহন
সুরুচি সঙ্ঘ, নিউ আলিপুর: 2400-9950
হিন্দু সৎকার: 2241-3849/ 2050
শ্রীভূমি স্পোর্টিং: 2534-0002
উদয়ের পথে: 98301-73814
যাদবপুর মার্চেন্টস: 2412-8165

আবহাওয়া

বৃহস্পতিবার — মেঘলা আকাশ। সর্বোচ্চ ৩৩, সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস

বুধবার — বৃষ্টি হয়নি। সর্বোচ্চ ৩৩.০ (০), সর্বনিম্ন ২৭.৬ (+২)

আপেক্ষিক আর্দ্রতা: ৯৬% ৫৯%

বাংলায় সর্বোচ্চ তাপমাত্রা: জলপাইগুড়ি ৩৬.০°



রিলায়েন্স গোষ্ঠীর সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রয়েছেন সংস্থার পূর্বাঞ্চলীয় অধিকর্তা তরুণ ঝুনঝুনওয়ালা, মুখ্যসচিব মনোজ আগরওয়াল, অর্থ দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব প্রভাত মিশ্র। নবান্নে, বুধবার। ছবি: আজকাল

রাজ্যে রিলায়েন্সের বিনিয়োগ, নবান্নে বৈঠক করলেন মুখ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

রাজ্যে বড়সড় বিনিয়োগ করতে চলেছে রিলায়েন্স গোষ্ঠী। বুধবার নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের ঊর্ধ্বতন আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন।

বৈঠকে পশ্চিমবঙ্গে বিনিয়োগের সম্ভাবনা, শিল্প এবং নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে সমাজমাধ্যমে জানিয়েছে রাজ্য সরকার।

সূত্রের খবর, সংস্থার পক্ষ থেকে রাজ্যে বিদ্যুৎ, পরিবহণ, চলচ্চিত্র শিল্প, পরিকাঠামো ও তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করা হয়েছে। এদিন রিলায়েন্স গোষ্ঠীর পূর্বাঞ্চলের অধিকর্তা তরুণ ঝুনঝুনওয়ালা–সহ ১০ জনের প্রতিনিধি দলের সঙ্গে মুখ্যমন্ত্রী বৈঠক করেন। তার আগে মুখ্য সচিব মনোজ আগরওয়ালের সঙ্গে তাঁদের বৈঠক হয়। ওই বৈঠকে ছিলেন অর্থ দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব প্রভাত মিশ্র, পূর্ত সচিব অন্তরা আচার্য, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের সচিব সুরেন্দ্র গুপ্তা, বিদ্যুৎ দপ্তরের সচিব শান্তনু বসু, তথ্য ও প্রযুক্তি দপ্তরের সচিব শুভাঞ্জন দাস, পরিবহণ দপ্তরের সচিব রবি ইন্দর সিং এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব সৌমিত্র মোহন। আম্বানি কর্তাদের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠক হওয়ার আগে তাঁরা মুখ্য সচিবের সঙ্গে পর্যালোচনা বৈঠক করে যান।

এদিন মুখ্যমন্ত্রী ঘাটালে বীরসিংহ গ্রামে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মতিথি উপলক্ষে আয়োজিত সরকারি অনুষ্ঠানে যোগ দিতে গিয়েছিলেন। সেখানে তিনি জানান, রিলায়েন্স গোষ্ঠীর একটি বড় প্রতিনিধি দল রাজ্যে আসছে। তাদের সঙ্গে বৈঠক আছে। এই রাজ্যে রিলায়েন্স বড় বিনিয়োগ করবে। প্রচুর কর্মসংস্থান হবে। বদলে যাবে বাংলা।’ উল্লেখ্য, সম্প্রতি মুখ্যমন্ত্রী মুম্বই গিয়ে রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান মুকেশ আম্বানি এবং অনন্ত আম্বানির সঙ্গে বৈঠক করে এসেছেন।

বিদ্যাসাগরের বই কিনুন: মুখ্যমন্ত্রী

বুদ্ধদেব দাস
ঘাটাল, ৩০ সেপ্টেম্বর

‘রাজ্যের গ্রন্থাগার বিভাগকে বলব বিদ্যাসাগরের বই কিনুন। স্কুল–কলেজের পাঠাগারেও ওঁর লেখা বই রাখুন।’ বুধবার ঘাটালের বীরসিংহ গ্রামে বিদ্যাসাগরের জন্মস্থানে তাঁকে শ্রদ্ধা জানাতে এসে একথা বললেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বিদ্যাসাগরের জন্মস্থান থেকে মুখ্যমন্ত্রী আগের তৃণমূল সরকারের শিক্ষা নীতির কঠোর সমালোচনা করেন। তিনি বলেন, ‘আগের সরকারের ভুল নীতির জন্য আমরা শিক্ষায় ১০ এর মধ্যে আসতে পারিনি। ৩১ নম্বরে রয়েছি। এটা দুর্ভাগ্য।’

তৃণমূল সরকারের আমলে গঠিত বিদ্যাসাগর উন্নয়ন পর্ষদকে কটাক্ষ করে মুখ্যমন্ত্রী বলেন, ‘এখানে পর্ষদ হয়েছে নামেই। কাজের কাজ কিছুই হয়নি। শুধু ভাষণ দিয়ে গেছেন।’ এরপরই তিনি মঞ্চ থেকে বিদ্যাসাগরের বীরসিংহ গ্রামের জন্য একের পর এক উন্নয়নের কথা ঘোষণা করেন। ১ কোটি ২০ লক্ষ টাকায় পথবাতি, বিদ্যাসাগর নামাঙ্কিত পার্ক ও পুষ্করিণীর জন্য ৩৫ লক্ষ টাকা, স্থানীয় উপস্বাস্থ্য কেন্দ্রের উন্নয়নে ৪০ লক্ষ টাকা, বীরসিংহ গ্রাম পঞ্চায়েত এলাকায় গার্ডওয়াল ও কংক্রিটের রাস্তার জন্য ৫০ লক্ষ টাকা। মূল সড়ক থেকে এই গ্রামের সংযোগকারী কংক্রিটের রাস্তার জন্য ৭৪ লক্ষ টাকা, মিটিং হলের জন্য ৩৫ লক্ষ টাকা, মার্কেট কমপ্লেক্স এবং কমিউনিটি হলের জন্য ৮ কোটি টাকা। এসব কাজের অনুমোদনের ছাড়পত্র তিনি মঞ্চ থেকেই ঘোষণা করেন। শুনে উল্লাসে ফেটে পড়েন স্থানীয়রা। রাজ্যের পাঠাগার ও স্কুল কলেজে যেন আগের মুখ্যমন্ত্রীর লেখা বই না কেনা হয় সে বিষয়ে সকলকে সজাগ করে শুভেন্দু বলেন, ‘বিদ্যাসাগরের বই কিনুন। স্কুল–কলেজের পাঠাগারেও বিদ্যাসাগরের বই রাখুন। তবে এপাং ওপাং ঝপাং বই কিনবেন না।’ এদিন মুখ্যমন্ত্রী বিদ্যাসাগর স্মৃতি মন্দিরে বিদ্যাসাগরের পিতা–মাতা ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় এবং ভগবতীদেবীর মূর্তির আবরণ উন্মোচন করেন। বাল্যবিবাহ রুখে দেওয়ার জন্য নূপুর চঙরে, শ্রেয়া অধিকারী এবং তনুশ্রী সামন্ত নামে তিন ছাত্রীকে মুখ্যমন্ত্রী এই দিন সংবর্ধনা দেন। ভারতের মানুষের কাছে যাতে আকর্ষণের কেন্দ্র হয়ে ওঠে সেই ভাবে বীরসিংহকে গড়ে তোলার কথা বলেন মুখ্যমন্ত্রী।

আগের সরকারের কঠোর সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, ‘বাল্য বিবাহ ও ১৮ বছরের নীচে গর্ভবতী ও প্রসব হওয়ার ক্ষেত্রে আমরা জম্মু–কাশ্মীরের সঙ্গে ১ নম্বরে রয়েছি। রাজ্যে বিজেপি সরকার প্রতিষ্ঠা হওয়ার পর স্বাস্থ্য সচিবকে ডেকে বলেছিলাম, এবছরের ১ জানুয়ারি থেকে ৩০ জুন পর্যন্ত যত ১৮ বছরের নীচে প্রাতিষ্ঠানিক প্রসবের তালিকা যেন তাঁকে দেওয়া হয়। মাত্র ৬ মাসেই ৬০ হাজার জন কিশোরী মা হয়েছে।’

মুখ্যমন্ত্রী বলেন, ‘ঈশ্বরচন্দ্র শুধুমাত্র পণ্ডিত ব্যক্তিই ছিলেন না, তিনি ছিলেন সমাজ সংস্কারক। হিন্দু বিধবা বিবাহ চালু করতে বাড়ি বাড়ি গিয়ে স্বাক্ষর সংগ্রহ করেন। নারী শিক্ষার প্রসার ঘটান। মা ভগবতীদেবীর নামে একাধিক স্কুল রয়েছে।’ এরই সঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, ‘যে সামাজিক ব্যাধিতে আমরা আটকে রয়েছি, এর থেকে আমাদের বের হয়ে আসতেই হবে।’

বাল্যবিবাহ রুখে দেওয়া ছাত্রীদের সংবর্ধনা মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর। বীরসিংহ গ্রামে।

ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ শুরু পুজোর পরই: মুখ্যমন্ত্রী

● ১ পাতার পর

ঘাটালের বন্যা নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘বন্যার ফলে বহু মাটির বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলাশাসককে বলছি বিডিও এবং জনপ্রতিনিধিদের মাধ্যমে এসব ক্ষতিগ্রস্ত বাড়ির তালিকা তৈরি করতে। যাঁরা বানভাসি, যাঁদের কাঁচা মাটির বাড়ি, আবাস যোজনার বাড়ি পাননি বা পাকা বাড়ি নেই, তাঁদের সকলকে ১ লক্ষ ৮০ হাজার করে টাকা দেওয়া হবে।’ কয়েকদিন বৃষ্টি না হলেও ঘাটালের ভৌগোলিক অবস্থানের জন্য এখনও কয়েকটি গ্রাম পঞ্চায়েত এলাকা জলের তলায় ডুবে রয়েছে। বুধবার চাউলি রামচন্দ্রপুর এলাকায় জমা জলে ডুবে মৃত্যু হয়েছে রুদ্রাণী চৌধুরি নামে ২ বছরের এক শিশুর। মুখ্যমন্ত্রী সেকথা জানিয়ে দুঃখ প্রকাশ করেন। মুখ্যমন্ত্রী বলেন, ‘ধান হয়েছে ভালই, তবে কয়েকটা গ্রাম পঞ্চায়েতের বিস্তীর্ণ এলাকার ফসল এখনও জলের তলায়। তাঁরা যাতে প্রধানমন্ত্রী শস্য বিমা যোজনার অর্থ দ্রুত পান সেজন্য প্রশাসনকে নির্দেশ দিচ্ছি। ত্রাণ সামগ্রী যা যা লাগে, তা দিচ্ছে সরকার। ত্রাণের কোনও ঘাটতি হবে না।’

মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা

আজকালের প্রতিবেদন

স্বাধীনতা সংগ্রামী শহিদ গোবিন্দ মাহাতো ও শহিদ চুনারাম মাহাতোকে শ্রদ্ধা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বুধবার ছিল তাঁদের আত্মবলিদান দিবস। এদিন মুখ্যমন্ত্রী তাঁদের শ্রদ্ধা জানিয়ে সমাজমাধ্যমে লেখেন, ১৯৪২ সালে আজকের দিনে ৩০ সেপ্টেম্বর মানবাজার থানা ঘেরাও করতে গিয়ে ব্রিটিশের গুলিতে শহিদ হন স্বাধীনতা সংগ্রামী গোবিন্দ মাহাতো ও চুনারাম মাহাতো। দুই স্বাধীনতা সংগ্রামীর আত্মবলিদান দিবসে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।

আজ রেজিনগরে প্রচারে মুখ্যমন্ত্রী

প্রদীপ দে
বহরমপুর, ৩০ সেপ্টেম্বর

বৃহস্পতিবার রেজিনগরের বিজেপি প্রার্থী শাখারভ সরকারের সমর্থনে প্রচারে আসছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রেজিনগর বিধানসভার শক্তিপুর প্রতাপ সঙ্ঘের মাঠে হবে বিজেপির নির্বাচনী জনসভা। প্রশাসন সূত্রে জানা গেছে, বিকেল ৩টেয় জনসভায় বক্তব্য পেশ করবেন মুখ্যমন্ত্রী। সড়কপথে ১২ নম্বর জাতীয় সড়ক ধরে প্রথমে রেজিনগর পৌঁছোবেন মুখ্যমন্ত্রী। সেখান থেকেই নারকেলবাড়ি ঘাটে নৌকায় ভাগীরথী নদী পেরিয়ে শক্তিপুরে যাবেন। বিজেপির অন্যতম জেলা নেতা তথা রাজ্যের মন্ত্রী গৌরীশঙ্কর ঘোষ বলেন, ‘রোড–শো না করলেও রাস্তার দু’ধারে মুখ্যমন্ত্রীকে দেখার জন্য হাজার হাজার মানুষ থাকবেন। জনসভায় ভিড় উপচে পড়বে।’

ব্যাঁটরার স্কুলের রান্নার দিদিদের জন্য শাড়ি উপহার মুখ্যমন্ত্রীর

প্রিয়দর্শী বন্দ্যোপাধ্যায়

কথা দিয়ে ২৪ ঘণ্টার মধ্যে সেই কথা রাখলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার হাওড়ার মধুসূদন পালচৌধুরি হাই স্কুলে গিয়ে রাজ্যের ‘সারথি’ প্রকল্পের সূচনা করার পর সেখানকার পড়ুয়াদের সঙ্গে বসে মিড–ডে মিল খেয়েছিলেন মুখ্যমন্ত্রী। মিড–ডে মিলের রান্না খেয়ে ভাল লাগায় তিনি রান্নার দিদিদের প্রশংসা করেন। সেইসঙ্গে তাঁদের সবাইকে উপহার হিসেবে শাড়ি পাঠাবেন বলেও জানান। ২৪ ঘণ্টার মধ্যে সেই কথা রাখলেন তিনি। বুধবারই ওই স্কুলের মিড–ডে মিল রান্নার দিদিদের জন্য পুজোর আগে শাড়ি ও কিছু অর্থ পাঠালেন মুখ্যমন্ত্রী। স্কুলের পড়ুয়া ও শিক্ষক–শিক্ষিকাদের জন্যও পাঠানো হল মাছ ও মিষ্টি।

এদিন হাওড়ার ব্যাঁটরা মধুসূদন পালচৌধুরি হাই স্কুলে পৌঁছে যায় মুখ্যমন্ত্রীর পাঠানো উপহার। স্কুলের প্রধান শিক্ষক তন্ময় চক্রবর্তী জানান, উপস্থিত পড়ুয়া ও শিক্ষক–শিক্ষিকা মিলিয়ে প্রায় ৮৫০ জনের জন্য মাছ ও মিষ্টি পাঠানো হয়। মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে জেলাশাসকের মাধ্যমে স্কুলে উপস্থিতির সংখ্যা জানতে চাওয়া হলে আমরা সেই তথ্য জানিয়েছিলাম। স্কুলে পড়ুয়ার সংখ্যা প্রায় ১,২০০। তবে একাদশ ও দ্বাদশ শ্রেণির পরীক্ষা চলায় বর্তমানে সব পড়ুয়া স্কুলে আসছে না। প্রধান শিক্ষক জানান, একদিনের মধ্যেই মুখ্যমন্ত্রীর তরফে উপহার পৌঁছে যাওয়ায় আমরা সবাই তাঁর কাছে কৃতজ্ঞ। উপহার হিসেবে শাড়ি পাঠানোয় বেজায় খুশি রান্নার দিদিরাও। তাঁরা বললেন, ‘মুখ্যমন্ত্রীর খাবার ভাল লাগায় আমরা সবাই খুব খুশি। তাঁর পাঠানো উপহার আমাদের জীবনের সব থেকে বড় পাওয়া। এই উপহার পেয়ে আমরা আপ্লুত।’

যুকো বৈঁক UCO BANK
পরিশিষ্ট–IV [রুল ৮(১)]
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

ইউকো ব্যাঙ্ক
জোনাল অফিস কলকাতা
৫, এল এল আর সরণি, ফার্স্ট ফ্লোর, কলকাতা–৭০০০২০
ফিনান্সিং ব্রাঞ্চ– যোধপুর পার্ক ব্রাঞ্চ
২২/২৯০, যোধপুর গার্ডেনস, কলকাতা– ৭০০০৪৫

যেহেতু, ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে আমাদের শাখার মিঃ সঞ্জয় মণ্ডল (আবেদনকারী) এবং মিঃ নিমাই মণ্ডল (সহ–আবেদনকারী), ৫৩ রহিম ওস্তাগার রোড, ফ্ল্যাট নং– ৫, ফার্স্ট ফ্লোর, কলকাতা– ৭০০০৪৫–এর ফ্ল্যাট এবং ব্যবসার ঠিকানা: মেসার্স সানশা এন্টারপ্রাইজ, ৫২ রহিম ওস্তাগার রোড, কলকাতা– ৭০০০৪৫–এর প্রতি ১৬.০৭.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, (টার্ম লোন) ₹৪,৯৪,১৭৮.৯০ (চার লক্ষ চুরানব্বই হাজার একশো আটাত্তর টাকা এবং নব্বই পয়সা মাত্র) যা ৩০.০৬.২০২৬ তারিখ অনুযায়ী (৩১.০৫.২০২৬ তারিখ পর্যন্ত সুদের চার্জ সহ), তৎসহ পরবর্তীতে এর ওপর পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ, মাশুল, চার্জ ও খরচাপাতি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত উক্ত ঋণগ্রহীতা ও জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন (টার্ম লোন) ₹৪,৯৪,১৭৮.৯০ (চার লক্ষ চুরানব্বই হাজার একশো আটাত্তর টাকা এবং নব্বই পয়সা মাত্র) যা ৩০.০৬.২০২৬ তারিখ অনুযায়ী (৩১.০৫.২০২৬ তারিখ পর্যন্ত সুদের চার্জ সহ), তৎসহ পরবর্তীতে এর ওপর পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ, মাশুল, চার্জ ও খরচাপাতি ইত্যাদি সমেত ইউকো ব্যাঙ্ক, যোধপুর পার্ক ব্রাঞ্চ–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট, ফার্স্ট ফ্লোর–এ ফ্ল্যাট নং ৫ যার পরিমাপ ১১০০ (এক হাজার একশো) বর্গফুট সুপার বিল্ট আপ, জি+২ তলা বিল্ডিংয়ের দক্ষিণ–পশ্চিম অংশে অবস্থিত যাতে রয়েছে ৩ (তিন) টি বেডরুম, ১ (এক) টি ড্রয়িং–কাম–ডাইনিং রুম, ১ (এক) টি রান্নাঘর, ২ (দুই) টি স্নানাগার ও শৌচাগার এবং ১ (এক) টি বারান্দা, সাথে গ্রাউন্ড ফ্লোর–এ উত্তর দিকে ১৫০ বর্গফুট পরিমাপের একটি কার–পার্কিং স্পেস এবং তার সাথে জমির অবিভক্ত আনুপাতিক অংশ, যার স্থিতি ও বিবরণ: কে.এম.সি প্রেমিসেস নং ৫৩, রহিম ওস্তাগার রোড, থানা– লেক, কলকাতা– ৭০০০৪৫, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ওয়ার্ড নং ৯৩–এর অধীনে, জেলা– ২৪ পরগনা (দক্ষিণ)। সম্পত্তির স্বত্বধারক: মিঃ নিমাই মণ্ডল। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা নিম্নরূপ: উত্তর**– প্রেমিসেস নং ৫২, রহিম ওস্তাগার রোড, কলকাতা– ৭০০০৪৫; **দক্ষিণ**– প্রেমিসেস নং ৬৮, রহিম ওস্তাগার রোড, কলকাতা– ৭০০০৪৫; **পূর্ব**– প্রেমিসেস নং ৬৭, রহিম ওস্তাগার রোড, কলকাতা– ৭০০০৪৫; **পশ্চিম**– প্রেমিসেস নং ৫১/১, এবং আংশিকভাবে ৫২, রহিম ওস্তাগার রোড, কলকাতা– ৭০০০৪৫ এবং ১২ ফুট চওড়া সাধারণ রাস্তা।

তারিখ: ৩০.০৯.২০২৬ স্বা/–
স্থান: কলকাতা অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক

TATA
টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ১১, টাওয়ার ‘এ’, পেনিনসুলা বিজনেস পার্ক, গণপত রাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই–৪০০০১৩। CIN No.: U67190MH2008PLC187552

দখল বিজ্ঞপ্তি
[সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২–এর রুল ৮(১)–সহ পঠনীয় পরিশিষ্ট IV অনুযায়ী]

লোন অ্যাকাউন্ট নম্বর ৯৯৯২০২৯ ও ১০৬৮০৬৫২

যেহেতু, টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতাগণ থউডাম ইমো সিং এবং নাঙ্গলেকপাম প্রেমী দেবী**–এর প্রতি ১৪.০৮.২০২৩ তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে ওই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে লোন অ্যাকাউন্টের মোট বকেয়া অর্থাঙ্ক অর্থাৎ, **₹২০,৭২,৭২৯.৭৫ (কুড়ি লক্ষ বাহাত্তর হাজার সাতশো উনত্রিশ টাকা এবং পঁচাত্তর পয়সা মাত্র),** তৎসহ সুদ, পেনাল সুদ, চার্জ, মাসুল ইত্যাদি পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে **২৯ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে** এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
ঋণগ্রহীতা ওই দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সারফায়েসি অ্যাক্টের ১৪ নং ধারাধীনে বিবিধ মামলা নং ২৩৬/২০২৬–এর প্রেক্ষিতে মহামান্য অ্যাডিশনাল চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বারুইপুর দ্বারা জারিকৃত আদেশ মোতাবেক নিযুক্ত কোর্ট কমিশনার তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন এবং **২৯ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে** সেই দখল টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারীর কাছে অর্পণ করেছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে–কোনও ধরনের লেনদেন ₹২০,৭২,৭২৯.৭৫ (কুড়ি লক্ষ বাহাত্তর হাজার সাতশো উনত্রিশ টাকা এবং পঁচাত্তর পয়সা মাত্র) তৎসহ ১৪.০৮.২০২৩ থেকে সুদ, পেনাল সুদ, চার্জ, মাশুল ইত্যাদি সমেত টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

স্থাবর সম্পত্তির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, বিল্ডিংয়ের নিচের জমির অবিভক্ত আনুপাতিক অংশ সহ আস সু কাসা টুইনস নামে বিল্ডিংয়ের থার্ড ফ্লোরে দক্ষিণ দিকে টাইলসের মেঝের স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট নং এ/৩বি, সুপার বিল্ট আপ এরিয়া ৭৭৭ বর্গফুট (কভার্ড এরিয়া ৫৮৩ বর্গফুট এবং কার্পেট এরিয়া ৫০৫ বর্গফুট) যাতে দুটি বেডরুম, একটি কিচেন, একটি ড্রইং কাম ডাইনিং স্পেস, দুটি টয়লেট, একটি ব্যালকনি আছে এবং এনএ–৬ নম্বরযুক্ত একটি কার পার্কিং স্পেস, মাপ ১২০ বর্গফুট, রাজপুর–সোনারপুর পুরসভা, জে এল নং ৭১, মৌজা জগদ্দল, পরগনা মাগুরা, ওয়ার্ড নং ২৫, হোল্ডিং নং ১৮১, বি সি রায় রোড, থানা সোনারপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।

তারিখ: ২৯.০৯.২০২৬ স্বাঃ– অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা, পশ্চিমবঙ্গ টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর পক্ষে

SENCO GOLD & DIAMONDS
ESTD 1938

সেনকো গোল্ড লিমিটেড
CIN: L36911WB1994PLC064637
রেজিস্টার্ড ও কর্পোরেট অফিস: ‘ডায়মণ্ড প্রেস্টিজ’, ৪১এ, এজেসি বোস রোড, ১০ নং ফ্লোর, কলকাতা–৭০০০১৭
ফোন: ০৩৩ ৪০২১ ৫০০০ / ৫০০৪, ই–মেল: corporate@sencogold.co.in
ওয়েবসাইট: www.sencogold.com

পোস্টাল ব্যালটের নোটিস

এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, পরিমার্জিত কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (‘অ্যাক্ট’)–এর ধারা নং ১০৮ ও ১১০ ও অন্যান্য প্রযোজ্য বিধানাবলি, সঙ্গে পঠনীয় পরিমার্জিত কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪ (‘ম্যানেজমেন্ট রুলস’)–এর রুল নং ২০ ও ২২; ভারত সরকারের কর্পোরেট কারবার বিষয়ক মন্ত্রকের তরফে জারি করা ০৮.০৪.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৩.০৪.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৭/২০২০, ০৫.০৫.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ২০/২০২০, ১৫.০৬.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ২২/২০২০, ২৮.০৯.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ৩৩/২০২০, ৩১.১২.২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ৩৯/২০২০, ২৩.০৬.২০২১ তারিখের জেনারেল সার্কুলার নং ১০/২০২১, ০৮.১২.২০২১ তারিখের জেনারেল সার্কুলার নং ২০/২০২১, ০৫.০৫.২০২২ তারিখের জেনারেল সার্কুলার নং ৩/২০২২, ২৮.১২.২০২২ তারিখের জেনারেল সার্কুলার নং ১১/২০২২, ২৫.০৯.২০২৩ তারিখের জেনারেল সার্কুলার নং ০৯/২০২৩, ১৯.০৯.২০২৪ তারিখের জেনারেল সার্কুলার নং ০৯/২০২৪ ও ২২.০৯.২০২৫ তারিখের জেনারেল সার্কুলার নং ০৩/২০২৫ (‘এমসিএ সার্কুলারসমূহ’); তৎসহ বিভিন্ন সময়ে পরিমার্জিত সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ (‘সেবি লিস্টিং রেগুলেশনস’)–এর রেগুলেশন ৪৪; ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়ার তরফে জারি করা সাধারণ সভা সংক্রান্ত সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ডস (‘এসএস–২’) এবং অন্যান্য প্রযোজ্য আইন, রুলস, সার্কুলার, প্রজ্ঞাপন এবং রেগুলেশনস (বর্তমানে বলবৎ এর যে কোনো সংবিধিবদ্ধ পরিমার্জিন বা পুনর্প্রবর্তন সহ)–এর সংস্থানাধীনে কেবলমাত্র রিমোট ই–ভোটিং (‘ই–ভোটিং’)–এর মাধ্যমে নিম্নলিখিত প্রস্তাবটি মঞ্জুরির জন্য সদস্যদের অনুমোদন চাওয়ার উদ্দেশ্যে, সোমবার, ২৮.০৯.২০২৬ তারিখ সংবলিত পোস্টাল ব্যালটের নোটিসটি বুধবার, ৩০.০৯.২০২৬ তারিখে সেই সকল সদস্যের প্রতি ই–মেলের মাধ্যমে প্রেরিত হয়েছে, যাঁরা কাট–অফ ডেট অর্থাৎ, শুক্রবার, ২৫.০৯.২০২৬ (‘কাট–অফ ডেট’) অনুযায়ী কোম্পানি/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট/ ডিপোজিটরি/ কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (‘আরটিএ’) কেফিন টেকনোলজিস লিমিটেড–এর কাছে নিজেদের ই–মেল আইডি রেজিস্টার করেছেন:

ক্রম নং	বিবরণ	প্রস্তাবে ধরন
১.	মিঃ ভাস্কর সেন (DIN: 03193003)–কে ১ (এক) বছরের দ্বিতীয় মেয়াদের জন্য নন–এগজিকিউটিভ ইন্ডিপেন্ডেন্ট ডিরেক্টর হিসেবে পুনর্নিয়োগের বিষয়টি বিবেচনা ও অনুমোদন করা	বিশেষ প্রস্তাব

এমসিএ সার্কুলারসমূহের বিধান অনুযায়ী, শেয়ারধারকরা কেবলমাত্র রিমোট ই–ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে ভোট দিতে পারবেন। এই পোস্টাল ব্যালটের জন্য শেয়ারধারকদের পোস্টাল ব্যালট নোটিসের মুদ্রিত প্রতিলিপি এবং প্রি–পেড বিজনেস রিপ্লাই খাম পাঠানো হচ্ছে না। শুক্রবার, ২৫.০৯.২০২৬ তারিখের ভিত্তিতে যাঁদের নাম সদস্যদের রেজিস্টার/ সুবিধাভোগী স্বত্বধারকদের তালিকাভুক্ত রয়েছে, শুধুমাত্র তাঁদেরই ই–ভোটিংয়ের উদ্দেশ্যে বিবেচনা করা হবে এবং একজন সদস্য/ সুবিধাভোগী স্বত্বধারকের ভোটাধিকার কাট–অফ ডেটে কোম্পানির পূর্ণরূপে আদায়ীকৃত ইক্যুইটি শেয়ার মূলধনে তাঁর শেয়ারধারণের অনুপাতে হবে। কাট–অফ ডেটের নিরিখে সদস্য না হলে এই নোটিসটিকে শুধুমাত্র তথ্য জানার খাতিরে বিবেচনা করতে হবে।

নিম্নলিখিত বিষয়গুলি খেয়াল রাখতে শেয়ারধারকদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে:

ই–ভোটিংয়ের সময়সীমা শুরু	শনিবার, ০৩.১০.২০২৬, সকাল ৯টা (ভারতীয় প্রমাণ সময়)
ই–ভোটিংয়ের সময়সীমা শেষ	রবিবার, ০১.১১.২০২৬, বিকেল ৫টা (ভারতীয় প্রমাণ সময়)

যে সকল সদস্য তাঁদের ভোটাধিকার প্রয়োগে ইচ্ছুক, বিবেচনাযোগ্য হওয়ার জন্য তাঁদের উপরোক্ত সময়সীমার মধ্যে ভোট দিতে হবে।

যে সকল সদস্য নিজের ই–মেল আইডি রেজিস্টার করেননি, নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের মাধ্যমে ডিপোজিটরির কাছে তা রেজিস্টার করে নিতে অনুরোধ জানানো হচ্ছে।

ই–ভোটিংয়ের মাধ্যমে পোস্টাল ব্যালট প্রক্রিয়াটি সুষ্ঠু ও স্বচ্ছভাবে পরিচালনার জন্য কোম্পানির পরিচালন পর্ষদের তরফে প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারি (মেম্বারশিপ নং ৪৮৪৮, সিপি নং ৩২৩৮) এবং মেসার্স লাভ অ্যান্ড লাভ অ্যাসোসিয়েটস, কোম্পানি সেক্রেটারিজ–এর অংশীদার মিঃ অতুল কুমার লাভ–কে স্ক্রুটিনাইজার হিসেবে নিযুক্ত করা হয়েছে।

স্ক্রুটিনাইজার তাঁর রিপোর্ট চেয়ারপার্সন, অথবা চেয়ারপার্সন দ্বারা অনুমোদিত কোনও ব্যক্তির কাছে জমা দেবেন। মঙ্গলবার, ০৩.১১.২০২৬ বা তার আগে ফলাফল ঘোষণা করা হবে। ভোটের বৈধতার বিষয়ে স্ক্রুটিনাইজারের সিদ্ধান্তই চূড়ান্ত হবে। ফলাফল এবং স্ক্রুটিনাইজারের রিপোর্ট কোম্পানির ওয়েবসাইট www.sencogold.com, সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (‘সিডিএসএল’)–এর ওয়েবসাইট www.evotingindia.com এবং স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইট অর্থাৎ, ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (‘এনএসই’) এবং বিএসই লিমিটেড (‘বিএসই’)–এর যথাক্রমে www.nseindia.com ও www.bseindia.com–তেও দেওয়া হবে। তদুপরি, উক্ত ফলাফল কোম্পানির রেজিস্টার্ড ও কর্পোরেট অফিসের নোটিস বোর্ডেও প্রদর্শিত হবে।

লগইন করার ক্ষেত্রে প্রযুক্তিগত কোনও সমস্যার সম্মুখীন হওয়া সদস্যরা helpdesk.evoting@cdslindia.com আইডি–তে লিখিতভাবে অনুরোধ জানিয়ে অথবা টোল ফ্রি নং ১৮০০ ২১ ০৯৯১১–তে কথা বলে সিডিএসএল হেল্পডেস্কে যোগাযোগ করতে পারেন।

সেনকো গোল্ড লিমিটেড–এর
পরিচালন পর্ষদের আদেশ অনুসারে
স্বাঃ– মুকুন্দ চাণ্ডক
স্থান: কলকাতা কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০২৬ ICSI M No. A20051

সোনার নিলাম সংক্রান্ত জনবিজ্ঞপ্তি
বাজাজ ফাইন্যান্স লিমিটেড ("BFL");
রেজিস্টার্ড অফিস: চতুর্থ তলা, বাজাজ ফিনসার্ভ হাউস, পুনে-আহমেদনগর রোড সংলগ্ন, বিমান নগর, পুণে - 411014
BAJAJ FINANCE

ঋণগ্রহীতা(গণ) এবং জনসাধারণকে এতদ্বারা জানানো হচ্ছে যে, নিচে উল্লিখিত ঋণগ্রহীতারা বারবার নোটিস দেওয়া সত্ত্বেও তাঁদের লোন পরিশোধ করতে বা প্রয়োজনীয় মার্জিন জমা দিতে ব্যর্থ হয়েছেন। এই কারণে, লোন পরিশোধের নিরাপত্তা হিসেবে ঋণগ্রহীতাদের দেওয়া সোনা "যে অবস্থায় আছে যেখানে আছে" ভিত্তিতে নিচের শর্তাবলীর অধীনে নিলাম করা হবে: 1. এই জনবিজ্ঞপ্তির সম্পূর্ণ বিবরণ (সোনার বিবরণ ও মোট ওজন) জানতে QR কোড স্ক্যান করুন। 2. সম্পূর্ণ দরদাতা শর্তাবলী নিম্নলিখিত লিঙ্কে উপলব্ধ: All about our Terms and Conditions - Bajaj Finance Limited. 3. দরদাতাদের নিলামের আগে বা নিলামের দিনে অনলাইন ট্রান্সফারের মাধ্যমে ₹25,000/- অগ্রিম জামানত রাশি(EMD) জমা দিতে হবে। 4. নিলাম স্থানে সকাল 10টায় বৈধ পরিচয়পত্র ও ঠিকানার প্রমাণসহ ব্যক্তিগত উপস্থিতি বাধ্যতামূলক। নিলামের তারিখে কোনো পরিবর্তন হলে তা নিলাম কেন্দ্রে প্রদর্শিত হবে। দরপত্র জমা দেওয়া মানে উপরোক্ত শর্তাবলী মেনে নেওয়া হয়েছে বলে ধরা হবে। যেকোনো প্রশ্নের জন্য যোগাযোগ করুন: wecare@bajajfinserv.in.

(11-11-26) আমতলা - বারুইপুর রোড: PS0BEGL92193143, 94278754, 94892093, 96266846, 96706970, 97621201. বহরমপুর - মোহন সেন রোড: PSJ3EGL90912540, 91814509, 93478270, 94439229, 95379909, 97663083. বালি - জি টি রোড: PSI9EGL91106468, 91281087, 91431406, 91711602, 92691722, 94640919, 94851417, 95063085, 95057709, 96491181, 96993380, 96934702, 97178167, 97233457. ব্যান্ডেল - স্টেশন রোড: PRK8EGL91323311, 97554907. বারুইপুর - BGL: PTP4EGL91405371, 96486621. বসিরহাট - মেইন রোড: PQP5EGL92718527, 93458609, 93477382, 93844498, 42659680, 95971648, 96343631, 96329195, 96334052, 96339137, 96551309, 97031239, 96994440, 97022452, 96996586, 96955531. (12-11-26) বাটানগর - বাটা মোড়: PSJ2EGL91275760, 91711229, 92950855, 94265271, 95337435, 95622310, 95993026, 96967834, 96936938, 97210336, 97193718. বেলদা - মেইন রোড: PST3EGL91274699, 95365880, 97557347. বেড়াচাঁপা - টাকি রোড: PUG9EGL96441839, 96739098, 97208951. বোলপুর - শ্রীনিকেতন রোড: PRE2EGL91260887, 91256443, 92978340, 93190717, 93499237, 94653013, 96016572, 96058106, 96733910, 96702605, 97557286. চাকদহ - বনগাঁ রোড: PQS3EGL90909700, 90858215, 91301971, 92679945, 92651738, 92751257, 93458978, 93468558, 94633361, 94871518, 95325481, 95341786, 95522307, 96016641, 95995452, 96068600, 44083675, 96245473, 96249046, 96225130, 45027678, 97605248. চাঁচল - BGL: PTZ6EGL95351348. (13-11-26) চাঁদিপুর - মঠ: PQN2EGL90956307, 90870689, 91120577, 91899100, 41588373, 93024286, 92938520, 93005235, 93002242, 93421434, 94882478, 95089413, 95101956, 95570852, 95580324, 95973167, 95981301, 95996446, 96211134, 96461451, 96734166, 96704485, 96946568, 96962217, 97567061, 97655021, 97546987, 45399955. চন্দ্রকোণা - সাতবাঁকুড়া: PQN9EGL91296237, 92734829, 92615331, 92688774, 92987775, 93259939, 94605827, 95124516, 95345548, 95640178, 96211845, 96205046, 96692362, 96721637, 96770673, 96713315, 96688382, 97630398. কাঁথি - এন এস রোড: PQM9EGL95107259, 96546672, 96528808. ডেবরা - মেইন মার্কেট: PQN7EGL90918999, 90905296, 90924578, 92610192, 92600293, 92763097, 92960709, 92922163, 95549451, 95543848, 95979012, 95996298, 96449722, 96762838, 96931068, 96983563, 97213793, 97621800, 97581319, 97609060, 97630371, 97547140, 97596109. এগরা - কলেজ রোড: PQN1SGL34282622, 41878862, 42908370, 43621713, 96047111. ফালাকাটা - BGL: PTZ1EGL95070855, 96983310. (16-11-26) গঙ্গারামপুর - তপন রোড: PRN8EGL93840832, 97249346. ঘাটাল - কোন্নগর: PQP2EGL90823681, 92199811, 92221520, 93011970, 92917350, 93197166, 93836037, 94885119, 95080150, 95286796, 95515765, 95568682, 95936435, 96734781, 96926837, 97219987, 97266911. হাবড়া - BGL: PTO3EGL91295202, 92684712. হলদিয়া - মঞ্জুশ্রী: PRE5EGL92238325, 97627604. কাকদ্বীপ - নামখানা রোড: PS07EGL95120416. কালনা - নিউ বাস স্ট্যান্ড: PRK6EGL93866564, 95086701. (17-11-26) কামারহাটি - বি টি রোড: PQT9EGL91139085, 91303653, 91286503, 41621085, 41611242, 93429802, 93471057, 42892181, 94639276, 96930316. কাঁচরাপাড়া - মেইন রোড: PQP7EGL90814783, 91082638, 91300625, 91261570, 91433781, 92078060, 92943470, 93010099, 93476455, 93465489, 93471890, 94897117, 94821419, 96455953, 44484243, 96977387, 96997431, 97004705, 96984544, 45118244, 97644363, 97638900, 97539101. কাটোয়া - কাছারি রোড: PRK5EGL90868855, 91897075, 91779308, 92115433, 92274581, 92776274, 92896314, 95531045, 95928644, 96928645, 96990681. খড়্গপুর - মালঞ্চ রোড: PQP1EGL90896823, 90885866, 91089771, 91088369, 91288697, 92150555, 92128168, 92643164, 92735266, 92985941, 93202952, 93423985, 93895121, 93868103, 94409863, 94278871, 94874524, 94881055, 95136923, 43461175, 95330785, 95581011, 95970408, 96278615, 96206901, 96260014, 96501607, 96715558, 96975270, 97256467, 97609280, 97620346, 97585433. কলকাতা - আক্রা সন্তোষপুর: PUL9EGL95997836, 96027530, 96043006, 96539992, 96758821, 97245497, 97559938. (18-11-26) কলকাতা - গার্ডেনরিচ: PQR7EGL90808840, 90951866, 40881317, 91434463, 91442946, 91439455, 41206019, 92597816. কলকাতা - যাদবপুর: PQR8EGL90890540, 41038171, 95528342, 95988451, 96771135, 96764886, 96778938, 97674861. কৃষ্ণনগর - আর এন টেগোর রোড: PRU4EGL97599926. মধ্যমগ্রাম - চৌমাথা: PQS4SGL32495815, 92236358, 92990097, 95313065, 95621952, 96077731, 96278962, 44467154, 96791917, 96704098, 97671490, 45425614. মালদা - রথবাড়ি মোড়: PRN6EGL93492092, 96532454, 96488153, 97729345, 97638056. মেচেদা - মেইন রোড: PQN5SGL32457625, 91711033, 41885764, 93203271, 94624617, 94888146, 95083367, 95331485, 95559100, 96782814, 96688700, 97670473, 97670075. (19-11-26) মেদিনীপুর - বিধান নগর: PQN8EGL90906747, 90896972, 90866140, 91114368, 92662748, 92669490, 95102620, 95119587, 97034422, 97253905, 45084722. নৈহাটি - আর বি সি রোড: PQP4EGL90833599, 91075079, 91296969, 91310878, 91302422, 42490819, 44672779, 96931370, 97023464, 97001589, 97017892. পাঁশকুড়া - স্টেশন রোড: PQN6EGL90829624, 90874676, 93901168, 96049210, 96987951. রামপুরহাট - মাড়গ্রাম মোড়: PRN7EGL91152549, 92137600, 92943892, 93177061, 94922236, 94849020, 95164134, 95099558, 95081139, 95955591, 96508832, 96699473, 96714006, 96972696. সালার - কলেজ মোড়: PRQ9EGL90865475, 92979638, 93015275, 93191217, 93976177, 94696847, 94649568, 94890532, 95616778, 96021483, 96000262. (20-11-26) শান্তিপুর - এন এস রোড: PRR2EGL90907088, 91102910, 91111019, 91072363, 91282179, 91394530, 91400317, 92641009, 92696228, 92725912, 92932219, 92941248, 94324559, 94639885, 94901000, 96525950, 96999363, 96935338, 97578016. শ্যামনগর - ফিডার রোড: PQU5EGL90832905, 91123349, 91149896, 91138532, 91295267, 91394803, 92637656, 92711563, 92722455, 93046228, 93476402, 94361836, 94610782, 94852231, 95178608, 95330823, 95323806, 95296065, 44304375, 96476257, 96783354, 96978635, 97242196, 97219960. সিউড়ি - মাদ্রাসা রোড: PRH3EGL90875827, 91109990, 91288021, 92084254, 92589343, 93226490, 93438674, 94929834, 95360620, 95284071, 95531525, 95537004, 96522177, 96763629, 96723639, 97206348. তমলুক - মেচেদা হলদিয়া রোড: PQN4EGL93037187, 43477455, 95281867. উলুবেড়িয়া - বাজার পাড়া: PTA5EGL90851336, 92644097, 92978150, 94270442, 94612908, 94603179, 94855981, 95089209, 95344836, 95396466, 96288767, 97645984.

বাজাজ ফাইন্যান্স লিমিটেড

ভারত সরকার
মিনিস্ট্রি অফ হোম অ্যাফেয়ার্স
ইন্সপেক্টর জেনারেলের কার্যালয়, বিএসএফ
সাউথ বেঙ্গল ফ্রন্টিয়ার
অ্যাকশন এরিয়া–IIই, নিউ টাউন,
রাজারহাট/কলকাতা–৭০০১৬১

বিএসএফ–এ ওয়াক–ইন ইন্টারভিউ
০৫.১০.২০২৬ থেকে ০৯.১০.২০২৬ তারিখ পর্যন্ত স্পেশালিস্ট ডাক্তার এবং জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসারদের জন্য

উপযুক্ত এবং ইচ্ছুক পুরুষ ও মহিলা প্রার্থীরা বিএসএফ কম্পোজিট হাসপাতাল/ বিএসএফ হাসপাতালে চুক্তিভিত্তিক স্পেশালিস্ট ডাক্তার এবং জিডিএমও হিসেবে নিয়োগের জন্য ওয়াক–ইন ইন্টারভিউতে অংশগ্রহণ করতে পারেন।

ক্রমিক নং	পদ	শূন্যপদ	মাসিক বেতন	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১	**স্পেশালিস্ট:** রেডিওলজিস্ট, গাইনোকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স, প্যাথোলজিস্ট, অ্যানাস্থেটিস্ট, অফথালমোলজিস্ট	০৮	₹৮৫,০০০/–	ওয়াক–ইন ইন্টারভিউয়ের তারিখে ৬৭ বছরের বেশি নয়	• ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট, ১৯৫৬–এর প্রথম বা দ্বিতীয় তফসিল বা তৃতীয় তফসিলের পার্ট II–এর অন্তর্ভুক্ত একটি স্বীকৃত মেডিক্যাল যোগ্যতা (লাইসেন্সিয়েট যোগ্যতা ব্যতীত)। পার্ট II বা তৃতীয় তফসিলের অন্তর্ভুক্ত শিক্ষাগত যোগ্যতার অধিকারীদের ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট, ১৯৫৬–এর ধারা (১৩)–এর উপ–ধারা (৩)–এ নির্ধারিত শর্তাবলীও পূরণ করতে হবে। • ষষ্ঠ তফসিলের সেকশন–এ বা সেকশন–বি–তে উল্লিখিত সংশ্লিষ্ট স্পেশালিটিতে স্নাতকোত্তর ডিগ্রি/ডিপ্লোমা অথবা সমতুল্য। • পিজি ডিগ্রিধারীদের জন্য ১½ বছরের অভিজ্ঞতা এবং ডিপ্লোমাধারীদের জন্য পিজি ডিগ্রি/ডিপ্লোমা বা সমতুল্য যোগ্যতার পর সংশ্লিষ্ট স্পেশালিটিতে ২½ বছরের অভিজ্ঞতা।
০২	**জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার (জিডিএমও)**	৪২	₹৭৫,০০০/–		• ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট, ১৯৫৬–এর প্রথম বা দ্বিতীয় তফসিল বা তৃতীয় তফসিলের পার্ট II–এর অন্তর্ভুক্ত একটি স্বীকৃত মেডিক্যাল যোগ্যতা (লাইসেন্সিয়েট যোগ্যতা ব্যতীত)। পার্ট II বা তৃতীয় তফসিলের অন্তর্ভুক্ত শিক্ষাগত যোগ্যতার অধিকারীদের ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট, ১৯৫৬–এর ধারা (১৩)–এর উপ–ধারা (৩)–এ নির্ধারিত শর্তাবলীও পূরণ করতে হবে। • বাধ্যতামূলক রোটেটিং ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

২. আগ্রহী প্রার্থীরা বিস্তারিত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট **http://rectt.bsf.gov.in** বা **www.bsf.gov.in** দেখতে পারেন।

Comdt. (Estt.)

CBC19110/11/0054/2627

আজকাল

৪৬ বর্ষ ১৮৯ সংখ্যা ১৩ আশ্বিন ১৪৩৩ বৃহস্পতিবার ১ অক্টোবর ২০২৬

অনভিজ্ঞ

নিট পরীক্ষার প্রশ্ন–ফাঁসের ইস্যুতে নবোদিত ককরোচ পার্টির আন্দোলন দেশকে আলোড়িত করেছিল। জেন জি বিক্ষোভ কতটা পারে, এই দেশও দেখল। নরেন্দ্র মোদির জমানায় যা কখনও হয়নি, তা হল। ইস্তফার দাবি বিরোধীরা তোলেন মাঝেমধ্যে, গণতন্ত্রে স্বাভাবিক। সিজেপি–র দাবি ছিল, শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানকে ইস্তফা দিতে হবে। বাড়াবাড়ি মনে হয়েছিল। বিদেশে গবেষণারত অভিজিৎ দীপকের নতুন দল গঠিত হল। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির পর্যবেক্ষণের একটি আলগা শব্দ ‘ককরোচ’, নতুন দলের জন্মসূত্র। প্রধান বিচারপতি বুঝিয়ে বলেন, এটা কথার কথা। শান্ত হননি সিজেপি নেতারা। যন্তর মন্তরে ধর্না। তুমুল বিক্ষোভ। গোটা দেশে ছড়াল আন্দোলন, কারণ, ইস্যুটা তরুণ প্রজন্মের কাছে প্রাসঙ্গিক। নিট–এর অনেক কর্তাকে সরানো হল, সরানো হল শিক্ষাসচিবকেও। সিজেপি নেতারা সন্তুষ্ট হননি। দাবিতে অনড়, সরতে হবে শিক্ষামন্ত্রীকে। প্রধানমন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগপত্র গ্রহণ করলেন। অভাবনীয়। এরপর, নানা রাজ্যে স্কুলে গিয়ে পরিদর্শন। যাঁরা ওঁদের নিগ্রহ করলেন, দোষী। কিন্তু স্কুল পরিদর্শনের অধিকার সিজেপি–কে কে দিল? জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে সব বিরোধী দল সরব। সিজেপি নেতা অভিজিৎ সময়সীমা দিলেন, জ্ঞানেশ কুমারকে ইস্তফা দিতে হবে। বারবার এক অস্ত্রে কাজ হতে পারে? অভিজিৎ দীপকে এই সূত্রে আরও বললেন, বিরোধীদের উচিত ভোট বয়কট করা, কারণ, ঠিকমতো ভোট হচ্ছে না। বিরোধীরা বয়কটে নারাজ। কেন রাজি হবেন? লড়াই চলতে পারে নানা ভাবে, কিন্তু ভোট বয়কট ঠিক পথ হতে পারে? সংসদে যদি বিরোধীরা না–যান, আওয়াজ কারা তুলবেন? নির্বাচন থেকে দূরে গেলে ন্যূনতম সম্ভাবনাও চলে যাবে। সিজেপি নেতারা লড়াকু, কিন্তু অনভিজ্ঞ। বাড়াবাড়ি হয়ে যাচ্ছে তো!

প্রিয় সম্পাদক

তিনি ছিলেন দর্শকদের মনকাড়া নায়িকা

সম্প্রতি মুম্বইয়ে জীবনাবসান ঘটল বাংলা চলচ্চিত্রের সত্তর দশকের সাড়াজাগানো অভিনেত্রী মিঠু মুখার্জির। কলকাতায় জন্ম ও বেড়ে ওঠা। তবে বহুদিন ধরেই তিনি ছিলেন মুম্বইয়ে। ‘আজকাল’ পত্রিকায় প্রকাশিত সংবাদেই জানলাম, দক্ষিণ কলকাতার বাড়ি বিক্রি করে দেশের বাণিজ্য নগরীতেই ঠাঁই নেন মিঠু অনেক বছর আগেই। বছরখানেক ধরে শরীরে বাসা বেঁধেছিল দুরারোগ্য কর্কটরোগ। তাতেই চলে গেলেন তিনি। তবে, বাংলা ছবির দর্শকদের মনে গভীর এক ছাপ রেখে গিয়েছেন মিঠু। এখনও দূরদর্শন বা অন্য বাণিজ্যিক বিনোদনের চ্যানেলে সন্ধের প্রাইম টাইমে ‘মর্জিনা আবদাল্লা’, ‘মৌচাক’ বা ‘স্বয়ংসিদ্ধা’–র মতো এক সময়কার ব্লকবাস্টার বাংলা ছবিগুলো দেখানো হলে সব বয়সের মানুষ তারিয়ে–তারিয়ে তা উপভোগ করেন। মিঠু মুখার্জি যখন কেরিয়ারের মধ্যগগনে, তখন বাংলা সিনেমায় ‘বসন্তের হাওয়া’! সাবিত্রী চট্টোপাধ্যায়, মাধবী মুখোপাধ্যায়, সুপ্রিয়া দেবী বা অপর্ণা সেনের মতো দুর্ধর্ষ নায়িকাদের সগৌরব উপস্থিতি সত্ত্বেও তিনি টলিউডে (তখন অবশ্য এ নামের চল হয়নি) নিজের পায়ের তলার মাটি শক্ত করতে পেরেছিলেন। যা সে যুগে কম কৃতিত্বের বিষয় ছিল না। রঞ্জিত মল্লিক থেকে দেবরাজ রায়, এমনকী মহানায়ক উত্তম কুমারের (হোটেল স্নো–ফক্স ইত্যাদি) সঙ্গে জুটিতেও তাঁর স্বচ্ছন্দ, সাবলীল অভিনয় দর্শকদের তারিফ কুড়িয়ে নিয়েছিল। কেরিয়ারের মধ্যপর্বে ‘সন্ধি’, ‘নিশিকন্যা’, ‘ভাগ্যচক্র’ ছবিগুলোকে বাণিজ্য–সফল বলে চিহ্নিত করা না গেলেও সেই সমস্ত ছবিতেও এই আদুরে নায়িকার অভিনয় আলাদা করে নজর কেড়ে নিয়েছিল। কেরিয়ারের শেষতম ছবি ওঁর নিজেরই পরিচালনায় ‘আশ্রিতা’। সে ছবিতে মুম্বইয়ের অভিনেতা কানওয়ালজিতের সঙ্গেও মিঠুর পর্দা–রসায়ন বেশ জমেছিল। গোটা ছবি–জীবন জুড়েই এই সপ্রতিভ, মিষ্টি নায়িকা যেন সেলুলয়েডে প্রেমের বার্তা রেখে গেলেন।

● *প্রিয়রঞ্জন বসাক*
মহেন্দ্র ভট্টাচার্য রোড, হাওড়া

হৃদয়ে ছাপ রেখে গেছেন মিঠু

১৯৭০ থেকে ১৯৯০— এই দুই দশকের অভিনয় জীবন। ছবির সংখ্যার বিচারে তাঁর কাজ খুব বেশি না হলেও সাদা–কালো পর্দার যুগে তাঁর সহজাত গ্ল্যামার ও অভিনয় আমাদের মুগ্ধ করেছে। অল্প সময়ের মধ্যে হলেও একাধিক ছবি মনে রাখার মতো। চরিত্র অনুযায়ী বদলে নেওয়ার ক্ষমতা ছিল অসাধারণ। ১৯৭২ সালে চিত্ত বসুর ‘শেষ পর্ব’ সিনেমায় শমিত ভঞ্জের বিপরীতে অভিনয়ের মাধ্যমে তাঁর কেরিয়ার শুরু। ১৯৭৩ সালে দীনেন গুপ্তের ‘মর্জিনা আবদুল্লা’ ছবিতে মর্জিনার চরিত্র তাঁকে পাকাপাকি ভাবে দর্শক হৃদয়ে ঠাঁই করে দেয়। এই ছবির সাফল্যের পর এগিয়ে চলা। পিছনে ফিরে তাকাতে হয়নি ‘মর্জিনা’ অভিনেত্রী মিঠু মুখার্জিকে। ১৯৭৪ সালে অরবিন্দ মুখোপাধ্যায়ের ‘মৌচাক’ তাঁকে আরও জনপ্রিয় করে তোলে। খুব কম সময়ের মধ্যে নীপা–র চরিত্রের মাধ্যমে নিজের অভিনয় দক্ষতায় আমাদের চোখের মণি হয়ে উঠতে পেরেছিলেন। উত্তমকুমার, সাবিত্রী চট্টোপাধ্যায়, রঞ্জিত মল্লিকের মতো কিংবদন্তিদের পাশে সিনেমা জগতে নজর কাড়লেন। আশা ভোসলের কণ্ঠে ও তাঁর লিপে ‘বেশ করেছি, প্রেম করেছি’ গানটি খুবই জনপ্রিয়তা লাভ করেছিল।

১৯৭৫ সালে ‘স্বয়ংসিদ্ধা’ তাঁর অভিনয় জীবনে উল্লেখযোগ্য কাজ। পরবর্তীকালে তাঁর অভিনীত ‘চাঁদের কাছাকাছি’, ‘হোটেল স্নো ফক্স’, ‘নিশিকন্যা’, ‘প্রতিমা’, ‘ভাগ্যচক্র’, ‘সন্ধি’ ও ‘কবি’ ইত্যাদি বাংলা চলচ্চিত্রের মাধ্যমে সেই খ্যাতি ধরে রাখেন। অনেক ছবি সত্যিই দৃষ্টান্ত স্থাপন করেছিলেন। এখনও তাঁর অভিনয় বাংলা ছবির দর্শকের স্মৃতিতে উজ্জ্বল। রুপোলি পর্দায় নামার পাঁচ বছরের মধ্যে জনপ্রিয়তা এতটাই তুঙ্গে যে, ‘কলকাতার রেখা’ তকমা পেয়ে গেলেন। এক অদ্ভুত সম্মোহনী আকর্ষণ আর মোহময়ী চোখের আবেদন ছিল তাঁর, যা খুব কমই দেখা গেছে বাংলা চলচ্চিত্রে নায়িকাদের মধ্যে। কাজ করেছেন হিন্দি ও ওড়িয়া ছবিতেও। ১৯৭৬ সালে দুলাল গুহের ‘খান দোস্ত’ হিন্দি চলচ্চিত্রের মাধ্যমে বলিউডে আত্মপ্রকাশ করেন। বিপরীতে ছিলেন শত্রুঘ্ন সিনহা। ১৯৯০ সালে চন্দ্র বোরাটের সফল চলচ্চিত্র ‘আশ্রিতা’র মাধ্যমে তিনি শেষ বারের মতো পর্দায় ফিরে আসেন। যত দ্রুত তিনি দর্শকের মনে পাকাপাকি জায়গা করেছেন, ততটাই নিঃশব্দে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন। তাঁর অভিনয় বাঙালি হৃদয়ে চিরকালীন হয়ে থাকবে। তাঁর মিষ্টি মুখের সৌন্দর্য আর অভিনয়ে সাবলীল ব্যক্তিত্বের মাধ্যমে তিনি চিরকালই বেঁচে থাকবেন।

● *সুব্রত পাল*
নিউ আলিপুর, কলকাতা ৩৮

‘বাঙালির রেখা’

খুব বেশি ছবিতে তিনি অভিনয় করেননি। কিন্তু তাঁর অভিনয় মানুষকে নাড়া দিয়েছিল। সাতের দশকে একজন বাঙালি ক্যাবারে ডান্স করছেন, এটা ভাবাও যেত না। সেদিক থেকে বাংলা ছবিতে এক আলাদা মাত্রা এনেছিলেন মিঠু মুখার্জি। দিকপাল সব অভিনেতা ও অভিনেত্রীর ভিড়েও তিনি স্বতন্ত্র ছাপ রাখতে পেরেছিলেন। তাই এত বছর পরেও বাঙালি তাঁকে হৃদয়ে আগলে রেখেছে।

১৯৭২ সালে প্রথম ছবি তেমন সাড়া ফেলেনি। ১৯৭৩ সালে ‘মর্জিনা আবদুল্লা’ ব্লকবাস্টার। ৮ বছরে মাত্র ২১টি বাংলা ছবি করেন। তারপর তিনি গ্ল্যামার জগৎ থেকে সরে যান, তাঁকে আর দেখা যায়নি। তাঁর অভিনীত ‘মৌচাক’ ছবি অন্যতম সেরা বাংলা কমেডি। বেশ কিছু হিন্দি ছবিও করেন। কিন্তু সেখানে তেমন দাগ কাটতে পারেননি। তবে বাংলায় তিনি বেশ জনপ্রিয়ই ছিলেন। তাঁকে ডাকা হত ‘বাঙালি রেখা’ বলে।

● *সুদীপ্ত ব্যানার্জি*
সিউড়ি, বীরভূম

ওঁর পর্দায় উপস্থিতি ছিল ঈর্ষণীয়

মিঠু মুখার্জির প্রয়াণের খবর বাংলার চলচ্চিত্রপ্রেমী মানুষকে বেশ খানিক ‘নস্ট্যালজিক’ করে তুলল। মাত্র ১৭ বছর বয়সে চিত্ত বসুর পরিচালনায় ‘শেষ পর্ব’ ছবিতে অভিনয় করে ওঁর পথচলা শুরু হয়েছিল। উজ্জ্বল কেরিয়ারে শেষতম মাইলফলক ‘আশ্রিতা’। যা মুক্তি পেয়েছিল নব্বই দশকের গোড়ার দিকে। দীনেন গুপ্তর ‘মর্জিনা আবদাল্লা’ ছবিতে এই ‘ন্যাচারাল’ অভিনেত্রীর পারফরমেন্স মুগ্ধ করেছিল দর্শকদের। সলিল চৌধুরি সুরারোপিত সে ছবির গানগুলোও ছিল সুপারহিট। ‘বাজে গো বীণা’ বা ‘হায় হায় প্রাণ যায়’— এই দুটো গানেই মিঠুর অনবদ্য ছলাকলা সে আমলের তরুণ–যুবাদের মনে ঢেউ তুলেছিল। এর কিছু পরে ‘মৌচাক’ ছবিতেও ওঁর সাবলীল অভিনয় আলাদা করে উল্লেখের দাবি রাখে। কেরিয়ারের সোনা–ঝরা পর্বে হঠাৎ করেই বম্বে (অধুনা মুম্বই) পাড়ি দেন। উদ্দেশ্য ছিল, হিন্দি ছবিতে কাজ করা। তা খানকয়েক ছবি তিনি করেওছিলেন বটে। ‘খান দোস্ত’, ‘দিল্লাগি’ বা ‘সফেদ ঝুট’ ছবিগুলোর কোনওটাই হয়তো বড়মাপের হিট নয়, তবে বলিউডি ছবির পর্দাতেও মিঠুর ‘স্ক্রিন–প্রেজেন্স’ আলাদা করে প্রশংসা কুড়িয়েছিল তাবড় সিনে–বিশেষজ্ঞদের। এই দুরন্ত পর্দা–উপস্থিতির গুণেই যে কোনও চরিত্রকেই জীবন্ত করে তুলতে পারতেন তিনি। চলচ্চিত্র–জীবনের শেষবেলায় ‘আশ্রিতা’ ছবিতেও প্রমাণ করেছিলেন, চাইলে ইন্ডাস্ট্রিতে নতুন করে থিতু হয়ে সমকালীন অন্য প্রথম সারির বাঙালি নায়িকাদের রক্তচাপ বাড়িয়ে দিতে পারেন। যদিও কোনও এক অজ্ঞাত কারণে সেই ছবি তুমুল হিট হওয়ার পরও আর কখনও আমরা মিঠু মুখার্জিকে ক্যামেরার সামনে পাইনি। তাঁর চলে যাওয়া নিঃসন্দেহে বাংলা ছবির জগতের এক অপূরণীয় শূন্যতা তৈরি করে দিল।

● *দেবারতি দাশগুপ্ত*
ঢাকুরিয়া, কলকাতা

চিঠি লিখুন ইমেলেও priyo_sampadak@aajkaal.net

গণতন্ত্র বাঁচানোর ডাক, দেশ জুড়ে ৫ জনসভা

জ্ঞানেশের ইস্তফা চেয়ে আন্দোলনে ‘ইন্ডিয়া’

আবু হায়াত বিশ্বাস
দিল্লি, ৩০ সেপ্টেম্বর

‘ইন্ডিয়া’র বৈঠকে তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জি, কংগ্রেস সাংসদ সোনিয়া গান্ধী, মল্লিকার্জুন খাড়গে, রাহুল গান্ধী–সহ জোটের অন্য নেতারা । দিল্লিতে, বুধবার। ছবি: পিটিআই

এসআইআর ইস্যু ও মুখ্য নির্বাচন কমিশনার (সিইসি) জ্ঞানেশ কুমারের ইস্তফার দাবিতে দেশ জুড়ে আন্দোলনের ঘোষণা করল ‘ইন্ডিয়া’ জোট। বুধবার দিল্লিতে বিরোধী নেতাদের বৈঠকে ঠিক হল আন্দোলনের রূপরেখা। এদিন কনস্টিটিউশন ক্লাবে প্রায় সাড়ে তিন ঘণ্টা ধরে বৈঠক চলে। ঠিক হয়, জেলা স্তরে গণতন্ত্র বাঁচাও কর্মসূচির পাশাপাশি নির্বাচন কমিশন দপ্তর পর্যন্ত বিরোধী সাংসদদের নিয়ে হবে ‘নির্বাচন সদন চলো’ অভিযান। দেশ জুড়ে পাঁচটি জনসভাও করা হবে জোটের তরফে। সিইসি–র পদত্যাগের দাবিকে একেবারে তৃণমূল স্তরে নিয়ে যেতে চাইছে ইন্ডিয়া জোট। এদিনের বৈঠকে ১৯টি রাজনৈতিক দলের শীর্ষ নেতৃত্ব ও নির্দল সাংসদ কপিল সিবাল উপস্থিত ছিলেন। ভার্চুয়ালি অংশ নেন শিবসেনা নেতা উদ্ধব ঠাকরে, জেএমএম নেতা হেমন্ত সোরেন। অখিলেশ আসতে না পারলেও, তাঁর দলের প্রতিনিধি রামগোপাল যাদব উপস্থিত ছিলেন। তবে প্রত্যাশিত ভাবেই এদিনের বৈঠকে ডিএমকে ও আপ নেতা এমকে স্ট্যালিন ও অরবিন্দ কেজরিওয়াল বা তাঁদের প্রতিনিধি অনুপস্থিত ছিলেন। বৈঠকে সকলেই এসআইআর ভোট চুরি ও সিইসি–র পদত্যাগের দাবিতে আন্দোলনের বিষয়ে একমত হয়েছেন।

সাড়ে তিন ঘণ্টার বৈঠকের পর এদিন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে জোটের যৌথ কর্মসূচি ঘোষণা করেন। জানান, আগামী ২ থেকে ৮ অক্টোবর যুব সমাজ ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলিকে সঙ্গে নিয়ে দেশ জুড়ে ‘গণতন্ত্র বাঁচাও’ পদযাত্রা ও জেলাশাসকের দপ্তরের সামনে বিক্ষোভ হবে। ৬ অক্টোবর সমস্ত বিরোধী সাংসদ নির্বাচন কমিশনের দপ্তর পর্যন্ত পদযাত্রা করবেন। অক্টোবরের দ্বিতীয় সপ্তাহে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতের জন্য সময় চাওয়ার সিদ্ধান্তও নেওয়া হয়েছে। নির্বাচন কমিশনের কথিত অনিয়ম এবং এসআইআর নিয়ে বিরোধীদের অভিযোগ রাষ্ট্রপতির কাছে তুলে ধরবেন বিরোধী দলের নেতারা। পাশাপাশি, দেশ জুড়ে পাঁচটি বড় সমাবেশের কর্মসূচি নেওয়া হয়েছে। এর মধ্যে ১ নভেম্বর দিল্লিতে হবে বিরোধীদের যৌথ মেগা র‍্যালি। সেই সঙ্গে বড় সমাবেশও হওয়ার কথা। জানা গিয়েছে, দিল্লির পাশাপাশি, কলকাতা, হায়দরাবাদ, বেঙ্গালুরুর মতো শহরেও মেগা সমাবেশ হবে। এসআইআর এবং সুপ্রিম কোর্টে বিচারাধীন নির্বাচনী অনিয়ম–সংক্রান্ত মামলাগুলির দ্রুত শুনানির আবেদন জানিয়েছে ইন্ডিয়া জোট। উল্লেখযোগ্য বিষয় হল, বৈঠকে উপস্থিত সমস্ত দলই ইভিএমের পরিবর্তে ব্যালট পেপারে নির্বাচন করানোর পক্ষে একমত হয়েছে। সিইসি–র ভূমিকার কড়া সমালোচনা করেন কংগ্রেস সভাপতি। তাঁর অভিযোগ, নির্বাচন কমিশনের ভিতরে দু–তিনজন দাবার বোড়ে হিসেবে কাজ করছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তাঁদের হাতের পুতুল হিসেবে ব্যবহার করছেন।

তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জিও জ্ঞানেশ কুমারের ইস্তফার দাবি জানান। দেশের মুখ্য নির্বাচন কমিশনারকে নিশানা করেন তিনি। জ্ঞানেশ কুমারকে ‘ভ্যানিশ কুমার’ বলে কটাক্ষ করেন মমতা। তিনি বলেন, ‘ভ্যানিশ কুমার চোর, ভ্যানিশ কুমার ডাকাত। ভোট চুরি করেছেন, ইভিএম পুড়িয়েছেন। হাইজ্যাক করেছেন ইভিএম, গণনায় কারচুপি হয়েছে। অবিলম্বে পদত্যাগ করতে হবে ওঁকে।’ জ্ঞানেশ কুমারকে না সরালে আন্দোলন অনেক দূর যাবে বলেও হুঁশিয়ারি দেন তৃণমূল নেত্রী। তাঁর দাবি, মাটি থেকে আকাশ, চাঁদ, সূর্যে পৌঁছোবে আন্দোলন।’ কমিশনকে নিশানা করে তাঁর প্রশ্ন, ‘ইভিএম মেশিন পোড়ালেন কেন? সীমা খান্না কে? সফ্টঅয়্যার কোথা থেকে এল? বাংলায় ৯২ লক্ষ ভোট লুঠ হয়েছে। গোটা দেশে ১৩ কোটিরও বেশি। ইআরও–দের ডেডলক করে দিলেন! সিস্টেমকে শেষ করে দিয়েছেন।’ তাঁর বক্তব্য, ‘আর এক মিনিটও পদে থাকা উচিত নয় ওঁর। এখনই ইস্তফা দেওয়া উচিত।’ বৈঠকে মমতা দাবি করেছেন, ‘পশ্চিমবঙ্গে স্বৈরতন্ত্র চালাচ্ছে বিজেপি।’ তাঁর অভিযোগ, তাঁকে বাড়ি থেকে বেরোতে দেওয়া হচ্ছে না। খাড়গের পরেই সাংবাদিক বৈঠকে মমতাকে বলতে দেওয়া হয়। মমতা জানান, ‘আমরা ঐক্যবদ্ধ, একজোট। এর চেয়ে বড় দুর্নীতি আগে হয়নি। বিহারে রাহুল গান্ধী, তেজস্বী যাদব ভোটচুরির কথা বলেছিলেন। ২০২৪ সালে ভোট চুরি করে জিতেছে বিজেপি। মধ্যপ্রদেশ, হরিয়ানা, বিহারেও ভোট চুরি করে জিতেছে। বাংলায় পুরোটাই লুঠ করেছে। আমরা এখানে কমিশনের কাছে গিয়েছিলাম। সুপ্রিম কোর্টে গিয়েছি। কড়া নেড়েছি সব দরজায়। আর এখন তো সব প্রকাশ্যে।’ তৃণমূল নেত্রীর দাবি, ‘গণতন্ত্র ফেরাতে, সংবিধান বাঁচাতে আমরা লড়ব, জিতব। এর জন্য প্রাণ বাজি রাখতেও প্রস্তুত আমরা। ছাত্রছাত্রী, মহিলা, স্বেচ্ছাসেবী সংস্থা, সকলের সমর্থন প্রার্থনা করছি।’ রাহুল গান্ধী এদিন বলেন, বৈঠকে মূল আলোচনার বিষয় ছিল ‘ভোট চুরি’। তাঁর দাবি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে নির্বাচন ও গণতান্ত্রিক ব্যবস্থা নিয়ে বিরোধীদের অনেক অভিযোগ রয়েছে। রাহুল জানান, ‘আমরা বিষয়টি নিয়ে চুপ করে থাকব না।’

নীতীশের ‘ইন্ডিয়া’-ত্যাগ: ভিন্নমত সোনিয়া-দিগ্বিজয়

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৩০ সেপ্টেম্বর

গত মঙ্গলবারের কংগ্রেস ওয়ার্কিং কমিটির বৈঠকে উঠে এল নীতীশ কুমারের ‘ইন্ডিয়া’ জোট ছেড়ে যাওয়ার প্রসঙ্গ। বৈঠকে সোনিয়া গান্ধী ও দিগ্বিজয় সিংয়ের মধ্যে নীতীশকে নিয়ে মতপার্থক্য তৈরি হয়। জানা গিয়েছে, দিগ্বিজয় বলেন, নীতীশকে জোট ছাড়তে দেওয়া উচিত হয়নি। তিনি থেকে গেলে রাজনৈতিক পরিস্থিতি অন্য রকম হতে পারত। জবাবে সোনিয়া বলেন, ‘ভালই হয়েছে, নীতীশ সময়মতো বেরিয়ে গিয়েছেন। ওঁর সেখানেই যাওয়ার কথা ছিল।’ তাঁর দাবি, নীতীশ বরাবরই ‘ইন্ডিয়া’ জোট ছাড়ার রাস্তা খুঁজছিলেন। উল্লেখ্য, ২০২৪ সালের জানুয়ারিতে মহাগঠবন্ধন ছেড়ে বিজেপির সঙ্গে ফের সরকার গড়েন নীতীশ।

ইন্ডিয়া জোটের ঐক্য নিয়েই প্রশ্ন বিজেপির

বীরেন ভট্টাচার্য
দিল্লি, ৩০ সেপ্টেম্বর

মমতা ব্যানার্জি বা রাহুল গান্ধী, দেশের প্রধানমন্ত্রী অথবা কোনও রাজ্যের মুখ্যমন্ত্রী কে হবেন, তাঁদের কেউই স্থির করতে পারেন না। দেশের মানুষের আস্থা, ভালবাসা এবং সাধারণ মানুষের ভোট যাঁর দিকে, তিনি হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এখনও পর্যন্ত নরেন্দ্র মোদি দেশের কুর্সিতে রয়েছেন। ইন্ডিয়া জোটের বৈঠক থেকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং নির্বাচন কমিশনের সমালোচনার জবাব দিল বিজেপি। বুধবার দলের তরফে সাংবাদিক সম্মেলন করে কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন, ইন্ডিয়া জোটের মধ্যেই অনৈক্য রয়েছে।

এদিন ইন্ডিয়া জোটের সাংবাদিক সম্মেলনে সোনিয়া গান্ধীর পাশে বসেই বক্তব্য রাখতে দেখা গিয়েছে বাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে। শিবরাজ বলেন, ‘পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের আবহে একটি ভিডিও প্রকাশ করেছিলেন রাহুল গান্ধী। সেখানে তিনি বলেছেন, রাজ্যে বিজেপি জিতবে শুধুমাত্র মমতা ব্যানার্জির ভুলের কারণে, এসআইআরের জন্য নয়। অথচ রাহুল গান্ধী নিজেই তো ভোটে মমতা ব্যানার্জির হারের প্রকৃত কারণ সম্পর্কে জানিয়েছিলেন। যখনই ভোট এগিয়ে আসে রাহুল গান্ধী, মল্লিকার্জুন খাড়গেরা আদালত, সাংবিধানিক প্রতিষ্ঠানগুলি নিয়ে প্রশ্ন তোলেন।’ তিনি বলেন, ‘বাংলায় ভোটের সময় রাহুল গান্ধী বুক চাপড়াচ্ছিলেন আর ভোট মিটে যাওয়ার সময় তালি বাজানোর মতো কাজ করছেন। হাতির দাঁত দেখানোর একটা, কাজের জন্য আরেকটা।’ শিবরাজের দাবি, ইন্ডিয়া জোটের বৈঠকে তাদের গুরুত্বপূর্ণ জোট শরিকদের অনুপস্থিতি তাদের ঐক্য নিয়েই প্রশ্ন তুলে দিয়েছে। তাঁর দাবি, ‘যদি তাদের ইস্যু এতটাই গুরুত্বপূর্ণ হয়ে থাকে, তা হলে উত্তরপ্রদেশ নির্বাচনের আগে কেন অখিলেশ যাদব অনুপস্থিত ছিলেন? এমকে স্ট্যালিন অনুপস্থিত ছিলেন। ডিএমকে জানিয়েছে, যেখানে কংগ্রেস থাকবে তারা যাবে না। অরবিন্দ কেজরিয়াল অনুপস্থিত ছিলেন, সশরীরে উপস্থিত না হয়ে ভার্চুয়াল মাধ্যমে যোগ দিয়েছিলেন উদ্ধব ঠাকরে। হেমন্ত সোরেনের কোনও খবর নেই।’ শিবরাজের বক্তব্য, কংগ্রেস এবং ইন্ডিয়া জোটের নেতারাই রাহুল গান্ধীকে নেতা বলে মনে করেন না।

বারাণসীতে বিজেপির মেগা কর্মসূচি

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৩০ সেপ্টেম্বর

বারাণসীতে ৭ অক্টোবর বড় কর্মসূচি হাতে নিয়েছে বিজেপি। সেদিনই প্রশাসক নরেন্দ্র মোদির ২৫ বছর পূর্ণ হচ্ছে। সেই উপলক্ষে বারাণসীর কর্মসূচির মধ্য দিয়ে একদিকে প্রধানমন্ত্রী মোদির ২৫ বছর, অন্য দিকে, ভোটপ্রচার শুরু করার পরিকল্পনা নিয়েছে বিজেপি। উল্লেখ্য, ৭ অক্টোবরই শেষ হচ্ছে ‘বারাণসী থেকে ভাদনগর’ বাইক যাত্রা। জানা গিয়েছে, ওই দিন একাধিক কর্মসূচি রয়েছে। বারাণসীর কাশী বিশ্বনাথ মন্দিরে পুজো দেওয়ার পাশাপাশি ভাদনগরের হটকেশ্বর মন্দিরে পুজো দেওয়া হবে। বিকশিত ভারত সঙ্কল্প যাত্রাকে সামনে রেখে সেবা জ্যোতি যাত্রা পালন করবে বিজেপি। বিভিন্ন জেলা, মহকুমা ছুঁয়ে যাবে এই যাত্রা। জনসভারও আয়োজন করা হচ্ছে। রক্তদান শিবির, পরিচ্ছন্নতা অভিযান পালন হবে সেদিন। এছাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্র, স্কুল, সরকারি প্রকল্পের উপভোক্তাদের সঙ্গে কথোপকথন থাকছে সেদিনের আলোচনায়।

এনসিইআরটি
নবমের পাঠ্যে ‘সত্যমেব জয়তে’র শিকড়

সংবাদ সংস্থা
দিল্লি, ৩০ সেপ্টেম্বর

‘সত্যমেব জয়তে’ বা ‘যতো ধর্মস্ততো জয়ঃ’–র মতো নীতিবাক্যের সঙ্গে উপনিষদ, মহাভারত ও অন্যান্য প্রাচীন গ্রন্থের যোগসূত্র তুলে ধরা হয়েছে এনসিইআরটি–র নবম শ্রেণির নতুন সমাজবিজ্ঞান বইয়ে। পাশাপাশি, ২০২৩ সালে নতুন সংসদ ভবনে স্থাপন–করা ‘সেঙ্গোল’ এবার নবম শ্রেণির সমাজবিজ্ঞান বইয়ের অংশ হল। মঙ্গলবার প্রকাশিত হয়েছে এনসিইআরটির ‘আন্ডারস্ট্যান্ডিং সোসাইটি ইন্ডিয়া অ্যান্ড বিয়ন্ড পার্ট ২’ বইটি। নতুন শিক্ষাবর্ষ শুরুর ছ’মাস পর। বইটির প্রথম অংশ প্রকাশিত হয়েছিল জুনে।

বইয়ের ‘গভর্ন্যান্স অ্যান্ড পাবলিক পলিসি’ অধ্যায়ে বলা হয়েছে, ভারতের জাতীয় মন্ত্র ‘সত্যমেব জয়তে’র উৎস মুণ্ডক উপনিষদ। শীর্ষ আদালতের মূলমন্ত্র ‘যতো ধর্মস্ততো জয়ঃ’–র উৎস মহাভারত। এর অর্থ, যেখানে ধর্ম আছে, সেখানেই বিজয়। বইয়ে বলা হয়েছে, স্বাধীনতার পর থেকেই ভারতীয় প্রতিষ্ঠানগুলি শাসনব্যবস্থার ঐতিহ্যবাহী ধারণা ও মূল্যবোধ থেকে শিক্ষা নিয়ে আধুনিক গণতন্ত্রের প্রয়োজন অনুযায়ী সেগুলি গ্রহণ করেছে। উদাহরণ হিসেবে বলা হয়েছে, ব্রিটিশ আমলের ‘অর্ডার অফ দ্য স্টার অফ ইন্ডিয়া’র মূলমন্ত্র ছিল ‘হেভেন্‌স লাইট, আওয়ার গাইড’। স্বাধীনতার পর জাতীয় মূল মন্ত্র হিসেবে ভারত মুণ্ডক উপনিষদ থেকে ‘সত্যমেব জয়তে’ অর্থাৎ ‘সত্যেরই জয় হয়’ গ্রহণ করে। সমাজবিজ্ঞানের বইয়ে সেঙ্গোলকে ‘সুশাসনের সাংস্কৃতিক প্রতীক’ বলা হয়েছে। সেঙ্গোল হল রাজদণ্ড। ন্যায়বিচারের প্রতীক। প্রাচীন চোল রাজবংশের রাজত্ব হস্তান্তরের প্রতীক হিসেবে ব্যবহৃত হত। ভারতের স্বাধীনতার সময় ব্রিটিশদের কাছ থেকে ক্ষমতা হস্তান্তরের স্মারক হিসেবে ১৯৪৭ সালের ১৪ আগস্ট প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুকে এই রাজদণ্ডটি তুলে দিয়েছিলেন তামিলনাড়ুর অধীনম সাধুরা।

মাঝ-আকাশে ২ পাইলটের হাতাহাতি, সৌদি আরবে জরুরি অবতরণ বিমানের

সংবাদ সংস্থা
তেল আভিভ, ৩০ সেপ্টেম্বর

মাঝ–আকাশে দুই পাইলটের মধ্যে হাতাহাতি। এক পাইলটের ছুরির আঘাতে রক্তাক্ত হলেন আরেক পাইলট। দু’জনের ঝামেলার জেরে ২ মিনিটের মধ্যে ৩৪ হাজার ফুট উচ্চতা থেকে ১৭ হাজার ফুটে নেমে এল ফ্লাই দুবাইয়ের এফজেড ১০৭৩ বিমান। বিমানটি ছিনতাইয়ের খবরও ছড়িয়ে পড়ে। বুধবার সকালে দুবাই থেকে ইজরায়েলের তেল আভিভ যাচ্ছিল বোয়িং ৭৩৭ ম্যাক্স ৮ বিমানটি। টেক–অফের আড়াই ঘণ্টা পরে আচমকা দুই পাইলটের মধ্যে ঝামেলা শুরু হয়। ওমানের পাইলট ছুরি দিয়ে আক্রমণ করে ভারতীয় পাইলটকে। যাত্রীরা কোনও মতে অভিযুক্ত পাইলটকে ককপিট থেকে বাইরে আনেন। ছিনতাইয়ের উদ্দেশ্যেই কি এই কাণ্ড? সন্ত্রাসবাদী হামলার তত্ত্বও উড়িয়ে দিচ্ছে না ইজরায়েল।

জর্ডনের আকাশপথে থাকাকালীন বিমানটি পথ বদলে ফেলায় অপহরণের আতঙ্ক ছড়ায় যাত্রীদের মধ্যে। এর পাশাপাশি পাইলটের তরফে প্রথমে স্কোয়াক কোড ৭৭০০ পাঠানো হয়। এর অর্থ, বিমানটি আপৎকালীন অবতরণের অনুমতি চাইছে। মুহূর্তের মধ্যেই আবার স্কোয়াক কোড ৭৫০০ পাঠানো হয়। এর অর্থ, বিমান অপহরণ হয়েছে বা বেআইনি ভাবে দখল করা হয়েছে। তবে একটি সূত্রের দাবি, ভুলবশতই স্কোয়াক কোড ৭৫০০ পাঠানো হয়েছিল। শেষ পর্যন্ত সৌদি আরবের তাবুক বিমানবন্দরে জরুরি অবতরণ করে বিমানটি। ফ্লাই দুবাই জানিয়েছে, যাত্রীরা সকলেই নিরাপদে আছেন। অন্যদিকে, তাবুক বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, দুই পাইলট এবং ফার্স্ট অফিসার আহত হয়েছেন। তাঁদের হাসপাতালে পাঠানো হয়েছে। এই ঘটনার এর নেপথ্যে জঙ্গি–যোগ উড়িয়ে দিচ্ছে না ইজরায়েল। অপহরণের খবর চাউর হতেই ইজরায়েলি বায়ুসেনার বেশ কয়েকটি বিমান ওই বিমানের নিরাপত্তার জন্য রওনা দেয়। পরিস্থিতি নিয়ে বৈঠকও করেন ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। নেতানিয়াহু জানিয়েছেন, যে পাইলট ছুরি দিয়ে কুপিয়েছেন, তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। সৌদি আরবের কর্তৃপক্ষ তাঁকে জেরা করছে। যাত্রীরা সকলেই নিরাপদে রয়েছেন। শিগগিরই তাঁদের ইজরায়েলে ফিরিয়ে আনা হবে।

হিরো পাইলট!



স্মিত মছ্ছর

সহকর্মীর ছুরিকাঘাতে রক্তাক্ত হয়েছেন। তার পরেও ককপিট থেকে সরে আসেননি। তাঁর তৎপরতার কারণেই প্রাণে বেঁচেছেন ১৮০ জন যাত্রী। ফ্লাই দুবাইয়ের প্রধান পাইলটকে হিরোর তকমা দিচ্ছে নেটদুনিয়া। ‘ওয়াইনেট নিউজ’ ও ‘চ্যানেল ১২’–র প্রতিবেদন অনুযায়ী, তিনি ভারতীয় নাগরিক বা ভারতীয় বংশোদ্ভূত। নাম স্মিত মছ্ছর। তাঁর সাহসিকতার কারণেই বড় বিপত্তি এড়ানো গিয়েছে। ওই বিমানের আরেক পাইলট ওমানের নাগরিক। অভিযোগ, ৩৪০০০ ফুট উচ্চতায় ওমানের পাইলট আচমকা ভারতীয় পাইলটের ওপর ছুরি নিয়ে হামলা করে। বিমানটি ছিনতাইয়ের পরিকল্পনা ছিল। পরিস্থিতি সামলাতে ঝাঁপিয়ে পড়েন কয়েকজন যাত্রী, বিমানকর্মী। ওমানের পাইলটকে ককপিটের বাইরে আনা হয়। গ্রেপ্তার হন তিনি। স্মিত ২০২২–এর জুনে ফ্লাই দুবাইয়ে যোগ দেন।

তথ্য

বাথরুমের তুলনায় কুড়ি লক্ষ গুণ বেশি জীবাণু থাকে রান্নাঘরে বাসন মাজার স্ক্রাবারে। দাবি বিজ্ঞানীদের।

দে মু

আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেডের পক্ষে অরুণকুমার ঘোষ কর্তৃক বি পি–৭, সেক্টর–৫, বিধাননগর, কলকাতা–৭০০০৯১ ও অফিস ব্লক, জি–২১২, সিটি সেন্টার, শিলিগুড়ি–৭৩৪০১০ থেকে প্রকাশিত এবং আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, বি পি–৭, সেক্টর–৫, বিধাননগর, কলকাতা–৭০০০৯১ ও সিইআই প্রিন্ট সলিউশন প্রাঃ লিঃ, ৪ মাইল, সেবক রোড, পোঃঅঃ– শালুগাড়া (শালুগাড়া রিলায়েন্স মার্কেটের বিপরীতে), শিলিগুড়ি–৭৩৪০০৮ থেকে মুদ্রিত। **সম্পাদক: অশোক দাশগুপ্ত।** Published from BP–7, Sector–V, Bidhannagar, Kolkata–700091; Office Block, G–212, City Centre, Siliguri–734010 and printed at Aajkaal Publishers Pvt. Ltd., BP–7, Sector–V, Bidhannagar, Kolkata–700091; CEI Print Solution Pvt. Ltd., 4 Mile, Sevoke Road, P.O. Salugara (Opposite to Salugara Reliance Market), Siliguri–734008 by Arun Kumar Ghosh On behalf of Aajkaal Publishers Pvt. Ltd. **Editor: Asoke Dasgupta.** ফোন: (০৩৩) ২৩৬৭৫৫১১ Phone: (033) 23675511, E-mail: mail@aajkaal.net

REGD. NO. KOL RMS/243/2019–2021 RNI NO: R.N. 37263/81

একটি বিনিয়োগকারী শিক্ষা ও সচেতনতা উদ্যোগ

মিউচুয়াল ফান্ড সম্বন্ধে বিস্তারিত জানার জন্য আমাদের সঙ্গে যোগ দিন।

তারিখ ও স্থান:

HDFC MUTUAL FUND

An Investor Education and Awareness Initiative

https://www.hdfcfund.com/information/key-know-how · www.sebi.gov.in/intermediaries.html · https://scores.sebi.gov.in · https://smartodr.in/login

মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ বাজারগত ঝুঁকি সাপেক্ষ, যোজনা সংক্রান্ত সমস্ত নথিপত্র ভালো করে পড়ে নিন।

নিট প্রশ্নফাঁসের জের
কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার ভাবনা কেন্দ্রের

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৩০ সেপ্টেম্বর

নিট–সহ সমস্ত প্রবেশিকা পরীক্ষাগুলিকে ধাপে ধাপে অনলাইন বা কম্পিউটার–বেসড টেস্ট (সিবিটি) পদ্ধতিতে নিয়ে যেতে জাতীয় স্তরে পরীক্ষার উপযোগী পরিকাঠামো তৈরির কৌশল প্রস্তুত করছে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক। মন্ত্রক সূত্রে খবর, দেশ জুড়ে পরীক্ষাকেন্দ্রের ঘাটতি দূর করা, কেন্দ্রগুলির মান নির্দিষ্ট করা এবং অফলাইন পরীক্ষা থেকে অনলাইন পদ্ধতিতে রূপান্তরের জন্য এই পরিকাঠামো গড়ে তোলা হবে।

নিট প্রশ্নফাঁসের অভিযোগের পর কেন্দ্র ঘোষণা করেছিল, আগামী বছর থেকে মেডিক্যালে ভর্তির এই পরীক্ষা সিবিটি পদ্ধতিতে নেওয়ার পরিকল্পনা রয়েছে। তবে বিষয়টি এখনও চূড়ান্ত হয়নি। নন্দন নীলেকানির নেতৃত্বাধীন উচ্চ পর্যায়ের পরীক্ষা সংস্কার সংক্রান্ত টাস্ক ফোর্সের রিপোর্ট পাওয়ার পরই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রকের এক আধিকারিক। বর্তমানে এনটিএ–এর অধীনে জেইই মেইন, সিইউইটি, ইউজিসি নেট এবং সিএসআইআর ইউজিসি নেট–এর মতো একাধিক পরীক্ষা সিবিটি পদ্ধতিতে হয়। জাতীয় পরিকাঠামো তৈরি করে সমস্ত প্রবেশিকা পরীক্ষা অনলাইনে নেওয়ার পরিকল্পনা বিবেচনায় রয়েছে কেন্দ্রের। তবে নিটকে অনলাইনে নিয়ে যাওয়ার ক্ষেত্রে গ্রামীণ এলাকা, মহিলা পরীক্ষার্থী এবং কম ইন্টারনেট সংযোগ থাকা জেলার পড়ুয়াদের সমান সুযোগ নিশ্চিত করার বিষয়টি গুরুত্ব পাচ্ছে। স্বাস্থ্য মন্ত্রক ও এনএমসি–র সঙ্গে আলোচনা এবং টাস্ক ফোর্সের সুপারিশের অপেক্ষায় রয়েছে কেন্দ্র।

ফর্ম ৬
অতিরিক্ত ঘোষণাপত্র প্রত্যাহার

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৩০ সেপ্টেম্বর

এসআইআরের কাজ শেষ–হয়ে–যাওয়া রাজ্যগুলিতে ভোটার তালিকায় নতুন নাম তোলার আবেদনপত্র ফর্ম ৬–এর সঙ্গে থাকা অতিরিক্ত ঘোষণাপত্র প্রত্যাহার করে নিল নির্বাচন কমিশন। ফলে ওই রাজ্যগুলিতে নতুন ভোটারদের এখন থেকে শুধু ১৯৬০ সালের ভোটার আইন অনুযায়ী নির্ধারিত বিধিসম্মত ফর্ম ৬ জমা দিতে হবে। ইসিআইনেট অ্যাপ ও পোর্টাল এবং সংশ্লিষ্ট রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের ওয়েবসাইট থেকেও অতিরিক্ত ঘোষণাপত্রটি সরিয়ে দেওয়া হয়েছে। যে ১০ রাজ্য এবং ৩ কেন্দ্রশাসিত অঞ্চলে এসআইআর প্রক্রিয়া শেষ হয়েছে, সেগুলির জন্যই এই নতুন ফর্ম প্রযোজ্য হবে। কমিশন জানিয়েছে, এসআইআর এখনও চলছে, এমন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে অবশ্য এই অতিরিক্ত ঘোষণাপত্র বহাল থাকবে। ওই ঘোষণায় আবেদনকারীকে নিজের, মা–বাবা অথবা দাদা–দিদা বা ঠাকুরদা–ঠাকুমার আগের এসআইআরের তালিকায় থাকার সঙ্গে যোগসূত্রের তথ্য দিতে হত।

এলপিজি বুকিংয়ে বায়োমেট্রিক: কেন্দ্রের হলফনামা চায় কোর্ট

গৃহস্থের এলপিজি সিলিন্ডার বুকিংয়ে আধারভিত্তিক বায়োমেট্রিক অথেন্টিকেশন (বিএএ) বাধ্যতামূলক করার সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রের বক্তব্য জানতে চাইল দিল্লি হাইকোর্ট। ১ অক্টোবর থেকে ভর্তুকি–সহ নিয়ন্ত্রিত দামে রান্নার গ্যাস পেতে এই প্রক্রিয়া বাধ্যতামূলক করার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে দায়ের জনস্বার্থ মামলায় বুধবার কেন্দ্রকে বক্তব্য জানাতে বলে প্রধান বিচারপতি ডি কে উপাধ্যায় ও বিচারপতি তেজস কারিয়ার বেঞ্চ। সোমবার কেন্দ্রকে নিজেদের বক্তব্য নিয়ে আদালতে আসতে বলা হয়েছে। শুনানিতে প্রধান বিচারপতি মন্তব্য করেন, 'প্রত্যেকের আধার নেই। তাঁরাও তো এলপিজি ব্যবহার করেন।'

বেঁচে উঠবেন, আশায় চার বছর ধরে ফ্রিজারে বাবার দেহ আগলে মেয়েরা

সংবাদ সংস্থা
মুম্বই, ৩০ সেপ্টেম্বর

চার বছর ধরে অশীতিপর বৃদ্ধের দেহ মহারাষ্ট্রের মুম্বইয়ের মালাডের একটি মেডিক্যাল সেন্টারে ফ্রিজারে সংরক্ষিত! অতিশীতল তাপমাত্রায় রাখা হয়েছে। এবং, মৃতের স্ত্রী ও দুই মেয়ে এই কাণ্ড করেছেন। খবর পেয়ে পুলিশ মেডিক্যাল ক্লিনিক থেকে দেহ উদ্ধার করে। দেহ আগলে রাখার কারণ খুঁজতে গিয়ে পুলিশ হতবাক। মৃতের পরিবারের বক্তব্য, চিকিৎসা–বিজ্ঞান হয়তো ভবিষ্যতে মৃতকেও বাঁচিয়ে তুলতে পারবে, সেই আশায় তাঁরা দেহ সংরক্ষণ করেছেন। দীর্ঘকাল সংরক্ষণ করতে দেহটি আমেরিকার কোনও একটি ক্রায়োনিক্স সেন্টারে নিয়ে যাওয়ার পরিকল্পনাও করেছেন। ক্রায়োনিক্স এমন একটি পদ্ধতি, যেখানে অতিশীতল তাপমাত্রায় দেহ সংরক্ষিত করা হয়। এভাবে দেশে দেহ সংরক্ষণ করা ও তা বিদেশে নিয়ে যাওয়ার ব্যাপারে আইনবিদদের সঙ্গেও শলা করছে মৃতের পরিবার। পুলিশ জানিয়েছে, ৮০ বছরের বৃদ্ধ ক্যান্সারে আক্রান্ত ছিলেন। ২০২২ সালে মারা যান। সেই মৃত্যু মেনে নিতে পারেননি তাঁর মেয়েরা। শেষকৃত্যও করেননি। ৫০ লক্ষ টাকা খরচ করে দেহ মালাডের ক্লিনিকে অতিশীতল তাপমাত্রায় সংরক্ষিত করেছিলেন। এদিকে, সংস্কারের কাজ চলায় মাসখানেক ধরে ক্লিনিক বন্ধ। সেখানে দেহ আছে, সে–কথা ক্লিনিক কর্তৃপক্ষ বা মৃতের পরিবার কেউই পুলিশকে জানায়নি। দেহ ক্লিনিকে রেখে ক্রায়োনিক্স নিয়ে পড়াশোনা, খোঁজখবর শুরু করেন তাঁর মেয়েরা। দেহ আমেরিকার ক্রায়োনিক্স সেন্টারে নিয়ে যাওয়ার পরিকল্পনা করেন। তার আগেই ঘটনা জানাজানি হয়।

ক্রায়োনিক্স সম্পর্কে ভারতের আইন কী বলছে, মালাডের ঘটনায় সেই প্রশ্ন মাথাচাড়া দিয়েছে। জানা গেছে, ফ্রিজারে সংরক্ষণ ও ক্রায়োনিক্স এক রকম নয়। ভারতীয় আইনে মৃতদেহ কিছু সময়ের জন্য অতিশীতল তাপমাত্রায় রাখা এবং অনির্দিষ্ট কালের জন্য ক্রায়োনিক্স পদ্ধতিতে সংরক্ষণ করে রাখাকে আলাদা ভাবে দেখা হয়। ক্রায়োনিক্স পদ্ধতি ভারতীয় আইনে নিষিদ্ধ বা অনুমোদিত নয়।

সিইসি-ইসি নিয়োগ: বিভক্ত রায় প্রত্যাহারের আর্জি

মুখ্য নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারদের নিয়োগ সংক্রান্ত ২০২৩ সালের আইন নিয়ে ২৩ সেপ্টেম্বর সুপ্রিম কোর্টের দেওয়া বিভক্ত রায় প্রত্যাহারের দাবিতে কিউরেটিভ পিটিশন দায়ের হল। আবেদনকারী জয়া ঠাকুরের হয়ে আইনজীবী বরুণ ঠাকুর এই আবেদন করেছেন। ২০২৩ সালের আইনে সিইসি ও নির্বাচন কমিশনার নিয়োগের প্যানেল থেকে প্রধান বিচারপতিকে বাদ দেওয়ার সাংবিধানিক বৈধতা নিয়ে একাধিক মামলা হয়েছিল। ২৩ সেপ্টেম্বর বিচারপতি দীপঙ্কর দত্ত ও বিচারপতি সতীশচন্দ্র শর্মার বেঞ্চে মতভেদ দেখা দেয়। এরপর বিষয়টি বৃহত্তর সাংবিধানিক বেঞ্চে পাঠানোর জন্য প্রধান বিচারপতির কাছে প্রশাসনিক স্তরে পাঠানোর সিদ্ধান্ত হয়। এর পরেই বিচারপতি সতীশচন্দ্র শর্মাকে নিয়ে স্বার্থের সঙ্ঘাতের অভিযোগ তুলে কিউরেটিভ পিটিশন দায়ের করেছেন জয়া ঠাকুর। তাঁর আবেদনে দাবি করা হয়েছে, বিচারপতি শর্মার ছেলে সিদ্ধার্থ শর্মা মধ্যপ্রদেশ হাইকোর্টে নির্বাচন কমিশনের স্ট্যান্ডিং কাউন্সেল হিসেবে যুক্ত। সংবাদমাধ্যমে এই তথ্য প্রকাশের পর তা যাচাই করা হয়েছে বলেও আবেদনে দাবি করা হয়েছে।

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

জোনাল অফিস: মেদিনীপুর স্টেশন রোড, পুরনো জল ট্যাঙ্কের বিপরীতে, পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১১০১

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(১) অধীনে]

যেহেতু:
ইন্ডিয়ান ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২–এর রুল ৮ ও ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে আমাদের **উদবাদল শাখার** ঋণগ্রহীতা:
শ্রী প্রলয় কলা (ঋণগ্রহীতা/ বন্ধকদাতা), পিতা– প্রয়াত সমরেন্দ্র নাথ কলা, গুরুনানক সরণি, গ্রাম– মনোহরচক, পোঃঅঃ ও থানা– কাঁথি, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৪০১; **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ৩এ, ফ্লোর নং ৩, ব্লক ১২, 'ইটার্নিস', হোল্ডিং নং ৫৯, যশোর রোড (সাউথ), মধ্যমগ্রাম, দোলতলা, পোঃঅঃ– গঙ্গানগর, থানা– মধ্যমগ্রাম (পুরনো বারাসত), কলকাতা–৭০০১৩২;
শ্রীমতী মধুশ্রী গিরি কলা (জামিনদার), স্বামী– শ্রী প্রলয় কলা, গুরুনানক সরণি, গ্রাম– মনোহরচক, পোঃঅঃ ও থানা– কাঁথি, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৪০১; **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ৩এ, ফ্লোর নং ৩, ব্লক ১২, 'ইটার্নিস', হোল্ডিং নং ৫৯, যশোর রোড (সাউথ), মধ্যমগ্রাম, দোলতলা, পোঃঅঃ– গঙ্গানগর, থানা– মধ্যমগ্রাম (পুরনো বারাসত), কলকাতা–৭০০১৩২;
এর প্রতি **২৭.০২.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক বাবদ **₹৮৭,৯৬,৬০৩.০০** (সাতাশ লক্ষ ছিয়ানব্বই হাজার ছশো তিন টাকা মাত্র) পরিশোধ করার জন্য আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ) দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **২৮ সেপ্টেম্বর, ২০২৬** তারিখে উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **২৮.০৯.২০২৬** তারিখের ভিত্তিতে **₹৮৭,৯৬,৬০৩.০০** (সাতাশ লক্ষ ছিয়ানব্বই হাজার ছশো তিন টাকা মাত্র), তৎসহ উদ্ভূত সুদ ও চার্জ সমেত **ইন্ডিয়ান ব্যাঙ্ক**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
'সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে আপনাদের প্রাপ্য অধিকারগুলি সম্পর্কিত বিষয়ে সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) নং ধারা ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থানগুলির প্রতি আমরা আপনাদের মনোযোগ আকর্ষণ করছি।'

স্থাবর সম্পত্তির বিবরণ

বন্ধকি পরিসম্পদ: জমি ও বাড়ি, যার অবস্থান: মৌজা– মনোহরচক, জে এল নং ৫৩৮, প্লট নং ৬০৭ (হাল), আর এস এবং এল আর খতিয়ান নং ১৩৮, ১৩১৬, হোল্ডিং নং ৪০০/৩৫৮ (বি), থানা– কাঁথি, কাঁথি পুরসভার অন্তর্গত, ওয়ার্ড নং ০৬, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৪০১, জমির পরিমাপ– ৩.০০ ডেসিমেল, এডিএসআর– কাঁথি ১ সমীপে বই নং I, ভলিউম নং ১১০২–২০১৫, পৃষ্ঠা নং ৫৭৮৪২ থেকে ৫৭৮৬০–তে নথিভুক্ত ২০১৫ সালের দলিল নং ১১০২০৭১১৮ অনুযায়ী **সম্পত্তির স্বত্বধারক: প্রলয় কলা,** পিতা– সমরেন্দ্র নাথ কলা। **সম্পত্তির চৌহদ্দি (দলিল অনুযায়ী):** উত্তর– প্রলয় কলা ও প্রকাশ কলার বাড়ি, সঙ্গে যৌথ দেওয়াল; দক্ষিণ– মনু কলার বাড়ি; পূর্ব– পুরসভার পাকা রাস্তা; পশ্চিম– মালিকানাধীন ফাঁকা জমি।

তারিখ: ২৮.০৯.২০২৬ / স্থান: উদবাদল — **অনুমোদিত আধিকারিক / ইন্ডিয়ান ব্যাঙ্ক**

AXIS BANK

অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড
এসি মার্কেট বিল্ডিং, ৩ নং ফ্লোর, ১, শেক্সপিয়র সরণি, কলকাতা–৭০০০৭১

পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদির প্রেক্ষিতে অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কে সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ঋণগ্রহীতা / জামিনদারের নাম এবং ঠিকানা	ক) নোটিসের তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ
১. মিঃ সুবীর চ্যাটার্জি পিতা– সুধীর চ্যাটার্জি **২. মিঃ সুধীর কুমার চ্যাটার্জি** পিতা– ইন্দুভূষণ চ্যাটার্জি **উভয়ের ঠিকানা:** গুপ্তিপুর, সিমলন, কালনা, পূর্ব বর্ধমান–৭১৩৪২৫	ক)₹১১,৭১,৯৯০.২৮, লোন অ্যাকাউন্ট নং 921030039092448–এর প্রেক্ষিতে বকেয়া, ২৫.১১.২০২৫ অনুযায়ী (এর মধ্যে ০৫.০৫.২০২৫ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) এবং ₹৬৯,৭৪৬.২৬, লোন অ্যাকাউন্ট নং 921030039092464–এর প্রেক্ষিতে বকেয়া, ২৫.১১.২০২৫ অনুযায়ী (এর মধ্যে ০৫.০৫.২০২৫ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) খ) ১৩.০১.২০২৬ গ) ৩০.০৯.২০২৬ (প্রতীকী)

স্থাবর সম্পত্তির বিবরণ (সুরক্ষিত পরিসম্পদ)
সামান্য কমবেশি ৩.৫০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ৭৩৬, এল আর খতিয়ান নং ৮৩৫, জে এল নং ২৯, মৌজা– গুপ্তিপুর, থানা– কালনা, জেলা– পূর্ব বর্ধমান, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো, ফিক্সচার, ফিটিংস এবং এর সঙ্গে বর্তমান ও ভবিষ্যতের সমস্ত যন্ত্র ও যন্ত্রাংশ, যা মাটিতে সংযুক্ত বা স্থায়ীভাবে মাটিতে যুক্ত কিছুর সঙ্গে আবদ্ধ।

ঋণগ্রহীতা / জামিনদারের নাম এবং ঠিকানা	ক) নোটিসের তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ
১. মিঃ আশিস কোলে, পিতা– স্বপন কুমার কোলে ঠিকানা: গোদা অন্নদা, ঝড়ুবাটি, কালনা–২, বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২২ **২. মিসেস টুম্পা কোলে,** পিতা– মধুসূদন দাস ঠিকানা: ঝড়ুবাটি পশ্চিমপাড়া, গোদা অন্নদা, গোদা গোবিন্দবাটি, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২২ **৩. মিসেস শিখা কোলে** প্রযত্নে– স্বপন কুমার কোলে ঠিকানা: ঝড়ুবাটি, গোদা অন্নদা, গোদা গোবিন্দবাটি, পূর্ব বর্ধমান, কালনা, পশ্চিমবঙ্গ–৭১৩১২২ **সকলের বিকল্প ঠিকানা:** এল আর প্লট নং ১১৭০, ১১৭২, এল আর খতিয়ান নং ২৩৩১, জে এল নং ১৫৬, মৌজা– গোদা গোবিন্দবাটি, থানা– কালনা, পোঃঅঃ– গোদা অন্নদা, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২২	ক) ₹৪৭,৮৪,৬৯৪.১৩, লোন অ্যাকাউন্ট নং 924030044095161–এর প্রেক্ষিতে বকেয়া, ২৭.০৩.২০২৬ অনুযায়ী এবং ₹৪৮,৭৬৫.৮৫, লোন অ্যাকাউন্ট নং 924030044095174–এর প্রেক্ষিতে বকেয়া, ২৭.০৩.২০২৬ অনুযায়ী খ) ২৭.০৩.২০২৬ গ) ৩০.০৯.২০২৬ (প্রতীকী)

স্থাবর সম্পত্তির বিবরণ (সুরক্ষিত পরিসম্পদ)
সামান্য কমবেশি ০৬ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ১১৭০, ১১৭২, এল আর খতিয়ান নং ২৩৩১, জে এল নং ১৫৬, মৌজা– গোদা গোবিন্দবাটি, থানা– কালনা, পোঃঅঃ– গোদা অন্নদা, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২২, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো। দলিল অনুযায়ী চৌহদ্দি: উত্তর– মানব পালের সম্পত্তি; দক্ষিণ– শ্রীকান্ত ঘোষের সম্পত্তি; পূর্ব– লগন ঘোষের সম্পত্তি; পশ্চিম– বৈদ্যপুর কালনা পাকা রাস্তা।

তারিখ: ০১.১০.২০২৬
স্থান: পশ্চিমবঙ্গ
অনুমোদিত আধিকারিক
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

টেন্ডার

GOVERNMENT OF WEST BENGAL
Notice Inviting E-Tender
Online bids are invited by the Director of Animal Husbandry & Veterinary Services, W.B., Prani Sampad Bhavan, LB-2, Sector-III, Salt Lake City, Kolkata-700106 for the following: Description of items : Engagement of 28 (twenty eight) Security Personnel at State Livestock Farm, Kalyani & State Poultry Farm, Tollygunge. Online BID submission starts on: 01.10.2026, Online BID submission closes on: 14.10.2026. The detailed N.I.T. may be obtained from e-tender portal http://www.wbtenders.gov.in. The NIT may be viewed from the website http://www.darahwb.org and http://www.ard.wb.gov.in Sd/- Director of Animal Husbandry & Veterinary Services, West Bengal ICA-T18495(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
e-TENDER NOTICE
e-NIT No. 09 (Sl 1 to 3) of 2026-27 of EE/NHD-I, P.W. (Roads) Directorate invites online e-tender for-1) Tender ID-2026_WBPWD_5076360_1, 2) Tender ID-2026_WBPWD_5076360_2 & 3) Tender ID-2026_WBPWD_5076360_3. Bid submission start date (online)-30/09/2026 from 9:00 A.M. Bid submission closing date (online)-09/10/2026 & 23/10/2026 upto 1:00 P.M. Corrigendum if any will be published in website only. Details of N.I.T. and Tender documents may be downloaded from https://tenders.wb.gov.in Sd/- EE/Nadia Hway Div.-I. ICA-T18555(3)/2026

Govt. of West Bengal
Corrigendum Notice for Date and Time Extension
The Date and Time Extended for NIeT No. -05/WBSRDA/MALDA/2026-27 [1st Call] OF THE EXECUTIVE ENGINEER, WBSRDA, MALDA DIVISION, Date-02/09/2026, Sl. 17, Tender ID-2026_PRD 5021550 1, up to 05.10.2026 at 16:00 hrs. All other details will be available on the website,- https://tenders.wb.gov.in.
Sd/-
Executive Engineer & HPIU, WBSRDA, Malda Division.

CORRIGENDUM NOTICE
Date & Time Extension
The Date and Time Extended for NIT No. 08/PMGSYIIIBRIDGE/MLD/SE/RRNMU/MALDA/2026-27/11 (1st Call) (Sl. No. 1) Date: 03.09.2026 (Tender ID: 2026_WBSRD_149398_1) for WBSRDA, Malda Division, upto 05.10.2026 at 17:00 hrs., all interested bidders are requested to see corrigendum notice in the e-procurement portal of PMGSY namely https://www.pmgsytenderswb.gov.in. **Sd/- SE, RRNMU, Malda Circle, P&RD Department, Govt. of West Bengal.**

GOVERNMENT OF WEST BENGAL
SPLPIM, KALYANI, NADIA
e-Tender Notice
Bidders are invited to participate in the e-tender for Engagement of Security Service at SPLPIM, Kalyani, Nadia-741235, for details please visit the website https://tenders.wb.gov.in/nicgep/app & https://www.wbhealth.gov.in/Inner/ Tenders Details vide NIT No. HFW/SPLPIM/SS/NIT-02/26-27 & Tender ID No. 2026_HFW_5076185_1. Previous Tender ID 2026_HFW_5023807_1 is hereby cancelled for technical error. ICA-T18503(2)/2026

Govt. of West Bengal
Corrigendum Notice for Date and Time Extension
The Date and Time Extended for e-NIT No: 10/SASCI/ID/SE/RRNMU/MALDA/2026-27 [1st Call] OF THE SUPERINTENDING ENGINEER, RRNMU, MALDA CIRCLE, Date-03/09/2026, SL No. 1, upto 06.10.2026 at 16:00 hrs. For all other details will be available in the website, https://tenders.wb.gov.in
Sd/- SE, RRNMU, Malda Circle, P&RD Department, Govt. of West Bengal.

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
১১.	**১. মিঃ অভিজিৎ দাস** পিতা– ভগীরথ দাস ঠিকানা: বাণেশ্বরপুর, খামারগাছি, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৫১৫ **২. মিসেস সুষমা বিশ্বাস** প্রযত্নে– অভিজিৎ দাস ঠিকানা: বাণেশ্বরপুর, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৫১৫ **৩. মিঃ কৃষ্ণেন্দু দাস** পিতা– ভগীরথ দাস ঠিকানা: বাণেশ্বরপুর, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৫১৫ **৪. মিসেস নমিতা দাস** পিতা– অজিত বিশ্বাস ঠিকানা: বাণেশ্বরপুর, খামারগাছি, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৫১৫ **বিকল্প ঠিকানা:** এল আর প্লট নং ৬৯৮, আর এস প্লট নং ৬৯৮, খতিয়ান নং ১১৭৮, জে এল নং ১১৪, মৌজা– বাণেশ্বরপুর, থানা– বলাগড়, সিজা কামালপুর গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ–৭২১৫১৫	সামান্য কমবেশি ৬ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আর এস এবং এল আর প্লট নং ৬৯৮, খতিয়ান নং ১১৭৮, জে এল নং ১১৪, মৌজা– বাণেশ্বরপুর, থানা– বলাগড়, সিজা কামালপুর গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ–৭২১৫১৫, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো। চৌহদ্দি (দলিল অনুযায়ী): উত্তর– চাচু দাসের জমি; দক্ষিণ– বাসুদেব মণ্ডলের জমি; পূর্ব– চাচু দাসের জমি; পশ্চিম– ৮ ফুট চওড়া কংক্রিটের রাস্তা।	**ক) ০৯.০৬.২০২৬** **খ) ০১.০৫.২০২৬**	₹৩০,৮৩,৫৫১.০১, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০৫৮৪৪৫১৪২–এর প্রেক্ষিতে বকেয়া, ০৯.০৬.২০২৬ অনুযায়ী এবং ₹৩৩,৮৭৪.০০, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০৫৬৪৪৫১৫৫–এর প্রেক্ষিতে বকেয়া, ০৯.০৬.২০২৬ অনুযায়ী	১৬.০৭.২০২৪ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে ₹২৭,৭০,০০০.০০ (সাতাশ লক্ষ সত্তর হাজার টাকা মাত্র) অর্থমূল্যের ওভারড্রাফটের সুবিধা এবং ₹৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের কার্যকরী মূলধনের সুবিধা প্রদান করা হয়েছে।
১২.	**১. মেসার্স ড্রিম ডুয়ো** ঠিকানা: কল্যাণপুর, বিরামপুর, হাওড়া–৭১১৩০৩ **২. মিঃ সায়ন্তন ঘোষ** পিতা– অনুপ কুমার ঘোষ ঠিকানা: কল্যাণপুর, হাওড়া, কল্যাণপুর বয়েজ প্রাইমারি স্কুলের কাছে, হাওড়া–৭১১৩০৩	সামান্য কমবেশি ৭.৮৬ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ১০৮১, এল আর খতিয়ান নং ৪৪০০, জে এল নং ১৪, মৌজা– কল্যাণপুর, থানা– বাগনান, জেলা– হাওড়া, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো।	**ক) ১৮.০৬.২০২৬** **খ) ০১.১২.২০২৫**	₹৩৫,৮৩,১২১.২৫, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০৫৭১৬৭১৬৬–এর প্রেক্ষিতে বকেয়া, ৩০.০৫.২০২৬ অনুযায়ী (এর মধ্যে ০৫.০৫.২০২৬ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে)	০৬.১০.২০২৩ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে কিসান মিত্র এভিসিপি ওভারড্রাফট সুবিধারূপে ₹৩৫,০০,০০০.০০ (পঁয়ত্রিশ লক্ষ টাকা মাত্র) প্রদান করা হয়েছে।
১৩.	**১. মিঃ পঙ্কজ চারি** পিতা– লক্ষ্মীকান্ত চারি **২. মিঃ শঙ্কর চারি** পিতা– লক্ষ্মীকান্ত চারি **৩. মিঃ কিঙ্কর চারি** পিতা– লক্ষ্মী চারি **সকলের নিবাস:** ধাড়াশিমূল, খানাকুল, ধাড়াশিমূল প্রাইমারি স্কুলের কাছে, হুগলি–৭১২৪১৬	সামান্য কমবেশি ৯ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ৭৪১, এল আর খতিয়ান নং ১৩১৯, ১৩২০, ১৩২১, জে এল নং ১২৬, মৌজা– ধাড়াশিমূল, থানা– খানাকুল, জেলা– হুগলি, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো।	**ক) ০৪.০৬.২০২৬** **খ) ০১.০৫.২০২৬**	₹৩৯,৯৬,৭৮৭.৩১, লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০৩৪৭৫৪৯৬০–এর প্রেক্ষিতে বকেয়া, ০৪.০৬.২০২৬ অনুযায়ী এবং ₹২১,৭৪০.৬৭, লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০৩৪৭৫৪৯৮৬–এর প্রেক্ষিতে বকেয়া, ০৪.০৬.২০২৬ অনুযায়ী	১৪.০৬.২০২২ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে ₹৩৪,৭০,০০০.০০ (চৌত্রিশ লক্ষ সত্তর হাজার টাকা মাত্র) অর্থমূল্যের ওভারড্রাফটের সুবিধা এবং ₹৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের কার্যকরী মূলধনের সুবিধা প্রদান করা হয়েছে।
১৪.	**১. মিঃ রাকেশ মণ্ডল (ঋণগ্রহীতা)** পিতা– রফিক মণ্ডল **২. রফিক মণ্ডল** পিতা– পিজির মণ্ডল উভয়ের ঠিকানা: গুড়দহ, গুড়দহ, বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ–৭৪৩৪০১ **৩. কোহিনুর বিবি** স্বামী– রফিক মণ্ডল **ঠিকানা:** গুড়দহ, গুড়দহ, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ–৭৪৩৪০১	সামান্য কমবেশি ৬ ডেসিমেল এবং ৩.১৫ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং ১২৪৩, ১২২৫, এল আর দাগ নং ৩০১৩, খতিয়ান নং ২৩৫৬, ২৭২২, জে এল নং ৬৫, মৌজা– গুড়দহ, থানা ও এডিএসআর– বাদুড়িয়া, জেলা– উত্তর ২৪ পরগনা, পিন–৭৪৩৪০১, তৎসহ এই জমির ওপর নির্মিত বাড়ি। সম্পত্তির স্বত্বধারক: রাকেশ মণ্ডল এবং কোহিনুর বিবি।	**ক) ০৮.০৭.২০২৬** **খ) ০৫.০৫.২০২৬**	₹৫৬,৫২,৪৭৬.১১, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০৪৮৬৮৫৪৬৪–এর প্রেক্ষিতে এনপিএ হওয়ার দিন অনুযায়ী বকেয়া এবং ₹৩১,৭৪০.৫৯, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০৪৮৬৮৫৪৭৭–এর প্রেক্ষিতে এনপিএ হওয়ার দিন অনুযায়ী বকেয়া	২১ জুন, ২০২৪ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী ওভারড্রাফট এবং প্রোডাকশন ক্রেডিট সুবিধা হিসেবে ₹৪৮,৭০,০০০.০০ (আটচল্লিশ লক্ষ সত্তর হাজার টাকা মাত্র)
১৫.	**১. মিঃ মহঃ মন্টু মোল্লা** পিতা– মোক্তার মোল্লা **২. মিসেস মেহেরউন্নেসা খাতুন** স্বামী– মহঃ মন্টু মোল্লা **উভয়ের ঠিকানা:** সাকুলিপুর, নানুর, বোলপুর, বীরভূম–৭৩১৩০১	সামান্য কমবেশি ৮ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ১০২৩, এল আর খতিয়ান নং ১৩৮১, জে এল নং ৬১, মৌজা– সাকুলিপুর, থানা– নানুর, জেলা– বীরভূম, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো।	**ক) ০১.০৬.২০২৬** **খ) ০১.০৫.২০২৬**	₹৫৬,১৭,৩৮৫.৪৪, লোন অ্যাকাউন্ট নং ৯২১০৩০০২৯৪৫৫৮০৪–এর প্রেক্ষিতে বকেয়া, ০১.০৬.২০২৬ অনুযায়ী এবং ₹৩৪,৬২২.৬০, লোন অ্যাকাউন্ট নং ৯২১০৩০০২৯৪৫৫৮১৭–এর প্রেক্ষিতে বকেয়া, ০১.০৬.২০২৬ অনুযায়ী	৩০.০৮.২০২২ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে ₹৪৯,০০,০০০.০০ (উনপঞ্চাশ লক্ষ টাকা মাত্র) অর্থমূল্যের ওভারড্রাফটের সুবিধা এবং ₹৩৫,০০০.০০ (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের কার্যকরী মূলধনের সুবিধা প্রদান করা হয়েছে।
১৬.	**১. মিসেস গীতা প্রামাণিক** স্বামী– সুশান্ত প্রামাণিক **২. মিঃ সুশান্ত প্রামাণিক** পিতা– লক্ষণ প্রামাণিক **৩. মিঃ সঞ্জয় প্রামাণিক** পিতা– লক্ষণ প্রামাণিক **সকলের ঠিকানা:** আবাদ, কুলিয়াডাঙা হাসনাবাদ, হরি মন্দিরের কাছে, উত্তর ২৪ পরগনা–৭৪৩৪৫৬	সামান্য কমবেশি ১০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ৮৭২, এল আর খতিয়ান নং ৫৫৯১, জে এল নং ২৭, মৌজা– আবাদ কুলিয়াডাঙা, থানা– হাসনাবাদ, জেলা– উত্তর ২৪ পরগনা, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো। সম্পত্তির স্বত্বধারক: সুশান্ত প্রামাণিক।	**ক) ২৪.০৬.২০২৬** **খ) ০১.০৫.২০২৬**	₹১৯,৯৯,৮৫৮.৩৩, লোন অ্যাকাউন্ট নং ৯২৪০৩০০১৭৮৯৩২৭৬–এর প্রেক্ষিতে বকেয়া, ২৪.০৬.২০২৬ অনুযায়ী এবং ₹৩১,০৩৩.০০, লোন অ্যাকাউন্ট নং ৯২৪০৩০০১৭৮৯৩২৮৪–এর প্রেক্ষিতে বকেয়া, ২৪.০৬.২০২৬ অনুযায়ী	১৬.০৩.২০২৪ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে ₹২৩,৭০,০০০.০০ (তেইশ লক্ষ সত্তর হাজার টাকা মাত্র) অর্থমূল্যের ওভারড্রাফটের সুবিধা এবং ₹৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের কার্যকরী মূলধনের সুবিধা প্রদান করা হয়েছে।
১৭.	**১. মিঃ অমল ঘোষ** পিতা– দশরথ ঘোষ **২. মিসেস বনলতা ঘোষ** প্রযত্নে– দশরথ ঘোষ **উভয়ের ঠিকানা:** মহাদেব বাটি, বল্লভপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ–৭৪২১৬১ **৩. মিঃ দশরথ ঘোষ** পিতা– সৃষ্টিধর ঘোষ **ঠিকানা:** মহাদেববাটি, বল্লভপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ–৭৪২১৭২	সামান্য কমবেশি ২.৫০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং ২৮৩, খতিয়ান নং ১৫৭৬, জে এল নং ১২৮, মৌজা– বল্লভপুর, থানা– বরঞা, জেলা– মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো। চৌহদ্দি (দলিল অনুযায়ী): উত্তর– ১০ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ– বিক্রেতার অন্যান্য জমি; পূর্ব– নিমাই ঘোষ; পশ্চিম– রাধারমণ ঘোষ।	**ক) ০৫.০৬.২০২৬** **খ) ০১.০৫.২০২৬**	₹২০,২৬,৩৯২.৪৯, লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০৬৬৮৯৫১৯০–এর প্রেক্ষিতে বকেয়া, ০৫.০৬.২০২৬ অনুযায়ী এবং ₹৪৭,৫১১.৭, লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০৬৬৮৯৫২০০–এর প্রেক্ষিতে বকেয়া, ০৫.০৬.২০২৬ অনুযায়ী	১৭.১২.২০২২ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে ₹১৮,৫০,০০০.০০ (আঠেরো লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের ওভারড্রাফটের সুবিধা এবং ₹৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের কার্যকরী মূলধনের সুবিধা প্রদান করা হয়েছে।
১৮.	**১. মিঃ আনোয়ার শেখ** পিতা– সালাই শেখ **২. মিঃ ফেরদৌসী শেখ** প্রযত্নে– আনোয়ার শেখ উভয়ের ঠিকানা: সাহাপুর বসন্তপুর, সিলুট, বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২৬ **বিকল্প ঠিকানা:** প্লট নং ৪৮২, এল আর খতিয়ান নং ৯০৪, জে এল নং ৬৯, মৌজা– সিলুট, জে এল নং ৬৯, থানা– আউশগ্রাম, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২৩	সামান্য কমবেশি ০৫ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং ৪৮২, এল আর খতিয়ান নং ৯০৪, জে এল নং ৬৯, মৌজা– সিলুট, থানা– আউশগ্রাম, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২৩, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো।	**ক) ০৫.০৬.২০২৬** **খ) ০১.০৫.২০২৬**	₹২০,৫৯,১৬১.৯৫, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০০৯৮৫৬৩৬০–এর প্রেক্ষিতে বকেয়া, ০৫.০৬.২০২৬ অনুযায়ী এবং ₹১৭,৮৬১.৪৩, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০০৯৮৫৬৩১৫–এর প্রেক্ষিতে বকেয়া, ০৫.০৬.২০২৬ অনুযায়ী	১৯.১২.২০২২ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে ₹১৮,০০,০০০.০০ (আঠেরো লক্ষ টাকা মাত্র) অর্থমূল্যের ওভারড্রাফটের সুবিধা এবং ₹৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের কার্যকরী মূলধনের সুবিধা প্রদান করা হয়েছে।
১৯.	**১. মিঃ দেবদুত মুলা** পিতা– ধীরেন্দ্র নাথ মুলা **২. মিঃ ধীরেন্দ্র নাথ মুলা** পিতা– নিতাই মুলা **উভয়ের ঠিকানা:** জোটিসাব প্রাইমারি স্কুল, ফতেপুর, দাসপুর, পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১১৪৬ **বিকল্প ঠিকানা:** প্লট নং ৩৩৩, খতিয়ান নং ৫৯৩, জে এল নং ১৪১, মৌজা– জোটিসাব, থানা ও এডিএসআর– দাসপুর, জেলা– পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১১৪৮	সামান্য কমবেশি ২.৯০৪ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং ৩৩৩, খতিয়ান নং ৫৯৩, জে এল নং ১৪১, মৌজা– জোটিসাব, থানা ও এডিএসআর– দাসপুর, জেলা– পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১১৪৮, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো। চৌহদ্দি (দলিল অনুযায়ী): উত্তর– শম্ভু মুলার জমি; দক্ষিণ– গুণধর মুলা এবং বরমের জমি; পূর্ব– হীরালাল মুলার জমি; পশ্চিম– ধীরেন্দ্র মুলার জমি।	**ক) ১০.০৬.২০২৬** **খ) ০১.০৫.২০২৬**	₹২০,০৬,৪৯৭.০৪, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০০০৩১৫৪৪৭৬–এর প্রেক্ষিতে বকেয়া, ১০.০৬.২০২৬ অনুযায়ী এবং ₹৩০,৫৩৬.৫২, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০০০৩১৫৪৪৮৪–এর প্রেক্ষিতে বকেয়া, ১০.০৬.২০২৬ অনুযায়ী	০৬.০১.২০২৩ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে ₹১৪,০০,০০০.০০ (চোদ্দ লক্ষ টাকা মাত্র) অর্থমূল্যের ওভারড্রাফটের সুবিধা এবং ₹৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের কার্যকরী মূলধনের সুবিধা প্রদান করা হয়েছে।
২০.	**১. মিঃ রবিকান্ত মোদক (ঋণগ্রহীতা)** পিতা– শিরিষ মোদক **২. মিঃ রাজা মোদক (সহ–ঋণগ্রহীতা)** পিতা– রবিকান্ত মোদক **উভয়ের ঠিকানা:** গ্রাম– হোকদহ, ২ নং চৌধুরীহাট, দিনহাটা, পোঃঅঃ– চৌধুরীহাট, থানা– সাহেবগঞ্জ, লালগঞ্জ ক্লাবের কাছে, দুর্গা মণ্ডপ, চৌধুরীহাট, জেলা– কোচবিহার, পশ্চিমবঙ্গ–৭৩৬১৬৬	০৭ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আর এস দাগ নং ৫৯৩, এল আর দাগ নং ৬২১, আর এস খতিয়ান নং ৪৬, এল আর খতিয়ান নং ১৪০, জে এল নং ২৩১, থাক নং ৬৮১ এবং তৌজি নং ৯৪৮/২১৩৭, মৌজা– ২য় খণ্ড হোকদহ, থানা– দিনহাটা, জেলা– কোচবিহার, পশ্চিমবঙ্গ, তৎসহ এই জমির ওপর নির্মিত বাড়ি। চৌহদ্দি (সার্চ রিপোর্ট অনুযায়ী): উত্তর– নিজস্ব জমি; দক্ষিণ– ১২ ফুট চওড়া রাস্তা; পূর্ব– সুবল সেন; পশ্চিম– বিদ্যুৎ সরকার। সম্পত্তির স্বত্বধারক: রবিকান্ত মোদক।	**ক) ২৪.০৬.২০২৬** **খ) ০১.১১.২০২৫**	₹২৪,০২,৪০১.৩২, লোন অ্যাকাউন্ট নং ৯২১০৩০০৩৯২৪২৩৫৫–এর প্রেক্ষিতে এনপিএ হওয়ার দিন অনুযায়ী বকেয়া এবং ₹৫৬,০৬৪.৫, লোন অ্যাকাউন্ট নং ৯২১০৩০০৩৯২৪২৩৬৮–এর প্রেক্ষিতে এনপিএ হওয়ার দিন অনুযায়ী বকেয়া	১৩.০৩.২০২৩ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী ওভারড্রাফট এবং প্রোডাকশন ক্রেডিট হিসেবে ₹২৩,০০,০০০.০০ (তেইশ লক্ষ টাকা মাত্র)
২১.	**১. মিঃ আশরাফুল আমিন** পিতা– রুহুল আমিন ঠিকানা: জামপুর, হাড়োয়া, আমতা, উত্তর ২৪ পরগনা–৭৪৩৪৪৫	সামান্য কমবেশি ৯ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং ৬৭০, খতিয়ান নং ৩১৪৫, জে এল নং ৮৬, মৌজা– জামপুর, থানা– হাড়োয়া, জেলা– উত্তর ২৪ পরগনা, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো। সম্পত্তির স্বত্বধারক: আশরাফুল আমিন।	**ক) ৩০.০৬.২০২৬** **খ) ০১.০৫.২০২৬**	₹২৪,৯৫,৫৪২.৭০, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০২৫৩২০৭৬২–এর প্রেক্ষিতে বকেয়া, ৩০.০৬.২০২৬ অনুযায়ী এবং ₹৩০,৯০৩.৩০, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০২৫৩২০৭৭৫–এর প্রেক্ষিতে বকেয়া, ৩০.০৬.২০২৬ অনুযায়ী	১৬.০৫.২০২৩ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে ₹২৩,০০,০০০.০০ (তেইশ লক্ষ টাকা মাত্র) অর্থমূল্যের ওভারড্রাফটের সুবিধা এবং ₹৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের কার্যকরী মূলধনের সুবিধা প্রদান করা হয়েছে।
২২.	**১. মিঃ আনোয়ার হোসেন খান** পিতা– আজাজুল খান ঠিকানা: হিঞ্চেগেড়িয়া, ভগবানপুর, নারায়ণদাঁড়ি, পূর্ব মেদিনীপুর–৭২১৬৫৫	সামান্য কমবেশি ৯.২ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্লট নং ৬৭৭, ৬৭৯, ৬৮২, খতিয়ান নং ৭৪, জে এল নং ১৪৭, মৌজা– হিঞ্চেগেড়িয়া, থানা– ভগবানপুর, জেলা– পূর্ব মেদিনীপুর, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো। সম্পত্তির স্বত্বধারক: আনোয়ার হোসেন খান।	**ক) ৩০.০৬.২০২৬** **খ) ০১.০৫.২০২৬**	₹২৭,৮৮,৫৪৫.৯৭, লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০৪৪৭২৪০৫৪–এর প্রেক্ষিতে বকেয়া, ৩০.০৬.২০২৬ অনুযায়ী এবং ₹৩২,৩৪১.৫০, লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০৪৪৭২৪০৮৫–এর প্রেক্ষিতে বকেয়া, ৩০.০৬.২০২৬ অনুযায়ী	২৩.০৮.২০২২ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী আর্থিক সাহায্য হিসেবে ₹২৪,২০,০০০.০০ (চব্বিশ লক্ষ কুড়ি হাজার টাকা মাত্র) অর্থমূল্যের ওভারড্রাফটের সুবিধা এবং ₹৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা মাত্র) অর্থমূল্যের কার্যকরী মূলধনের সুবিধা প্রদান করা হয়েছে।

বিজ্ঞপ্তি পরিষেবার বিকল্প উপায় হিসেবে এই পদক্ষেপগুলি গ্রহণ করা হচ্ছে। উপরিলিখিত ঋণগ্রহীতাগণ এবং/বা জামিনদারগণের (প্রযোজ্যমতো) প্রতি এই পরামর্শ দেওয়া হচ্ছে যাতে তাঁরা এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ভবিষ্যতের সুদ ও প্রযোজ্য চার্জ সমেত অনাদায়ী বকেয়া বাবদ অর্থাঙ্ক পরিশোধ করেন যার অন্যথা হলে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর সংস্থানাধীনে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, উক্ত অ্যাক্টের ১৩(১৩) নং ধারাধীনে এই বিজ্ঞপ্তি প্রাপ্তির পরে কোনও ঋণগ্রহীতা উক্ত অ্যাক্টের (২) নং উপধারাধীনে এই বিজ্ঞপ্তিতে বর্ণিত সুরক্ষিত সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার আগাম অনুমতি ছাড়া বিক্রি, ইজারা বা অন্য কোনও উপায়ে হস্তান্তর করতে পারবেন না।

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারাধীনে সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য ঋণগ্রহীতার প্রতি উপলব্ধ সময়সীমা সম্পর্কিত সংস্থানের প্রতি ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারা–

''যাবতীয় মাশুল, চার্জ ও সুরক্ষিত ঋণদাতার তরফে কৃত খরচাপাতি সমেত সুরক্ষিত ঋণদাতার যাবতীয় পাওনা অর্থাঙ্ক প্রকাশ্য নিলাম বা দরপত্র আমন্ত্রণ বা জনসাধারণের থেকে দরপ্রস্তাব আমন্ত্রণ অথবা সুরক্ষিত পরিসম্পদ ইজারা, ভারার্পণ বা বিক্রির জন্য ব্যক্তিগত চুক্তির বিজ্ঞপ্তি প্রকাশের আগে যে কোনও সময়ে ঋণগ্রহীতা যদি সুরক্ষিত ঋণদাতাকে মিটিয়ে দিতে পারেন, সেক্ষেত্রে— (১) সুরক্ষিত ঋণদাতা উক্ত সুরক্ষিত পরিসম্পদগুলি ইজারা, ভারার্পণ বা বিক্রির মাধ্যমে হস্তান্তর করা হবে না; এবং (২) এই উপধারার অধীনে উপরোক্ত অর্থাঙ্ক আদায় দেওয়ার আগে যদি সুরক্ষিত ঋণদাতার তরফে ইজারা, ভারার্পণ বা বিক্রির মাধ্যমে হস্তান্তরের জন্য কোনও পদক্ষেপ নেওয়া হয়ে থাকে, তাহলে উক্ত সুরক্ষিত পরিসম্পদ ইজারা বা ভারার্পণ বা বিক্রির মাধ্যমে হস্তান্তরের জন্য পরবর্তী কোনও পদক্ষেপ গ্রহণ করা হবে না।''

তারিখ: ০১.১০.২০২৬
স্থান: পশ্চিমবঙ্গ

অনুমোদিত আধিকারিক
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

শিল্ড সেমিফাইনালের সূচি

আইএফএ শিল্ডের সেমিফাইনালে ডার্বি হচ্ছে না। ৪ অক্টোবর প্রথম সেমিফাইনাল মোহনবাগান বনাম পাঞ্জাব এফসি–র। পরের দিন দ্বিতীয় সেমিফাইনাল ইস্টবেঙ্গল বনাম নর্থইস্ট ইউনাইটেডের। দুটি সেমিফাইনালই কিশোরভারতী স্টেডিয়ামে, বিকেল পাঁচটা থেকে।

ফের সোনা নীরুর, আজ শ্রেয়সদের সামনে শ্রীলঙ্কা

তীরন্দাজিতে সোনার হ্যাটট্রিক

আজকালের প্রতিবেদন

এশিয়াডে বুধবার ভারতের সোনালি দিন। তীরন্দাজিতে কম্পাউন্ড বিভাগে এল তিন সোনা। মেয়েদের ও ছেলেদের দলগত বিভাগ এবং মিক্সড ইভেন্টে। ২০২৩ হাংঝৌ এশিয়ান গেমসেও এই তিন বিভাগে সোনা পেয়েছিল ভারত। মেয়েদের দলগত বিভাগে ভারত ২৩৮–২৩৪ হারাল চীনকে। দলে ছিলেন জ্যোতি সুরেখা ভেনাম, চিকিতা তানিপার্থী, প্রীতিকা প্রদীপ। সেমিফাইনালে ভারত হারায় দক্ষিণ কোরিয়াকে।

ছেলেদের ইভেন্ট যেন মেয়েদের ইভেন্টেরই পুনরাবৃত্তি। এক্ষেত্রেও দক্ষিণ কোরিয়াকে হারিয়েই ফাইনালে ওঠে ভারত। ফাইনালে হারাল সেই চীনকেই। ফল ২৩৮–২৩৭। লড়াই হয়েছে হাড্ডাহাড্ডি। দলে ছিলেন কুশল দালাল, সাহিল যাদব, গণেশ মণিরত্নম থিরুমুরু। কম্পাউন্ড মিক্সড ইভেন্টেও এল সোনা। দলে ছিলেন চিকিতা এবং সাহিল। এই সোনার সুবাদে লস অ্যাঞ্জেলেস অলিম্পিকে তাঁদের জায়গা নিশ্চিত। শুটিংয়ে আগেরদিন ব্যক্তিগত ট্র্যাপ ইভেন্টে সোনা জিতেছিলেন নীরু ধানদা। এবার ট্র্যাপ মিক্সড ইভেন্টেও সোনা পেলেন নীরু। সঙ্গী কিনান চেনাই। সোনার পাশাপাশি তৈরি করলেন নতুন এশীয় রেকর্ড।

ইতিহাসের সামনে ভারতের মহিলা হকি দল। প্রথমবার এশিয়ান গেমসে পদক এসেছিল ১৯৮২ সালে। সেবার এশিয়াডের আসর বসেছিল দিল্লিতে। তারপর থেকে আর সোনা আসেনি। ৪৪ বছর পর ফের সোনার হাতছানি। এবার শুরু থেকেই দুরন্ত ছন্দে ভারতের মেয়েরা। সেমিফাইনালেও অনায়াসে হারাল দক্ষিণ কোরিয়াকে। ফল ২–০। গোলদাতা ঈশিকা চৌধরি ও সালিমা টেটে। শুক্রবার ফাইনালে ভারতের সামনে চীন।

মেয়েদের ক্রিকেটে ভারত আগেই সোনা পেয়েছে। এবার ছেলেদের ক্রিকেটে আজ সেমিফাইনালে নামছে ভারত। শ্রেয়স আয়ারদের সামনে শ্রীলঙ্কা। অন্য সেমিফাইনালে পাকিস্তান খেলবে বাংলাদেশের বিরুদ্ধে। কোয়ার্টার ফাইনাল বৃষ্টিতে ভেস্তে গেলেও সেমিতে বৃষ্টির তেমন আশঙ্কা নেই। একান্তই যদি খেলা না হয়, র‍্যাঙ্কিংয়ে এগিয়ে থাকার সুবাদে ভারত ফাইনালে পৌঁছে যাবে।

মেয়েদের বক্সিংয়ে সোনার সামনে লভলিনা বরগোহাঁই। অলিম্পিকে পদকজয়ী অসমের এই বক্সার ২০২৩ এশিয়াডে পেয়েছিলেন রুপো। এবার ৭৫ কেজি বিভাগে পৌঁছে গেলেন ফাইনালে। তিনিই ভারতের প্রথম মহিলা বক্সার, যিনি পরপর দু’বার ফাইনালে উঠলেন। ৬৫ কেজি বিভাগে প্রবীণ হুডা, ৮০ কেজি বিভাগে অঙ্কুশ পাঙ্ঘালও ফাইনালে পৌঁছে গেছেন। তাঁদের সামনেও সোনার হাতছানি। ব্রোঞ্জে দৌড় থামল নরেন্দর বেরওয়াল, কপিল পোখারিয়ার। কুস্তিতেও পদক অভিযান শুরু। প্রথম দিনই ব্রোঞ্জ পেলেন সুনীল কুমার (৮৭ কেজি)।

কমনওয়েলথ গেমসে জুডোয় সোনা জিতে চমকে দিয়েছিলেন ত্রিপুরার মেয়ে অস্মিতা দে। এশিয়ান গেমসে হাতছাড়া হল ব্রোঞ্জ। স্কোয়াশে দলগত বিভাগে আরও দুটি পদক নিশ্চিত। ছেলেদের ও মেয়েদের দল পৌঁছে গেল সেমিফাইনালে। ছেলেরা হারালেন কুয়েতকে, মেয়েরা সিঙ্গাপুরকে। ছেলেদের দলে ছিলেন বীর চোত্রানি, অভয় সিং। মেয়েদের দলে ছিলেন অনাহত সিং, তন্বি খান্না। টেনিস সিঙ্গলসে সুমিত নাগাল উঠলেন কোয়ার্টারে। তৃতীয় রাউন্ডে বিদায় দক্ষিণেশ্বরের।

সোনার পদক হাতে তিন সোনার মেয়ে প্রীতিকা, চিকিতা এবং জ্যোতি। ছবি: পিটিআই

আজ
এশিয়াডে ক্রিকেট সেমিফাইনাল
ভারত বনাম শ্রীলঙ্কা
(সকাল ১০–৩০। সোনি স্পোর্টস)

শিবির ছাড়লেন ক্ষুব্ধ রোনাল্ডো

আজকালের প্রতিবেদন

গভীর রাতে ইনস্টাগ্রামে একটা পোস্ট। তারপরই জোর জল্পনা। তবে কি পর্তুগাল জাতীয় দল থেকে অবসর নিলেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো?

কারণ, ডেনমার্ক ম্যাচের আগে জাতীয় শিবির থেকে বেরিয়ে গিয়েছেন ক্ষিপ্ত সিআর সেভেন। নতুন কোচ হোর্হে জেসুসের সঙ্গে ঝামেলার জেরেই এই সিদ্ধান্ত। পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করেন পর্তুগাল ফুটবল ফেডারেশনের সভাপতি পেড্রো। তবে রোনাল্ডোর সঙ্গে আলোচনা ভেস্তে যায়। মালমোর ট্রেনিং গ্রাউন্ড থেকে বেরিয়ে যান পর্তুগিজ মহাতারকা। পরে তিনি সোশ্যাল মিডিয়ায় নিজেই সে কথা বলেন। সেই সঙ্গে পর্তুগাল আর তাঁর সতীর্থদের গুড লাক জানান। শেষে লেখেন, ‘এই শুভেচ্ছা সবার জন্য নয়!’

এখানেই প্রশ্ন উঠছে তবে কি জাতীয় দলে রোনাল্ডোর কেরিয়ার শেষ?

ইরানিতে নজরে আকাশ

আজকালের প্রতিবেদন

আজ থেকে শুরু হচ্ছে ইরানি কাপ। রনজি ট্রফি চ্যাম্পিয়ন জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে মাঠে নামছে অবশিষ্ট ভারতীয় একাদশ। নিউজিল্যান্ড সফরের দল নির্বাচনের আগে এই ম্যাচে বেশ কয়েকজন ক্রিকেটারের দিকে নজর থাকবে জাতীয় নির্বাচকদের। তাঁদের মধ্যে অন্যতম বাংলার আকাশদীপ। এছাড়াও সারাংশ জৈন, সরফরাজ খান, মানব সুতারদের দিকেও নজর থাকবে।

কোচ লক্ষ্মীরতন শুক্লার সঙ্গে অনুশীলনে নেতা ঋষভ পন্থ।

কোমরে চোটের জন্য দীর্ঘদিন মাঠের বাইরে ছিলেন আকাশদীপ। শেষ খেলেছিলেন ফেব্রুয়ারিতে রনজি সেমিফাইনালে। ৭ মাস পর আবার মাঠে ফিরছেন বাংলার এই জোরে বোলার। নিউজিল্যান্ড সফরের দল নির্বাচনের আগে নির্বাচকরা তাঁর ফিটনেস দেখে নিতে চাইছেন। সেই দিক দিয়ে বলতে গেলে ইরানি কাপের এই ম্যাচ আকাশদীপের কাছে অগ্নিপরীক্ষা। ইরানি কাপে অবশিষ্ট ভারতীয় দলের নেতৃত্বে ঋষভ পন্থ। কোচ বাংলার লক্ষ্মীরতন শুক্লা।

গিল–রোহিতের ব্যাটে বর্ষাপাড়ায় রেকর্ড জয়

শতরানের পর রোহিত। দ্বিশতরানে পৌঁছে শুভমানের সেলিব্রেশন।

বিশ্বজিৎ দাস

ইটের জবাব পাটকেলে!

কানায় কানায় ভর্তি গুয়াহাটির বর্ষাপাড়া স্টেডিয়ামের গ্যালারিতে শ্মশানের নিস্তব্ধতা নেমেছিল ইনিংস বিরতিতে। নেপথ্যে, ক্যারিবিয়ান ত্রয়ী জন ক্যাম্পবেল, শাই হোপ এবং আমির জাঙ্গু। কে জানত, বিরতি শেষে সেই গ্যালারিকেই উল্লাসের রসদ জোগাবেন রোহিত শর্মা–শুভমান গিল জুটি।

ভারতীয় ক্রিকেটের প্রাক্তন এবং বর্তমান অধিনায়কের ব্যাট একের পর এক নজির গড়ল। জুটিতে উঠল ২৫৫ রান। অল্পের জন্য রক্ষা পেল ২০০১ সালে শ্রীলঙ্কার বিরুদ্ধে শচীন–সৌরভ ওপেনিং জুটির সর্বোচ্চ ২৫৮ রানের রেকর্ড। তবে দ্রুততম দ্বিশতরানের ইনিংস শুভমানের (অপরাজিত ২২৩)। ভারতীয় দল (৪০৬/২) ৪৩.৩ ওভারে অনায়াসে একদিনের ক্রিকেট ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ রান তাড়া করে জয়ের নজিরও গড়ল। বুধবার টস জিতে রান তাড়া করার সিদ্ধান্ত নিয়েছিলেন শুভমান। ক্যাম্পবেল, অধিনায়ক হোপ এবং জাঙ্গুর শতরানে ভর করে একদিনের ক্রিকেটে প্রথমবার চারশোর গণ্ডি টপকায় ওয়েস্ট ইন্ডিজ। চারশোর বেশি রান তুলে কোনও দলের ম্যাচ হারার ঘটনা ক্রিকেট ইতিহাসে একবারই ছিল। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে অস্ট্রেলিয়ার। এদিন তালিকায় যোগ দিল ওয়েস্ট ইন্ডিজ। ক্যারিবিয়ানদের ৪০৫/৭ তাড়া করতে নেমে ভারতীয় দল দ্বিতীয় ইনিংসে নিজেদের সর্বোচ্চ সংগ্রহের রেকর্ডকেও ছাপিয়ে গেল। এক ম্যাচে পাঁচ সেঞ্চুরির রেকর্ডও হল।

পরিসংখ্যান বলছে, একদিনের ক্রিকেটে এই নিয়ে ষষ্ঠবার কোনও এক ইনিংসে তিনজন ব্যাটার সেঞ্চুরি করলেন। জন ক্যাম্পবেল ৬৫ বলে ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেটারদের নিরিখে পঞ্চম দ্রুততম সেঞ্চুরি করেন। ১৯তম ওভারের প্রথম বলে যখন তাঁর ১০১ রানের ইনিংসে ইতি পড়ে, তখন ওয়েস্ট ইন্ডিজের বোর্ডে ১৪৭ রান। ব্রায়ান লারাকে ছাপিয়ে হোপ নিজের ২০তম সেঞ্চুরি পূর্ণ করলেন। জাঙ্গুও পিছিয়ে থাকেননি। ৭৭ বলে ১১৪ রানের ইনিংস খেলেন। নীতীশ রেড্ডির পরিবর্তে এদিন অভিষেক হয় আকিব নবির। যদিও তিনি দাগ কাটতে পারেননি। দুশ্চিন্তা থাকল টিম ইন্ডিয়ার পেস ইউনিটকে নিয়ে। প্রসিদ্ধ কৃষ্ণ মাত্র পাঁচ ওভার বল করে মাঠ ছাড়েন। নমন ধীরও নিজের সপ্তম ওভারে চোট পেয়ে আর বল করতে পারেননি।

যদিও দুশ্চিন্তার কালো মেঘ কাটে রোহিত–শুভমানের ব্যাটে। এদিন প্রথমে, একদিনের ক্রিকেটে ১২ হাজার রানের মাইলফলক স্পর্শ করেন রোহিত। পরে এই ফরম্যাটে নিজের ৩৫তম শতরান পূর্ণ করেন। ২৭ ওভারের মাথায় রোহিতের ইনিংসে ইতি পড়লেও থামানো যায়নি শুভমানকে। ৮ উইকেটে জয় ছিনিয়ে মাঠ ছাড়লেন তিনি।

স্কোরবোর্ড

ওয়েস্ট ইন্ডিজ

ক্যাম্পবেল ক নমন ব ব্রার	১০১ (৬৮)
কার্টি ক নমন ব প্রসিদ্ধ	৯ (১০)
হোপ ক আকিব ব কুলদীপ	১০৪ (৯৪)
জাঙ্গু ক ঋতুরাজ ব জাদেজা	১১৪ (৭৭)
রাদারফোর্ড ক পরিবর্ত ব ব্রার	০ (১)
চেজ অপরাজিত	২৯ (২৫)
পল ক বিরাট ব কুলদীপ	৩ (৮)
আলজারি ক রোহিত ব জাদেজা	৮ (১০)
শামার অপরাজিত	১৪ (৮)
অতিরিক্ত	২৩
মোট (৫০ ওভারে, ৭ উইকেটে)	৪০৫

■ উইকেট পতন: ১/৩৭, ২/১৪৭, ৩/৩২৯, ৪/৩৩০, ৫/৩৪৮, ৬/৩৬৯, ৭/৩৮৫

■ বোলিং: প্রসিদ্ধ ৫–০–৪৫–১, আকিব ৮.৫–০–৮৪–০, ব্রার ১০–০–৯৬–২, নমন ৬.১–০–৩৮–০, জাদেজা ১০–০–৭৫–২, কুলদীপ ১০–০–৬৫–২

ভারত

রোহিত এলবিডব্লু ব সিলস	১০১ (৭৫)
শুভমান অপরাজিত	২২৩ (১৩৩)
বিরাট ক রাদারফোর্ড ব শামার	২৯ (১৯)
ঋতুরাজ অপরাজিত	৩১ (৩৭)
অতিরিক্ত	২২
মোট (৪৩.৩ ওভারে, ২ উইকেটে)	৪০৬

■ উইকেট পতন: ১/২৫৫, ২/৩২০

■ বোলিং: সিলস ৮–০–৭৮–১, আলজারি ৮–০–৮৯–০, শামার ৬–০–৫২–১, পল ৩–০–৪৯–০, চেজ ৮.৩–০–৬৩–০, ভিটেল ১০–০–৭৩–০

■ ভারত জয়ী ৮ উইকেটে

■ ম্যাচের সেরা: শুভমান গিল

ইয়ামালের জোড়া, জয়ী স্পেন

আজকালের প্রতিবেদন

নেশনস লিগের দ্বিতীয় ম্যাচেও লামিন ইয়ামালের পায়ের জাদু অব্যাহত। মঙ্গলবার ক্রোয়েশিয়াকে ৪–১ ফলে হারাল স্পেন। ২ এবং ৬৩ মিনিটে জোড়া গোল করলেন ইয়ামাল। স্পেনের হয়ে আরও দুটি গোল করেছেন মার্ক পুবিল এবং নিকো উইলিয়ামস। ক্রোট শিবিরের একমাত্র গোলদাতা দিওন দ্রেনা।

প্রতিযোগিতায় ইংল্যান্ড নিজেদের দ্বিতীয় ম্যাচে চেক প্রজাতন্ত্রকে ২–০ হারিয়েছে। ২৫ মিনিটে লাল কার্ড দেখেন চেকের এক ফুটবলার। বিরতির পরই লিড নেয় ইংল্যান্ড। ৪৭ মিনিটে স্কোরলিস্টে নাম তোলেন অ্যান্থনি গর্ডন। ৬৯ মিনিটে গোল করে দলের জয় নিশ্চিত করেন হ্যারি কেন। স্কটল্যান্ডের বিরুদ্ধে ৩–০ জয়ী সুইৎজারল্যান্ড। রিকার্ডো রডরিগেজের গোলে খেলার ১২ মিনিটে এগিয়ে যায় সুইসরা। বাকি দুটি গোল নিকো এলভেদি এবং জেকি আমদৌনির।

জঘন্য ফুটবল, পাঞ্জাবের কাছে শিল্ডে হারল ইস্টবেঙ্গল

০ ইস্টবেঙ্গল **১ পাঞ্জাব এফসি**
দিয়েগো

রাজর্ষি গাঙ্গুলি

বুধবার ভরদুপুর। সপ্তাহের মাঝে কাজের দিনেও ইস্টবেঙ্গল মাঠে বেশ ভিড়। বহুদিন পর সিনিয়র দল এই মাঠে প্রতিযোগিতামূলক ম্যাচ খেলছে। খেলছেন বিদেশিরাও। তাই রোদ এবং গরম উপেক্ষা করেও দলের জয় দেখতে এসেছিলেন কয়েক হাজার সমর্থক। বদলে চোখের সামনে দলের হার দেখলেন। সমর্থকদের পাশাপাশি ইস্টবেঙ্গলের হতশ্রী ফুটবলের সাক্ষী থাকলেন শ্যাম থাপা, সমরেশ চৌধুরি, রঞ্জিত মুখার্জি, তরুণ বসুরা। এদিন ছিল ১৯৭৫ সালের আইএফএ শিল্ডে ইস্টবেঙ্গলের ঐতিহাসিক পাঁচ গোলে ডার্বি জয়ের ৫১ বছর পূর্তি। বিশেষ দিনে সংবর্ধিত করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল সেই দলের তারকাদের। তাঁদেরও মানসিক যন্ত্রণা দিল ম্যাচটা। ফুটবলে জেতা–হারা থাকবেই। তবে দিয়েগো রাপোসোর গোলে পাঞ্জাবের কাছে শিল্ডে এই হার ইস্টবেঙ্গল কোচ আন্তোনিও লোপেজ হাবাসের কপালে চিন্তার ভাঁজ ফেলবেই।

হাবাস চেয়েছিলেন, দলে থাকা তেমন সুযোগ না পাওয়া ফুটবলারদের দেখে নিতে। সেটা দেখতে গিয়েই হাজারো সমস্যা চোখে পড়ল। মাঝমাঠে খেলল রেনিয়ার ফার্নান্ডেজ–রোহিত কুমার জুটি। এই জুটি খেললে কোনও দলের পক্ষেই জেতা সম্ভব না। দেখার ছিল একজনকে। ক্রিস ইকোনোমিডিস। পাঞ্জাবের বিরুদ্ধে অসি ফরোয়ার্ডের খেলা দেখে গ্যালারি থেকে তাঁর বিদায়ের দাবি উঠল। ক্রিসের সঙ্গে দু’বছরের চুক্তি। তাই ম্যানেজমেন্টের মনে সাধ জাগলেও, ছেঁটে ফেলার সাধ্য নেই। এসিএল টু–র ম্যাচে ভরসা দিয়েছিলেন নতুন বিদেশি স্টপার জিভুলিচ। কিন্তু এদিন ম্যাচের ৭৫ মিনিটের পর থেকে বারবার হাঁটুতে হাত দিয়ে দীর্ঘশ্বাস ফেলছিলেন।

৪১ মিনিটে রক্ষণে বড় ভুল করে ফেলেন লালচুংনুঙ্গা। তাঁর ক্লিয়ারেন্স পান ইস্টবেঙ্গলের প্রাক্তনী মেসি বৌলি। মেসির সাজিয়ে দেওয়া বলে গোল ব্রাজিলিয়ান রাপোসোর। বিরতির পর রেনিয়ার, রোহিত দানু, নরেন্দ্র গেহলট, ডেভিড, আসিফদের মাঠে রাখার সাহস দেখাননি হাবাস। দ্বিতীয়ার্ধে পাঞ্জাবের একটি শট পোস্টে না লাগে। বিপিন, বিষ্ণুরা নামার পর ইস্টবেঙ্গলের খেলায় গতি আসলেও, গোল আসেনি। ইস্টবেঙ্গল যে কবে বিদেশি স্ট্রাইকার নিয়ে মাঠে নামবে, সেই উত্তরের অপেক্ষায় সবাই। সংযুক্তি সময়ে দ্বিতীয় হলুদ কার্ড দেখে পাঞ্জাবের নিখিল প্রভু মাঠ ছাড়েন। ম্যাচের পর সাংবাদিক সম্মেলনে আসেননি ইস্টবেঙ্গল কোচ আন্তোনিও লোপেজ হাবাস। অন্যদিকে, শুক্রবার অনুশীলনে যোগ দেবেন পোল্যান্ডের স্ট্রাইকার লুকাস জোলিনস্কি।

ইস্টবেঙ্গল: ফুর্বা, নরেন্দ্র (হার্দিক), জিভুলিচ, লালচুংনুঙ্গা, বরিস, রোহিত দানু (বিষ্ণু), রেনিয়ার (জিকসন), রোহিত কুমার, ক্রিস, আসিফ (বিপিন), ডেভিড (বিলাল)

বৈংক ऑफ़ बड़ौदा Bank of Baroda

রিজিওনাল অফিস: বর্ধমান রিজিয়ন
২ নং ফ্লোর, ৫৪, জি টি রোড, ভাঙ্গাকুঠি, বর্ধমান–৭১৩১০১

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার ‘এ’

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি; ‘পরিশিষ্ট IV–A [রুল ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ), জামিনদার(গণ) ও জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি ‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেমন আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম / লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর/ অস্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	মোট বকেয়া	ই–নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (গঠনমূলক / বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	**১. মেসার্স এ টু জেড ডিস্ট্রিবিউটরস,** প্রোপ্রাইটর: মিঃ যুধিষ্ঠির মাইতি, পিতা– মিঃ লক্ষ্মণ মাইতি, গ্রাম ও পোঃঅঃ– ধান্যঘর, থানা– নন্দকুমার, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১৬৪৩ **২. মিঃ যুধিষ্ঠির মাইতি** (মেসার্স এ টু জেড ডিস্ট্রিবিউটরস–এর প্রোপ্রাইটর), পিতা– মিঃ লক্ষ্মণ মাইতি, গ্রাম ও পোঃঅঃ– ধান্যঘর, থানা– নন্দকুমার, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১৬৪৩ **জামিনদারগণ: (১) মিঃ সন্দীপম সামন্ত, (২) মিঃ নিরূপম সামন্ত, (৩) মিঃ কাঞ্চন সামন্ত, (৪) মিঃ পুরঞ্জয় সামন্ত,** সকলের নিবাস: গ্রাম ও পোঃঅঃ– ধান্যঘর, থানা– নন্দকুমার, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১৬৪৩ **শাখা:** তমলুক **অনুমোদিত আধিকারিক:** মিঃ প্রত্যয় সরকার **শাখায় যোগাযোগের ব্যক্তি:** মিঃ সুজয় হাঁসদা মোবাইল: ৮৪৭৩৮১৩২৩২	**নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা– ধান্যঘর, থানা– নন্দকুমার, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৬৪৩, জে এল নং ৭৬, খতিয়ান নং ৮২৮ (এল আর), প্লট নং ৩০৬, জমির পরিমাপ– ৩৪ ডেসিমেল, শেওড়াবেড়িয়া জলপাই গ্রাম পঞ্চায়েত, ২২.০১.১৯৯০ তারিখে সম্পাদিত বিক্রয় দলিল নং ২১০/১৯৯০ এবং ০৮.০৬.২০০৯ তারিখে সম্পাদিত বিক্রয় দলিল নং I–৩৩৭১ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক মিঃ নিরূপম সামন্ত, মিঃ সন্দীপম সামন্ত, মিঃ কাঞ্চন সামন্ত, মিঃ পুরঞ্জয় সামন্ত।** সম্পত্তির চৌহদ্দি: উত্তর– পুকুর; দক্ষিণ– গ্রামীণ পথ; পূর্ব– মালিকানাধীন জমি; পশ্চিম– অনুপম সামন্ত ও অন্যদের জমি।	₹ ৬৫,৯৩,১৪৫.৬৫ তৎসহ ২৭.০৯.২০২৬ থেকে অপ্রযুক্ত সুদ ও আইনি / অন্যান্য চার্জ	০৫.১১.২০২৬ দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹৪৭,০০,০০০.০০ / ₹৪,৭০,০০০.০০ / ₹১০,০০০.০০	বাস্তবিক	যে কোনও কাজের দিনে সকাল ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে
২	**(১) মেসার্স চৌধুরী সিন্ডিকেট** ঠিকানা: ৩২, বাহিরসর্বমঙ্গলা পাড়া, সুভাষপল্লী, বর্ধমান–৭১৩১০১ **(২) মিঃ অমরনাথ চৌধুরী,** ঠিকানা: ৩২, বাহিরসর্বমঙ্গলা পাড়া, সুভাষপল্লী, বর্ধমান–৭১৩১০১ **(৩) মিসেস লীনা চৌধুরী,** ঠিকানা: ৩২, বাহিরসর্বমঙ্গলা পাড়া, সুভাষপল্লী, বর্ধমান–৭১৩১০১ **শাখা:** বর্ধমান **অনুমোদিত আধিকারিক:** তরুণ সুভাষচন্দ্র দত্ত **শাখায় যোগাযোগের ব্যক্তি:** তরুণ সুভাষচন্দ্র দত্ত মোবাইল: ৯৮৭৪০৭২৪০৪	**শ্রী অমরনাথ চৌধুরীর স্বত্বাধীনে নিম্নোক্ত জমি ও আবাসবাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: জেলা ও থানা– বর্ধমান, মৌজা– বাহিরসর্বমঙ্গলা পাড়া, ওয়ার্ড নং ২, বর্ধমান পুরসভা, আর এস প্লট নং ১৭৮১, ১৭৮২, ১৭৮৩, এল আর প্লট নং ৫৫৪৪, আর এস খতিয়ান নং ১৬৩, ৩২০, এল আর খতিয়ান নং ১০৬৮৭, জে এল নং ৪২, প্রকৃতি– বাস্তু, জমির পরিমাপ– ৭.৯৪ ডেসিমেল।** সম্পত্তির চৌহদ্দি: উত্তর– পরেশ চৌধুরীর সম্পত্তি; দক্ষিণ– চলাচলের পরিসর; পূর্ব– শেখর চৌধুরীর সম্পত্তি; পশ্চিম– অশোক ব্যানার্জির সম্পত্তি।	₹ ৪৬,৭২,৩৯৯.০৬ তৎসহ ৩০.০৯.২০২৬ থেকে অপ্রযুক্ত সুদ, আইনি ও অন্যান্য চার্জ	০৫.১১.২০২৬ দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹৪৩,৮১,০০০.০০ / ₹৪,৩৮,১০০.০০ / ₹১০,০০০.০০	বাস্তবিক	যে কোনও কাজের দিনে সকাল ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.bankofbaroda.bank.in/e-auction.htm ওয়েবসাইট এবং অনলাইন নিলাম পোর্টাল https://baanknet.com–তে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গে ওপরে উল্লিখিত নম্বরেও যোগাযোগ করতে পারেন।

SCAN HERE
বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য

তারিখ: ০১.১০.২০২৬
স্থান: বর্ধমান

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা

বैंक ऑफ़ इंडिया Bank of India BOI
Relationship Beyond Banking

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
বাঙ্গুর অ্যাভিনিউ শাখা
৪১৫/১৩–১৪, বাঙ্গুর অ্যাভিনিউ, ব্লক–সি, কলকাতা– ৭০০০৫৫

বকেয়া লকার ভাড়া প্রদানের জন্য নোটিস

ক্রম নং	লকার ধারকের নাম	ঠিকানা	বকেয়া লকার ভাড়া (প্রযোজ্য জিএসটি চার্জ ব্যতীত)	প্রেরিত নোটিস সম্পর্কিত তথ্য	যে তারিখ থেকে বকেয়া
১	১) হীরা বাজাজ (স্বয়ং) লকার নং–০২০২৭৩, টাইপ–এ	৫৯/২ বাঙ্গুর অ্যাভিনিউ ব্লক সি পশ্চিমবঙ্গ, পিন কোড: ৭০০০৫৫	₹১২৬০০/–	১৯.১০.২০২২, ০৭.১১.২০২২, ২১.১১.২০২২ চূড়ান্ত– ০৮.০৪.২০২৫	২৮.০২.২০১৯
২	১) শ্যাম সুন্দর বাগারিয়া ২) শ্বেতা বাগারিয়া (যে কোনো একজন বা জীবিত ব্যক্তি) লকার নং–০২০২৮৬, টাইপ–এ	৪১সি. ২নং ফ্লোর বাঙ্গুর অ্যাভিনিউ, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন কোড: ৭০০০৫৫	₹১২৬০০/–	১৯.১০.২০২২, ০৭.১১.২০২২, ২১.১১.২০২২ চূড়ান্ত– ০৮.০৪.২০২৫	২৫.০৪.২০১৯
৩	১) শুক্লা রায় ২) রজত কুমার রায় (যে কোনো একজন বা জীবিত ব্যক্তি) লকার নং–০৪০০৪৬, টাইপ–এ	শরৎ পল্লী পোঃঅঃ রাজারহাট গোপালপুর পশ্চিমবঙ্গ, কলকাতা, পিন কোড: ৭০০১৩৬	₹১২৬০০/–	১৯.১০.২০২২, ০৫.১১.২০২২, ২১.১১.২০২২ চূড়ান্ত– ০৫.০৪.২০২৫	৩১.০১.২০১৯
৪	১) অলিভিয়া দাস ২) সাধন দাস. (যে কোনো একজন বা জীবিত ব্যক্তি) লকার নং–৭০০০৪৭, টাইপ–এ	২২/এইচ/২, রাজা মনীন্দ্র রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন কোড: ৭০০০৩৭	₹১২৬০০/–	১৯.১০.২০২২, ০৫.১১.২০২২, ২১.১১.২০২২ চূড়ান্ত– ০৫.০৪.২০২৫	০৭.০৬.২০১৯
৫	১) রাধা শ্যাম আগরওয়াল ২) উত্তম কুমার আগরওয়াল (যে কোনো একজন বা জীবিত ব্যক্তি) লকার নং–৭০০০৬৬, টাইপ–এ	প্রযত্নে কৈলাশ আগরওয়াল ১০৬, বাঙ্গুর অ্যাভিনিউ ব্লক–সি, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন কোড: ৭০০০৫৫.	₹১২৬০০/–	১৯.১০.২০২২, ০৫.১১.২০২২, ২১.১১.২০২২ চূড়ান্ত– ০৭.০৪.২০২৫	২১.০৪.২০১৯
৬	১) উর্মিলা বাগারিয়া ২) পল্লবী টিব্রেওয়াল (যে কোনো একজন বা জীবিত ব্যক্তি) লকার নং–৮০৭৬, টাইপ–এ	ফার্স্ট ফ্লোর, ফ্ল্যাট–১০৪, ১৪/১৫ বাঙুর অ্যাভিনিউ, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন কোড: ৭০০০৫৫.	₹১২৬০০/–	১৯.১০.২০২২, ০৭.১১.২০২২, ২১.১১.২০২২ চূড়ান্ত– ০৭.০৪.২০২৫	০৮.০৩.২০১৯
৭	দেবযানী সিং দেবকুমার সিং লকার নং–০৩০২২০ টাইপ–এ	১৭১/১/১, বাঙ্গুর অ্যাভিনিউ, ব্লক–বি কলকাতা–৭০০০৫৫	₹৯০০০/–	১৯.০৪.২০২৫, ২২.০৪.২০২৫, ০৩.০৫.২০২৫ চূড়ান্ত– ১৫.০৭.২০২৫	২২.০৩.২০২১
৮	শকুন্তলা পান্ডে, সূর্য নারায়ণ পান্ডে যে কোনো একজন বা জীবিত ব্যক্তি লকার নং–০৫৫০৪৬ টাইপ–এ	১১৭, বাঙ্গুর অ্যাভিনিউ, ব্লক–এ, কলকাতা–৭০০০৫৫	₹৭৫০০/–	১৯.০৪.২০২৫, ২২.০৪.২০২৫, ০৩.০৫.২০২৫ চূড়ান্ত– ১৫.০৭.২০২৫	০২.০৩.২০২২
৯	শীলা দেব স্বয়ং লকার নং–০১০০০২ টাইপ–এ	ফ্ল্যাট–কিউ১৯ সুপার মার্কেট কমপ্লেক্স বাঙ্গুর অ্যাভিনিউ, কলকাতা–৭০০০৫৫	₹১০৫০০/–	০১.১১.২০২২, ২১.১১.২০২২, ০৭.০৪.২০২৫ চূড়ান্ত– ১৫.০৭.২০২৫	১৫.০১.২০২০
১০	অসিতা চক্রবর্তী হিমাদ্রি শঙ্কর চক্রবর্তী যে কোনো একজন বা জীবিত ব্যক্তি লকার নং–০৫৫৩৩২ টাইপ–এ	অসিতা চক্রবর্তী ৮০, দমদম পার্ক পশ্চিমবঙ্গ কলকাতা–৭০০০৫৫	₹৮৪০০/–	১৯.০৪.২০২৫, ২২.০৪.২০২৫, ২৮.০৫.২০২৫ চূড়ান্ত– ০৩.০৫.২০২৫	১৮.০১.২০২২
১১	১. অপরাজিতা চৌধুরী ২. হাসিরাশি বন্দ্যোপাধ্যায় যে কোনো একজন বা জীবিত ব্যক্তি লকার নং–০৪০১৯৯ টাইপ–এ	১৮৫এ ফ্ল্যাট নং–সি–২ ব্লক–এ, বাঙ্গুর অ্যাভিনিউ, পশ্চিমবঙ্গ কলকাতা–৭০০০৫৫	₹৭৫০০/–	২১.০৪.২০২৫, ২২.০৪.২০২৫, ৩০.০৫.২০২৫ চূড়ান্ত– ১৫.০৭.২০২৫	০৬.০৬.২০২২

উপরিলিখিত সমস্ত লকার গ্রাহক ব্যাঙ্ক অফ ইন্ডিয়া বাঙ্গুর অ্যাভিনিউ শাখায় লকার পরিচালনা করছেন। আমরা উপরের সারণির ৫ নং কলামে উল্লিখিত তারিখগুলিতে বকেয়া লকার ভাড়া মেটানোর বিষয়ে বিভিন্ন পত্র মারফৎ যোগাযোগ করেছি। তা সত্ত্বেও, বিভিন্ন রিমাইন্ডার দেওয়া সত্ত্বেও তা মেটানো হয়নি। সমস্ত লকার গ্রাহককে এই বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে উপরের সারণির ৪ নং কলামে উল্লিখিত বকেয়া ভাড়া জমা দেওয়ার জন্য আবারও পরামর্শ দেওয়া হচ্ছে। তা না মেটানো হলে, এই প্রকাশনা/বিজ্ঞপ্তির তারিখ থেকে ১৫ দিন পর ব্যাঙ্ক তাদের (লকার–গ্রাহকদের) খরচ, ব্যয় এবং চার্জে সম্পূর্ণ তাদের ঝুঁকি এবং দায়িত্বে ড্রিল করে লকার খুলবে।

তারিখ: ০১.১০.২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

ব্রাজিল! ভাল খেলার প্রেরণা আমাদের

লিয়েন্ডার পেজ

কলকাতায় থাকলে স্টেডিয়ামে বসে ম্যাচ দেখার ইচ্ছে আছে। কল্যাণ চৌবে (ফেডারেশন সভাপতি) আমার ভাল বন্ধু। নিশ্চয়ই একটা পাসের ব্যবস্থা করে দেবে।

আমি বিশ্ব ফুটবলে ইংল্যান্ডের সমর্থক। তবে ব্রাজিল ও পর্তুগালও আমার পছন্দ। প্রিয় ক্লাব বার্সিলোনা। ৯–১০ বছর বয়সে বার্সিলোনা ইয়ুথ ফুটবল অ্যাকাডেমিতে ট্রায়াল দিতে গেছিলাম, বড় হয়ে ইন্টারন্যাশনাল ফুটবলার হওয়ার স্বপ্নে। হয়তো সুযোগও পেতাম ওদের অ্যাকাডেমিতে। কিন্তু শর্ত ছিল, আমাকে ভারতের পাসপোর্ট ছেড়ে স্পেনের পাসপোর্ট করতে হবে এবং ভবিষ্যতে সেটাই থাকবে। বাবা (ডাঃ ভেস পেজ) আমাকে সটান 'না' বলে দেন।

সাতাত্তরে ইডেনে পেলে ম্যাচের সময় আমার সাড়ে চার বছর বয়স। খুব সামান্যই মনে আছে। বাবা পুরো সাতের দশক মোহনবাগান হকি দলে খেলেছেন। অলিম্পিক এবং হকি বিশ্বকাপ, দুটোতেই পদক জয়ী। ফলে মোহনবাগান বস্‌ ধীরেন দে–র থেকে বাবার পেলে ম্যাচের টিকিট পেতে অসুবিধা হয়নি। সেই ম্যাচ নিয়ে বাবার উন্মাদনা মনে আছে। তবে অনেক বছর পরে পেলে যখন কলকাতায় অতিথি হয়ে এসেছিলেন, তখন দেখা হয়েছিল। পেলে জানতেন, একজন ব্রাজিলিয়ানকেই হারিয়ে ১৯৯৬ অলিম্পিক টেনিসে পদক জিতেছি। উল্লেখও করেছিলেন সেই আড্ডায়।

ব্রাজিল ২০০২–এ শেষবার বিশ্বকাপ চ্যাম্পিয়ন হয়েছে। তবুও ব্রাজিল মানে আলাদা ব্যাপার। এই প্রথম ওরা জাতীয় দলের জন্য ইওরোপিয়ান কোচ কার্লো আনসেলোত্তিকে আনলেও সাম্বা ফুটবলের স্বাদ এখনও ভিনিসিয়াসদের খেলায় পাওয়া যায়। ব্রাজিল মানেই স্কিল আর টাচ ফুটবল। ফুটবল শিল্প। যে শিল্প কখনও ফুরনোর নয়। তাই আমাদের জাতীয় দলের ছেলেরা বুঝতেই পারছে, শনিবার ওরা কাদের বিরুদ্ধে খেলতে চলেছে। সেটাই ওদের কাছে নিজেদের ছাপিয়ে গিয়ে ভাল খেলার সবচেয়ে বড় প্রেরণা। বেস্ট অফ লাক ব্লু টাইগার্স।

(কলকাতা বিমানবন্দরে দিয়েগো ফোরলান। ছবি: এক্স)

কলকাতায় পৌঁছেই যুবভারতীতে উরুগুয়ে

সায়ন গুপ্ত

ঘড়ির কাঁটায় সন্ধ্যা সাতটা ছুঁইছুঁই। যুবভারতীতে কর্তব্যরত পুলিশ অফিসারদের হঠাৎ তৎপরতা। জানা গেল, অনুশীলনে আসছে উরুগুয়ে দল। বিকেল ৪.০৯ সিওল থেকে শহরে পা রেখেই অনুশীলন! অভিবাসনের পর্ব সেরে স্টেডিয়াম সংলগ্ন হোটেলে ঢুকতেই প্রায় সাড়ে পাঁচটা বেজে গিয়েছে। ঘণ্টা দেড়েকের একটু বেশি সময় হোটেলে কাটিয়েই কেন অনুশীলনের সিদ্ধান্ত? স্পষ্ট হল কিছুক্ষণের মধ্যেই। সাড়ে সাতটা নাগাদ একটি কনভয় এসে দাঁড়াল যুবভারতীর ট্রেনিং গ্রাউন্ড ২–এর সামনে। দুটি গাড়িতে ভাগ করে উরুগুয়ের ফুটবলার ও সাপোর্ট স্টাফরা ছিলেন। বল পায়ে নয়। আধ ঘণ্টা শুধু গা ঘামালেন উরুগুয়ের তিন ফুটবলার। মার্টিন সাত্রিয়ানো, ম্যাথিয়াস অলিভিয়েরা এবং ফাকুন্দো পেলিস্ত্রি। উরুগুয়ের কন্ডিশানিং কোচ সান্তিয়াগো ফেরোর তত্ত্বাবধানেই চলল ফিজিক্যাল ট্রেনিং। তার ফাঁকে বাকি দুই সাপোর্ট স্টাফ গোটা মাঠ ঘুরে দেখলেন। বোঝা গেল মাঠের অবস্থা খতিয়ে দেখতেই এদিন ট্রেনিং গ্রাউন্ডে তড়িঘড়ি ছুটে এসেছিল উরুগুয়ে দল। বৃহস্পতিবার থেকে এই মাঠেই পুরোদমে অনুশীলনে নামবেন দিয়েগো ফোরলানের ফুটবলাররা।

৬ জনের জন্য যা নিরাপত্তা দেখা গেল, তা রীতিমতো তাক লাগিয়ে দেয়। ট্রেনিং গ্রাউন্ড ঘিরে অন্তত ৩০–৪০ জন নিরাপত্তারক্ষী। কনভয় ঢোকার আগেই ত্রিস্তরীয় ব্যারিকেডে ঘিরে ফেলা হল প্রবেশ পথ। ব্যবস্থাপনা খতিয়ে দেখতে হাজির হন ফেডারেশনের ফুটবল ডিরেক্টর সুব্রত পাল। মাত্র ৬ জনের জন্য এত কড়াকড়ি কেন? কর্তব্যরত এক পুলিশ অফিসারের কথায়, 'লিওনেল মেসি যুবভারতীতে যে বিড়ম্বনার মুখে পড়েছিলেন তারপর প্রশাসন নিরাপত্তায় কোনও ফাঁক রাখতে নারাজ। সংখ্যাটা ৬ হোক বা ৬০, উরুগুয়ে ও ব্রাজিল দল যাতে কোনওরকম সমস্যার মুখোমুখি না হয় তা দেখাই আমাদের কাছে এই মুহূর্তে সবচেয়ে বড় চ্যালেঞ্জ।'

ভিনিদের ভিডিও দেখে প্রস্তুতি আনোয়ারদের

অরিত্র বসু

নিউটাউনের এক জনমানবহীন এলাকা। নতুন রাস্তা নির্মাণের কাজ চলছে পুরোদস্তুরে। পাঁচিলের গা ঘেঁষে অল্প কিছু মানুষের জমায়েত। কৌতূহলের উৎসস্থল ওপ্রান্তের সবুজ মাঠের সৈনিকরা, যাঁরা ৩ অক্টোবর ঐতিহাসিক ম্যাচে ব্রাজিলের মুখোমুখি হতে চলেছেন। বুধবার বিকেল থেকে ভারতীয় ফুটবলারদের এক ফালি দেখবেন বলে পাঁচিলের ধারে ধারে ঘুরে বেড়াচ্ছেন রাজারহাটের সামাদ বক্স। পেশায় গিগ ওয়ার্কার। যে ইনস্ট্যান্ট ডেলিভারি সংস্থার হয়ে কর্মরত, তাদের টিশার্ট পরে বিকেল থেকে ঠায় দাঁড়িয়ে রইলেন। পুলিশ একাধিকবার বাকিদের মতো তাঁকেও সরিয়েছে। তবু রায়ান উইলিয়ামস, মনবীর সিং, আনোয়ার আলিদের প্র্যাকটিস শেষ না হওয়া পর্যন্ত হাল ছাড়েননি। বলছিলেন, 'আজ আর আয় হল না।'

কোচ খালিদ জামিলের তত্ত্বাবধানে প্রায় পৌনে দু'ঘণ্টা রাজারহাটের ন্যাশনাল সেন্টার অফ এক্সেলেন্সে বুধবার অনুশীলন করল ভারতীয় দল। অনুশীলনের যা ছবি, তাতে ব্রাজিল ম্যাচে ভারতীয় একাদশে পরিবর্তনের সম্ভাবনা কম। পানামার বিরুদ্ধে যে দল নিয়ে বিশ্বের ৪৪ নম্বর দলকে রুখে দিয়েছেন আনোয়াররা, ৩ তারিখ যুবভারতীতে সেই দলেই আস্থা রাখতে পারেন কোচ খালিদ।

ব্রাজিলের সাম্প্রতিক ম্যাচগুলির ভিডিও ফুটেজ দেখে বিপক্ষের শক্তি–দুর্বলতা খুঁজে বের করার চেষ্টা করছে ভারত। দলের গুরুত্বপূর্ণ ফুটবলার বাংলার রহিম আলি বলছিলেন, 'কোচ আমাদের ব্রাজিলের সাম্প্রতিক ম্যাচগুলোর ভিডিও দেখাচ্ছেন। প্রতিপক্ষের খেলার পরিকল্পনা আর কৌশল আগে থেকে জেনে নেওয়াটা অত্যন্ত জরুরি।'

ঐতিহাসিক এই ম্যাচে হারার আগে কোনওভাবেই হারতে রাজি নন রহিম। তাঁর কথায়, 'পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন দলের বিরুদ্ধে খেলব। ম্যাচটা খুব কঠিন হবে। তবে, মাঠে নামলে লড়াইটা এগারো বনাম এগারোর। তখন সবাইকে নিজের ২০০ শতাংশ উজাড় করে দিতে হবে। পানামাও তো র‍্যাঙ্কিংয়ে অনেক এগিয়ে ছিল, কিন্তু মাঠে র‍্যাঙ্কিং কোনও প্রভাব ফেলে না।' এদিকে, শেষমুহূর্তের প্রস্তুতি নিয়ে পর্যালোচনা করতে এদিন সন্ধ্যায় নেতাজি ইনডোর স্টেডিয়ামে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠক করেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ ও এআইএফএফ সভাপতি কল্যাণ চৌবে।

প্রিন্স-মহারাজ ম্যাচ

সৌরভ গাঙ্গুলির কাছে বাকিংহাম প্যালেস থেকে প্রদর্শনী ক্রিকেট ম্যাচ খেলার আমন্ত্রণ এসেছে। সূত্রের খবর, বাইশ গজে ব্রিটিশ রাজপরিবারের সর্বোচ্চ সদস্য প্রিন্স উইলিয়ামের সঙ্গে বাংলার মহারাজকে খেলতে দেখা যেতে পারে। শোনা যাচ্ছে, বাকিংহাম প্যালেসের বাইরে হতে চলা এই প্রদর্শনী ম্যাচে সৌরভ ছাড়াও কিংবদন্তি ব্রায়ান লারা খেলতে পারেন।

S24 PAGS	145
N24 PAGS	145
RANAGHAT	145
ARAMBAGH	144
BURDWAN	143
BOLPUR	143
MIDNAPUR	143
BANKURA	143
SILIGURI	146
MALDA / BALURGHAT	146
FALAKATA	148
ALIPURDUAR	148

CONTACT-80160 91101

কিচলুর এবার লক্ষ্য কেপ ভার্দে

দেবাশিস দত্ত

ধরে নিতে হবে পুজোর আগে মাদ্রিদের 'বেস্ট অফ ইউ' কোম্পানির তরফ থেকে বঙ্গবাসীকে ব্রাজিল ও উরুগুয়ের খেলা দেখার সুযোগ করে দেওয়াই আসলে এক শারদ উপহার। শোনা যাচ্ছিল, অনুজ কিচলু নাকি এই দুটি দলকে আমন্ত্রণ জানিয়ে নিয়ে আসছেন। বুধবার দুপুরে সরাসরি কিচলুই বললেন, 'আমি অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের কেউ নই। আমি মাদ্রিদের বেস্ট অফ ইউ কোম্পানির হয়ে এজেন্টের কাজ করি। কলকাতা ও মুম্বইয়ে অহরহ যাতায়াত করি। এর ফলেই কলকাতার ফুটবলপ্রেমের সঙ্গে পরিচয়। তাই মনে হয়েছে ব্রাজিল এবং উরুগুয়ের খেলা দেখে কলকাতাবাসী আনন্দ পাবে। এটাও জানি, পায়ের স্কিল দেখে মজা পাওয়ার জন্য মুখিয়ে আছে কলকাতা। নেহরু কাপে উরুগুয়ে মাতিয়ে দিয়েছিল এই শহরকে। কলকাতার লোকেদের ব্রাজিলপ্রেম জানে গোটা ভারত। তাই ব্রাজিলের সঙ্গে যোগাযোগের সময় আমরা শুধুই কলকাতার হয়ে প্রচার করেছিলাম।'

আপনাদের পরবর্তী টার্গেট কোন দেশ? মানে, এরপর ভারতে আমন্ত্রণ জানিয়ে নিয়ে আসবেন কোন দেশকে? আর্জেন্টিনা? কিচলু বললেন, 'না না, আর্জেন্টিনার কথা অদূর ভবিষ্যতে আমরা ভাবছি না।' তা হলে কি ভোজিনিয়ার কেপ ভার্দে? এবারে হাসতে হাসতে উত্তর দিলেন, 'বছরে অন্তত একটা বিদেশি দলকে ভারতে নিয়ে আসতে চাই। মুশকিল হচ্ছে, আমরা চাইলেই সবাইকে আনতে পারি না। একটা প্রেক্ষিত থাকে। যে কোনও দেশকে আমন্ত্রণ জানানোর আগে ভাবতে হয়, সংশ্লিষ্ট দেশের ভারতে আসার আগ্রহ আছে কি না। কেপ ভার্দে ভাল দল। যেসব দেশকে নিয়ে আসার ভাবনা রয়েছে, তাতে কেপ ভার্দেও আছে।'

আবার ফেরালাম তাঁকে ব্রাজিল ও উরুগুয়ে ম্যাচে। বললেন, 'কলকাতা ঘুরে দেখানোর একটা পরিকল্পনা ছিল। কিন্তু দুটো দলের ফুটবলাররাই নিজেদের শক্তি ক্ষয় করতে নারাজ। আসলে ভারত সফরের শেষেই এরা সবাই বিভিন্ন ক্লাব দলের হয়ে খেলতে শুরু করবে। তাই এবারের এই ভারত সফরটা আসলে অনুশীলনের মঞ্চও বটে। কঠোর অনুশাসনের মধ্যে থাকতে হয় এই পেশাদার ফুটবলারদের।'

ভারত থেকে ফিরে গিয়ে ১৯৭৭ সালে ফুটবলসম্রাট পেলে বৃষ্টিভেজা ইডেন গার্ডেন্সকে 'মাডি গ্রাউন্ড' চিহ্নিত করেছিলেন। গর্বের কলকাতার পক্ষে মোটেই যা সুখের স্মৃতি নয়। এবার কিন্তু কলকাতা ম্যাচের উদ্যোক্তারা কোমর কষে আসরে নেমেছেন, যাতে কোনও সমস্যা না হয়। ফিফা ফ্রেন্ডলি ম্যাচ, তাই উজবেকিস্তানের রেফারি দিয়ে ম্যাচ পরিচালনার কথা ভাবা হয়েছে।